

## দুই সমবায় জয়

পূর্ব মেদিনীপুরের খেজুরি-১ ব্লকের অড়াবাগা সমবায় কৃষি উন্নয়ন সমিতির পরিচালকমণ্ডলীর সদস্য নির্বাচনে ১২ টি আসনেই জয়। ডেবরার ব্রাহ্মণশাসন সমবায় কৃষি উন্নয়ন সমিতির ভোটে ছ'টিতেই জয়ী তৃণমূল



বর্ষ - ২১, সংখ্যা ২০০ • ১৫ ডিসেম্বর, ২০২৫ • ২৮ অগ্রহায়ণ ১৪৩২ • সোমবার • দাম - ৪ টাকা • ১৬ পাতা • Vol. 21, Issue - 200 • JAGO BANGLA • MONDAY • 15 DECEMBER, 2025 • 16 Pages • Rs-4 • RNI NO. WBBEN/2004/14087 • KOLKATA

# জাগোবাংলা

মা মাটি মানুষের পক্ষে সওয়াল

e-paper : [www.epaper.jagobangla.in](http://www.epaper.jagobangla.in)

f /DigitalJagoBangla

📺 /jagobangladigital

📱 /jago\_bangla

🌐 [www.jagobangla.in](http://www.jagobangla.in)

জানুয়ারি থেকে বাঘ শুমার গরুমারায় বসছে ক্যামেরা



বিজেপির ওড়িশার কেন্দ্রপাড়া স্কুলে শিক্ষকের বকুনিতে পড়ুয়ার বন্দুক



# যুবভারতীতে তদন্ত কমিটি

প্রতিবেদন : বেসরকারি সংস্থার গাফিলতিতে যুবভারতীতে লিওনেল মেসির শোয়ে বিশৃঙ্খলা! মেসি-ভক্তদের আবেগী স্কোভের আঙুলে লন্ডভন্ড ঐতিহ্যবাহী স্টেডিয়াম। শনিবারের বিশৃঙ্খলার তদন্তে বিশেষ কমিটি গড়ে দিয়েছেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। রবিবার সকালে অবসরপ্রাপ্ত বিচারপতি অসীমকুমার রায়ের নেতৃত্বাধীন সেই তদন্ত কমিটি যুবভারতী স্টেডিয়ামের পরিস্থিতি খতিয়ে দেখল। ক্রীড়াঙ্গনের ভিতরে ভিডিওগ্রাফি করেন তদন্ত কমিটির সদস্যরা। যুবভারতী কর্তৃপক্ষের সঙ্গে কথা বলেন তাঁরা। ছিলেন রাজ্যের মুখ্যসচিব মনোজ পন্থ, স্বরাষ্ট্রসচিব নন্দিনী চক্রবর্তী, ক্রীড়াসচিব রাজেশ সিনহা প্রমুখ।

স্টেডিয়াম পরিদর্শন শেষে সাংবাদিকদের মুখোমুখি হয়ে বিচারপতি (অবসরপ্রাপ্ত) অসীমকুমার রায় জানান, তদন্ত শুরু হয়ে গিয়েছে। আমরা গতকাল রাতেও আলোচনায় বসেছিলাম।



■ যুবভারতীতে তদন্ত কমিটির চার সদস্য। রয়েছেন অসীম রায়, মনোজ পন্থ, নন্দিনী চক্রবর্তী, রাজেশ সিনহা।

## শতদ্রুর ১৪ দিনের পুলিশ হেফাজতের নির্দেশ কোর্টের

প্রতিবেদন : যুবভারতী-কাণ্ডে ১৪ দিনের পুলিশ হেফাজত আয়োজক শতদ্রু দত্তের। শনিবারই 'গোট কনসার্ট' অনুষ্ঠানের মূল উদ্যোক্তা শতদ্রুকে গ্রেফতার করেছে পুলিশ। রবিবার তাঁকে বিধাননগর



আদালতে তোলা হয়। শুনানি শেষে বিচারক ধৃতকে ১৪ দিনের পুলিশ হেফাজতে পাঠানোর নির্দেশ দিয়েছেন।

যুবভারতী স্টেডিয়ামে 'গোট কনসার্ট' অনুষ্ঠানে চূড়ান্ত অব্যবস্থা আর গাফিলতি বেসরকারি সংস্থার। মোটা অঙ্কের টিকিট কেটেও স্বপ্নের নায়ককে একঝলকও ঠিকমতো দেখতে (এরপর ১২ পাতায়)

## দিনের কবিতা

'জাগোবাংলা'য় শুরু হয়েছে নতুন সিরিজ— 'দিনের কবিতা'। মমতা বন্দ্যোপাধ্যায়ের কবিতাবিভাগ থেকে একেদিন এক-একটি কবিতা নির্বাচন করে ছাপা হবে দিনের কবিতা। সমকালীন দিনে যার জন্ম, চিরদিনের জন্য যার যাত্রা, তাই আমাদের দিনের কবিতা।




## অত্যাশা প্রত্যাশা

অতৃপ্ত আত্মার অতৃপ্ত প্রত্যাশা থেমে থাকে না, শুধু চায় শুধু চায় সীমারেখাও তারা মানে না। প্রত্যাশার একটা মাত্রা থাকে শুধু চাওয়ার নয়কো জীবন, অল্পেই যারা সমুদ্র হয় তারা কর্মে আপন। প্রত্যাশার আর এক নাম কর্ম দর্শন কু-প্রত্যাশা আত্মবিশ্বাসের চরম বিপর্যয়, অতিমারির মতো অত্যাশা লোভে ঢাকা সর্বনাশ। অধিকারটুকু ছিনিয়ে নাও, দাঁড়িপাল্লায় মেপে নাও। শুভ প্রত্যাশা আনে নতুন প্রত্যবে কু-প্রত্যাশা জ্বালে না আলো, প্রত্যাশা মানে নয় কুৎসা-আনো উৎসারিত আলো।।

## বিজনেস কনক্রেভে ৮ শিল্পে গুরুত্ব

প্রতিবেদন : রাজ্যে শিল্প ও বিনিয়োগের প্রসারে ১৮ ডিসেম্বর শুরু হচ্ছে 'বিজনেস অ্যান্ড ইনভাস্টি কনক্রেভ'। কলকাতার ধনধান্য প্রেক্ষাগৃহে এই কনক্রেভে বিশেষভাবে গুরুত্ব দেওয়া হবে আটটি শিল্পক্ষেত্রে। ক্ষেত্রগুলি হল মণি-রত্ন, খাদ্য প্রক্রিয়াকরণ, তথ্যপ্রযুক্তি, কৃত্রিম বুদ্ধিমত্তা, সেমিকন্ডাক্টর, পর্যটন, বস্ত্রশিল্প এবং ইস্পাতশিল্প। পাশাপাশি চর্মশিল্প, চিকিৎসা এবং ওষুধ সংক্রান্ত শিল্পগুলিকেও যথেষ্ট গুরুত্ব দিচ্ছে রাজ্য সরকার। মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় কনক্রেভের প্রাথমিক



পর্যায়ের শিল্প মানচিত্রে পশ্চিমবঙ্গের অবস্থান, বিনিয়োগের সম্ভাবনা এবং সাম্প্রতিক অগ্রগতির চিত্র সকলের সামনে তুলে ধরবেন। শিল্প প্রতিষ্ঠার ক্ষেত্রে রাজ্য সরকার কীভাবে সহযোগিতা করেছে, সেই অভিজ্ঞতার কথা তুলে ধরবেন হর্ষ নেওটিয়া, সঞ্জীব গোয়েঙ্কা, রুদ্র চট্টোপাধ্যায়, সঞ্জয় বুধিয়া, উমেশ চৌধুরীর মতো শিল্পপতিরা। শুক্রবার নবান্নে এই কনক্রেভের চূড়ান্ত প্রস্তুতি বৈঠক অনুষ্ঠিত হয়। ওই বৈঠকে উপস্থিত ছিলেন রাজ্যের মুখ্যসচিব মনোজ পন্থ, মুখ্যমন্ত্রীর মুখ্য প্রধান (এরপর ১২ পাতায়)

## সার-আতঙ্কে নদিয়ায় মৃত্যু হল প্রৌঢ়ের

প্রতিবেদন : আবার এসআইআর আতঙ্কে মৃত্যু। এবার রানাঘাটের নোকারি অঞ্চলে। এসআইআর আতঙ্কের জেরে মৃত্যু হল এক প্রৌঢ়ের। নাম সুশান্ত বিশ্বাস, বয়স ষাটের কাছাকাছি। এই নিয়ে এসআইআর আতঙ্কে মারা গেলেন



ধরেই এসআইআর তালিকায় নাম না থাকা নিয়ে দৃশ্টিভ্রান্ত ছিলেন।

সব মিলিয়ে ৪৪ জন। পরিবার সূত্রে জানা গিয়েছে, বেশ কিছুদিন

মাঝে মাঝেই বলতেন, হয়তো দেশ ছাড়তে হবে, নাহলে ডিটেনশন ক্যাম্পে পাঠানো হবে। এই উদ্বেগ থেকেই গতকাল রাত থেকে বুকে ব্যথা শুরু হয়। আজ হৃদরোগে আক্রান্ত হয়ে মারা যান। পরিবারের পাশে রয়েছে তৃণমূল কংগ্রেস।

## উসকানি-চক্রান্ত উড়িয়ে দেওয়া যাচ্ছে না

প্রতিবেদন : হায়দরাবাদ-মুম্বই পেরেছে, কলকাতা পারেনি। কেন পারেনি? কলকাতার এই 'না পারার' নেপথ্যে কি কোনও বৃহত্তর রাজনৈতিক চক্রান্ত রয়েছে? কলকাতার 'গোট কনসার্ট' ভণ্ডুল করে হায়দরাবাদ-মুম্বইয়ের শো সুপারহিট করার পিছনে বাংলাকে বারবার বদনাম করা সেই দিল্লির চক্রান্তকারীদের হাত নেই তো? তদন্ত কমিটির কাছে এই দৃষ্টিকোণও খতিয়ে দেখার অনুরোধ জানানেন তৃণমূল রাজ্য সাধারণ সম্পাদক তথা মুখপাত্র কুণাল ঘোষ। সাংবাদিকদের মুখোমুখি হয়ে তিনি বলেন, বেসরকারি আয়োজকদের তরফে ভুল। কিন্তু একইসঙ্গে এর পেছনে একটা বৃহত্তর রাজনীতিজনিত সুতোয় টানা চক্রান্ত আছে কি না সেটাও দেখা দরকার। আমি অনুরোধ করব এই অ্যাসপেক্টটাও যেন দেখা হয় যে, এই বেসরকারি আয়োজক সংস্থাকে মিসইউজ করে অন্য জায়গা (এরপর ১২ পাতায়)



## সেই সেলফি, মাঠে তারকারা, কুৎসা শুধু বাংলাকে



■ মহারাষ্ট্র মুখ্যমন্ত্রীর স্ত্রী অমৃতা ফড়নবিশ। ঘুরে ঘুরে তুললেন মেসির সঙ্গে সেলফি। বাদ গেলেন না অজয় দেবগনও

প্রতিবেদন : মুম্বইয়ে মেসি। সেই সেলফির জন্য ছটোপাটি, ফিল্মি তারকাদের এনে পরপর ছবি তোলার হিড়িক। কিন্তু কুৎসার সময় বাংলা। গোদি মিডিয়ায় দৌলতে এখন সামাজিক মাধ্যম থেকে সংবাদমাধ্যম— অধিকাংশই অভ্যস্ত বিজেপির লেজুড়বৃত্তিতে। মাঠে মেসি। তার মাঝেই দেখা গেল মহারাষ্ট্রের মুখ্যমন্ত্রীর স্ত্রী তাঁর পাশে ঘুরঘুর করছেন। কারণ কী? তিনি যে মুখ্যমন্ত্রীর স্ত্রী। তাই আর কারও সুযোগ হোক বা না হোক, (এরপর ১২ পাতায়)



## তারিখ অভিধান

১৯২৯

নজরুলের সংবর্ধনা।  
কলকাতার অ্যালবার্ট

হলে এদিন কাজী নজরুল ইসলামকে জাতীয় সংবর্ধনা দেওয়া হয়। উদ্যোক্তা ‘সওগাত’ পত্রিকার সম্পাদক-সহ বিশিষ্টজনেরা। এদিনের সভায় সভাপতিত্ব করেন আচার্য প্রফুল্লচন্দ্র রায়, প্রধান অতিথি ছিলেন সুভাষচন্দ্র বসু।



১৯৬৬ ওয়াল্টার ডিজনি

(১৯০১-১৯৬৬) এদিন প্রয়াত হন। তাঁকে মানুষ চেনেন দুর্দান্ত একজন অ্যানিমেটর হিসেবে, মিকি মাউস-এর সৃষ্টা হিসেবে, প্রায় দু'ডজন অস্কার জিতে নেওয়া পরিচালক-প্রযোজক হিসেবে। আরও এক ধাপ এগোলে, ডিজনিলাভ-এর মতো অসাধারণ ‘থিম পার্ক’-এর মাস্টারমাইন্ড হিসেবে, বা ওয়াল্ট ডিজনি কোম্পানির প্রাণপুরুষ হিসেবে। ডিজনির চলার পথে বাধাবিঘ্ন কম ছিল না। বাবা-মা'র উদ্বেগ, কাজ খোঁজার, রোজগারের চাপ মাথায়। এই খবরের কাগজে ক্যারিকচার বা কমিক্স আঁকছেন, এই অমুক স্টুডিওয় অ্যাড ম্যান হিসেবে কাজ করছেন। কিন্তু ওই যে, স্বপ্ন আর দূরদৃষ্টি ছিল। আরও ছিল আনন্দ। আসলে জীবন খুঁড়ে খুঁজে নেওয়া এই আনন্দটাই ওঁকে পরে ওঁর লক্ষ্য গড়ে দিয়েছিল। অন্যকে আনন্দ দেওয়া, অন্যের জীবনে আনন্দের উৎস তৈরি করে দেওয়াও যে একটা ভরপুর কাজ হতে পারে, ডিজনিই তা দেখিয়েছিলেন।



২০২০ সুধীর চক্রবর্তী

(১৯৩৪-২০২০) এদিন প্রয়াত হন। একদা নিজের পরিচয় দিতেন ‘কৃষ্ণকলি’ বলে। যাঁদের বাড়ি একই সঙ্গে কৃষ্ণনগর ও কলকাতা, তাঁরাই ‘কৃষ্ণকলি’। বলতে গেলে তিনি সারা জীবন কৃষ্ণনগরেই কাটিয়েছেন। লোকজীবন ও সংস্কৃতি সম্পর্কে আগ্রহ ছিল অনিশ্চেষ্ট। তাঁর মধ্যে গবেষকের রুক্ষতা কিংবা বিজ্ঞের শুষ্কতা ছিল না। ছিল সহজ সৃষ্টিত আলাপন, মধ্যে মধ্যে বৈদম্ব্যের হঠাৎ-আলোর ঝলকানি। আশ্রয় আর প্রশ্রয় হয়ে দাঁড়িয়ে থাকা এক মহাবৃক্ষ ছিলেন সুধীর চক্রবর্তী। ‘বাউল ফকির কথা’র জন্য পেয়েছেন আনন্দ পুরস্কার ও সাহিত্য অকাদেমি পুরস্কার।



১৯৫০ সর্দার বল্লভভাই প্যাটেল

(১৮৭৫-১৯৫০) এদিন প্রয়াত হন। ভারতের প্রথম উপপ্রধানমন্ত্রী। দৃঢ়চেতা ব্যক্তিত্ব ও কঠোর সিদ্ধান্ত গ্রহণের ক্ষমতার কারণে তাঁকে ‘লৌহমানব’ বলা হত।

২০০০ গৌরকিশোর ঘোষ

(১৯২৩-২০০০) এদিন প্রয়াত হন। প্রথিতযশা বাঙালি সাংবাদিক ও সাহিত্যিক। তিনি রূপদর্শী ছদ্মনামে গল্প ও উপন্যাসও রচনা করেছেন। স্বাধীনচেতা সাংবাদিক গৌরকিশোর ১৯৭৫ সালের ‘মিসা’ অর্থাৎ অভ্যন্তরীণ জন-নিরাপত্তা আইনে গ্রেফতার হন। প্রেসিডেন্সি জেলে তাঁকে বন্দি রাখা হয়। সাংবাদিকদের অধিকার ও মত প্রকাশের স্বাধীনতা রক্ষার জন্য বহু নির্যাতন সহ্য করেও নিরন্তর সংগ্রামে ব্রতী ছিলেন। তাঁর লেখা গ্রন্থগুলির মধ্যে আছে ‘প্রেম নেই’, ‘সাগিনা মাহাতো’, ‘জল পড়ে পাতা নড়ে’, ‘আমাকে বলতে দাও’ ইত্যাদি। তপন সিংহ তাঁর ‘সাগিনা মাহাতো’র চলচ্চিত্রায়ণ করেন।



১৯০০ সতীশচন্দ্র সামন্ত

(১৯০০-১৯৮৩) এদিন জন্মগ্রহণ করেন। ১৯৪২ সালের ১৭ ডিসেম্বর তাম্রলিপ্ত জাতীয় সরকার প্রতিষ্ঠা হলে সরকারের প্রথম সবাধিনায়ক হন সতীশচন্দ্র সামন্ত। আন্দোলনকারীদের গোপন মুখপত্র ‘বিপ্লবী’তে এই জাতীয় সরকার প্রতিষ্ঠার কথা ঘোষণা করে জাতীয় সরকারের উদ্দেশ্য জানানো হয়। সতীশচন্দ্র সামন্ত গ্রেফতার হওয়ার পর জাতীয় সরকারের সবাধিনায়ক হন অজয়কুমার মুখোপাধ্যায়। স্বাধীনতার পর তমলুক কেন্দ্রে থেকে ১৯৫২, ১৯৫৭, ১৯৬২, ১৯৬৭ ও ১৯৭১ সালে সাংসদ নির্বাচিত হন।



২০১১

ইরাক যুদ্ধের অবসান হল এদিন।

আমেরিকা ঘোষণা করল, তাদের ইরাক অভিযান সমাপ্ত হয়েছে। ২০০১-এর মার্চ এপ্রিল থেকে ব্রিটেন ও আমেরিকার যৌথ সামরিক অভিযানের মুখে পড়েছিল ইরাক। প্রেসিডেন্ট ওবামা এবছরের অক্টোবরে সেনা প্রত্যাহারের কথা ঘোষণা করেন। সেই মতো এদিন বাগদাদে একটি অনুষ্ঠানের মাধ্যমে ৩৯ হাজার মার্কিন সেনা প্রত্যাহার করা শুরু হয়।



৩৭ রোমের সম্রাট নিরো (৩৭-৬৮) এদিন

জন্মগ্রহণ করেন। পুরো নাম নিরো ক্লডিয়াস সিজার অগাস্টাস জারমানিকাস। বেলেগ্লাননা ও অমিতাচারের জন্য কুখ্যাত। তবে এই কুখ্যাতির সমর্থনে ঐতিহাসিক নথি খুব একটা পাওয়া যায়নি। জনশ্রুতি, রোম যখন পুড়ছিল নিরো তখন সেসবের প্রতি উদাসীন হয়ে বেহালাবাদনে মগ্ন ছিলেন।



## নজরকাড়া ইনস্টা



■ কাজল



■ ইমন



■ খাতাবরী

## কর্মসূচি



■ রবিবার মেদিনীপুর শহরে বিদ্যাসাগর সেন্ট্রাল কো-অপারেটিভ ব্যাঙ্ক এমপ্লয়িজ ইউনিয়নের সপ্তম দ্বিবার্ষিক সম্মেলনে উপস্থিত বিধায়ক সুজয় হাজরা, ঘাটাল ও মেদিনীপুর সাংগঠনিক জেলা আইএনটিটিইউসি সভাপতি সনাতন বেরা ও গোপাল খাটুয়া, কাঁথি সাংগঠনিক জেলা শ্রমিক ইউনিয়নের সভাপতি, সম্পাদক-সহ অন্যরা।

■ তৃণমূল কংগ্রেস পরিবারের সহকর্মীদের প্রতি : আপনার এলাকায় কোনও কর্মসূচি থাকলে তা আগাম জানান। এবং কর্মসূচি পালনের পর ছবি-সহ প্রতিবেদন পাঠান।

ই মেল : [jagabangla@gmail.com](mailto:jagabangla@gmail.com)  
[editorial@jagobangla.in](mailto:editorial@jagobangla.in)

## শব্দবাংলা-১৫৮৫

			১		২		৩
	৪						
৫							
				৬			
			৭				
					৮		
৯							

পাশাপাশি : ১. অল্প কয়েকটা ৪. পশ্চাৎপদ ৫. অপকার, ক্ষতি ৬. নিষ্ঠুরের থাকে না ৮. খোশামোদ ৯. রামাঘর, হৈশেল।

উপর-নিচ : ১. দুই গ্লাস ২. চাকরিজীবী ৩. প্রতিযোগিতায় সকলকে ছাড়িয়ে যাওয়া ৫. কথ্যে বৃহস্পতিবার ৬. শিবের ভক্ত বা উপাসক ৭. কল্যাণ, মঙ্গল।

■ শুভজ্যোতি রায়

সমাধান ১৫৮৪ : পাশাপাশি : ১. চৈতালি ৪. খণ্ডকপাল ৬. পদ্মন ৭. তেলকই ৯. নজদিক ১২. অশ্বিনী ১৩. সভ্যসমাজ ১৪. রন্ধন। উপর-নিচ : ১. চৈত্রপবন ২. লিখন ৩. একহাতে ৫. লগ্নক ৮. ইদানীন্তন ১০. জলুস ১১. কইসর ১২. অজর।

সম্পাদক : শোভনদেব চট্টোপাধ্যায়

● সর্বভারতীয় তৃণমূল কংগ্রেসের পক্ষে ডেরেক ও'ব্রায়েন কর্তৃক তৃণমূল ভবন, ৩৬জি, তপসিয়া রোড, কলকাতা ৭০০ ১০০ থেকে প্রকাশিত ও প্রতিদিন প্রকাশনী প্রাইভেট লিমিটেড, ২০ প্রফুল্ল সরকার স্ট্রিট, কলকাতা ৭০০ ০৭২ থেকে মুদ্রিত।  
সিটি অফিস : ২৩৪/৩এ, এজেসি বোস রোড, পঞ্চম তল, কলকাতা ৭০০ ০২০

Editor : SOBHANDEB CHATTOPADHYAY

Owned by ALL INDIA TRINAMOL CONGRESS, Published by Derek O'Brien from Trinamool Bhavan, 36G Topsia Road, Kolkata 700 100 and Printed by the same from Pratidin Prakashani Pvt. Ltd., 20 Prafulla Sarkar Street, Kolkata 700 072

Regd. No. WBBEN/2004/14087

● Postal No. Kol RMS/352/2012-2014 DL. No. 15 dt 19/7/21  
City Office : 234/3A, A. J. C Bose Road, 4Th Floor, Kolkata 700 020



## আইএসআই দখল করতে চায় বিজেপি কেন্দ্রের বিলের প্রতিবাদে সরব গণমঞ্চ

প্রতিবেদন : চরম সংকটের মুখে ইন্ডিয়ান স্ট্যাটিস্টিক্যাল ইনস্টিটিউট (আইএসআই)। ১৯৫৯ সালের আইন বাতিল করে আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন গবেষণা কেন্দ্র আইএসআইকে ধ্বংস করতে চাইছে কেন্দ্রের বিজেপি সরকার। স্বাধিকার কেড়ে নিয়ে সংস্থার মানের অবনতি ঘটাতে বদ্ধপরিকর মোদি সরকার। রাজ্য সরকারের সোসাইটি আইনের অধীনস্থ আইএসআই-কে সরাসরি কেন্দ্রের মনোনীত অনিবাচিত আমলার হাতে তুলে দিতে আনা হয়েছে নয়া বিল। কেন্দ্রের সেই গাজোয়ারি বিলের তীর বিরোধিতা করে প্রশান্তচন্দ্র মহলানবিশের হাতে তৈরি প্রতিষ্ঠানকে রক্ষা করতে আইএসআই-এর কর্মী, অধ্যাপক, গবেষকদের লড়াইকে সংহতি জানাল দেশবাঁচাও গণমঞ্চ। রবিবার কলকাতা প্রেস ক্লাবে রাজ্যের প্রাক্তন মন্ত্রী পূর্ণেন্দু বসুর নেতৃত্বে সাংবাদিক সম্মেলন করে বিজেপি সরকারের বিরুদ্ধে ক্ষোভ উগরে দেয় গণমঞ্চ। সংগঠনের বক্তব্য, আইএসআইকে আইআইটি এবং আইআইএম-এর মতো বানাতে চাইছে কেন্দ্রীয় সরকার। মাধ্যম বসবে নাগপুর শংসাপত্র পাওয়া আমলা আর পরিচালনামণ্ডলী হবে অনিবাচিত! আইএসআই সরকারি টাকার বাজে খরচ করে না। করে



■ ইন্ডিয়ান স্ট্যাটিস্টিক্যাল ইনস্টিটিউট সংক্রান্ত বিলের প্রতিবাদে দেশ বাঁচাও গণমঞ্চের সাংবাদিক সম্মেলনে বক্তা প্রাক্তন মন্ত্রী পূর্ণেন্দু বসু। আছেন অন্যান্য নেতৃত্ব। রবিবার।

মেধাবীদের বিনা পয়সায় পড়াতে, তাঁদের স্কলারশিপ দিতে! কিন্তু বিজেপি এখন ছাত্রদের ভর্তির আসন বিক্রি করতে চায়! ছাত্রদের টাকায় আর পুকুর-জমি বিক্রি করে আদানি বা দীনদয়াল উপাধ্যায়ের মূর্তি বসিয়ে রবীন্দ্রনাথ

আর মহলানবিশের মূর্তি ঢাকতে চায়।

এদিনের সাংবাদিক সম্মেলনে পূর্ণেন্দু বসু বলেন, বিজেপির টার্গেট বাংলা। বাংলাকে বঞ্চিত করা আর এই রাজ্য থেকে সব কেন্দ্রীয় সংস্থার হেড কোয়ার্টার সরিয়ে

নিয়ে যাওয়া এখন ওদের নীতি। তাঁদের নয়া বিল আইএসআই কলকাতার স্ট্যাটাসকে নস্যাত করেছে। অন্যান্য রাজ্যের আইএসআই শাখাগুলিকেও দুর্বল করে শেষ পর্যন্ত সংস্থাটির হত্যা করাই ওদের মূল উদ্দেশ্য! স্বশাসিত সংস্থা হলেও জওহরলাল নেহরুর দূরদর্শিতার জন্য আজও আইএসআই রাজ্য সরকারের সোসাইটি আইনের অধীনস্থ। সরকারিভাবে এর দখল নেওয়ায় অসুবিধা ছিল। তাই ১৯৫৯ সালে তৈরি আইন বাতিল করে স্বনামধন্য প্রতিষ্ঠানের ধ্বংসসাধনে কেন্দ্রীয় সরকার আইএসআই সংশোধনী বিল এনেছে। দেশবাঁচাও গণমঞ্চ এর তীর প্রতিবাদ করছে। এদিন পূর্ণেন্দু বসুর নেতৃত্বে সাংবাদিক বৈঠকে দেশবাঁচাও গণমঞ্চ ও আইএসআই-এর তরফে উপস্থিত ছিলেন অধ্যাপক ড. রজত কুমার দে, অনুপম বসু, অরিজিত বিষ্ণু, কুন্তল ঘোষ, শশীভূষণ শ্রীবাস্তব, অয়নেন্দ্রনাথ বসু, ড. দেবরূপ চক্রবর্তী, ড. অরুজিৎ চক্রবর্তী, রত্নদেব সেনগুপ্ত, পার্থ বন্দ্যোপাধ্যায়, সৈয়দ তানভির নাসরিন, শামিম আহমেদ, নাজমুল হক, ড. ভাস্কর চক্রবর্তী, সুশান রায়, সুমন ভট্টাচার্য, বণালি মুখোপাধ্যায়, অমিত কালি প্রমুখ।

## আবাসনে ভোটকেন্দ্র, আপত্তি জানিয়ে চিঠি অরুপের

প্রতিবেদন : আবাসনের মধ্যে ভোটকেন্দ্র করার বিরোধিতা করে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের কাছে চিঠি পাঠালেন মন্ত্রী অরুপ বিশ্বাস। সিইও মনোজ আগরওয়াল জানান, এই বিষয়ে সিদ্ধান্ত নেওয়া তাঁর এজিয়ারের মধ্যে পড়ে না। বিষয়টি নির্বাচন কমিশনের আওতাভুক্ত। সেই কারণেই মন্ত্রীর চিঠি নির্বাচন কমিশনের কাছে পাঠিয়ে দেওয়া হয়েছে। চূড়ান্ত সিদ্ধান্ত সেখান থেকেই নেওয়া হবে বলে স্পষ্ট করেছেন সিইও। এদিকে নির্বাচন কমিশন সূত্রে জানা

গিয়েছে, আগামী ২২ ডিসেম্বরের মধ্যেই রাজ্যের সমস্ত হাইরাইজ বিল্ডিং-এর তালিকা সিইও দফতরে এসে পৌঁছবে। রাজ্যের প্রতিটি জেলার জেলা নির্বাচনী আধিকারিকরা নিজেদের এলাকার হাইরাইজ আবাসনের তালিকা প্রস্তুত করে সিইও দফতরে পাঠাবেন। সেই তালিকা পাওয়ার পর তা নির্বাচন কমিশনের কাছে পাঠিয়ে দেওয়া হবে। ওই তালিকার ভিত্তিতেই নির্বাচন কমিশন সিদ্ধান্ত নেবে আসন্ন ২০২৬ সালের বিধানসভা নির্বাচনে রাজ্যের কতগুলি

হাইরাইজ আবাসনে ভোটকেন্দ্র করা হবে। ভোটারদের সুবিধা, নিরাপত্তা এবং নির্বাচনী প্রক্রিয়ার স্বচ্ছতা—সব দিক খতিয়ে দেখেই কমিশন চূড়ান্ত সিদ্ধান্ত নেবে বলে জানায়। রাজ্যের আপত্তি সত্ত্বেও নির্বাচন কমিশন জোর করে এই নির্দেশিকা পাঠিয়েছিল। আবাসনের মধ্যে ভোটকেন্দ্র করা হলে কী ধরনের সমস্যা হতে পারে, তা যুক্তি দিয়ে জানিয়েছিল রাজ্য সরকার। কিন্তু তারপরও নির্বাচন কমিশন একতরফা সিদ্ধান্ত নিচ্ছে বিজেপির অঙ্গুলিহেলনে।

## বর্ষব্যাপী রক্তদান শিবির বিধায়কের



■ বিধাননগর পুরনিগমের ২ ও ৩ নং ওয়ার্ড তৃণমূল যুব কংগ্রেসের উদ্যোগে বর্ষব্যাপী রক্তদানের অঙ্গীকার ও ২০২৬-এর ক্যালেন্ডার প্রকাশ। উপস্থিত ছিলেন শিক্ষামন্ত্রী ব্রাত্য বসু, বিধাননগরের মেয়র কৃষ্ণ চক্রবর্তী, বিধায়ক তাপস চট্টোপাধ্যায়, মেয়র পারিষদ ও কাউন্সিলাররা।

## স্বাস্থ্য সচেতনতায় জোর, ওয়াকাথনে লিয়েন্ডার

প্রতিবেদন : শীতের সকালে ওয়াকাথনে অংশ নিলেন লিয়েন্ডার পেজ। কলকাতার একটি বেসরকারি হাসপাতাল রবিবার আয়োজন করেছিল ওয়াকাথনের। চতুর্থবার এই ইভেন্টের আয়োজন করা হল। হাসপাতালের ক্যাম্পাস থেকে সকাল সাড়ে আটটা ওয়াকাথন শুরু হয়। প্রায় ১,০০০ জন অংশগ্রহণ করেন এই ইভেন্টে। বিভিন্ন বয়সের অংশগ্রহণকারীরা এই অনুষ্ঠানে অংশ নেন, স্বাস্থ্যকর জীবনযাপনের প্রতি ক্রমবর্ধমান সচেতনতা এবং সম্মিলিত দায়িত্বের প্রতিফলন দেখা যায় অংশগ্রহণকারীদের মধ্যে।



■ কিডনির সুরক্ষায় সচেতনতার লক্ষ্যে নেফ্রো কেয়ার ইন্ডিয়ান উদ্যোগে ওয়াকাথন। রবিবার উপস্থিত ছিলেন লিয়েন্ডার পেজ, প্রিয়াঙ্কা সরকার, পিয়ালি বসাক, ডিসিপি অনীশ সরকার, ডাঃ প্রতিম সেনগুপ্ত প্রমুখ।

প্রতিম সেনগুপ্ত কয়েকজন বিশিষ্ট অতিথি। ডাঃ সেনগুপ্ত বলেন, চিকিৎসক হিসেবে আমরা দৃঢ়ভাবে বিশ্বাস করি যে, স্বাস্থ্যসেবাকে আরও বেশি অগ্রাধিকার দেওয়া উচিত। হাঁটা হল শারীরিক ক্রিয়াকলাপের সবচেয়ে সহজ এবং

কার্যকর উপায়। এটি হৃদয়কে সুস্থ রাখে, কিডনির কার্যকারিতা বৃদ্ধি করে এবং শারীরিক ও মানসিক উভয় সুস্থতা বৃদ্ধি করে। লিয়েন্ডার পেজের মতো আইকনিক ব্যক্তিত্ব এই ইভেন্টে অংশ নেওয়ায় আমরা সম্মানিত।

প্রতিবেদন : সারা বছর ধরে কবে, কোথায় রক্তদান শিবির হবে; সেই সম্পর্কে সাধারণ মানুষকে অবগত করতে বিশেষ ক্যালেন্ডার প্রকাশ করলেন রাজারহাট-নিউটাউনের বিধায়ক তাপস চট্টোপাধ্যায়। নাগরিকদের ঘরে ঘরে রক্তদান শিবিরের নির্ঘণ্ট পৌঁছে দিতে লাল হরফে সারা বছরের বিভিন্ন রক্তদান শিবিরের তারিখ ও স্থান উল্লেখ করে নতুন বছরের আগে এই বিশেষ ক্যালেন্ডার প্রকাশ। রবিবার কবি দ্বিজেন্দ্রলাল রায় স্মরণে বিধাননগর পুরসভার নারায়ণপুর ২ ও ৩ নং ওয়ার্ডের যৌথ উদ্যোগে ২০২৬ সালের বর্ষব্যাপী রক্তদানের ক্যালেন্ডারের প্রকাশ করা হল। এদিন সন্ধ্যায় নারায়ণপুর বটতলায় ক্যালেন্ডার উদ্বোধন কর্মসূচিতে উপস্থিত

ছিলেন রাজ্যের শিক্ষামন্ত্রী ব্রাত্য বসু, মেয়র কৃষ্ণ চক্রবর্তী, রাজারহাটের ব্লক সভাপতি প্রবীর কর, বিধাননগরের মেয়র পারিষদ সদস্য রহিমা বিবি মণ্ডল, আরাক্রিকা ভট্টাচার্য প্রমুখ। সারা বছর ধরে রক্তদান শিবিরের অঙ্গীকারের নেপথ্য কারিগর বিধায়ক তাপস চট্টোপাধ্যায় বলেন, সারা বছর ধরে এলাকার ক্লাব-সংগঠনকে রক্তদান শিবির আয়োজনের উৎসাহ বৃদ্ধি ও রক্তের চাহিদা পূরণের লক্ষ্যে এই ক্যালেন্ডার প্রকাশ করা হয়। এবারে দশম বর্ষ। ক্যালেন্ডারে নিখারিত দিনক্ষণ অনুযায়ী বিধাননগর পুরসভা অধীনস্থ নারায়ণপুর, দশদ্রোণ, অটিঘরা, হাতিয়াড়া, জগৎপুর অঞ্চলে প্রতি সপ্তাহের রবিবার আয়োজিত হবে রক্তদান শিবির।



জাগোবাংলা  
মা মাটি মানুষের পক্ষে সওয়াল

## আসল লক্ষ্য

যুবভারতীতে মেসির সফর এবং সে নিয়ে যে বিশৃঙ্খলা তৈরি হয়েছে, তাতে একটি বিষয় ক্রমশ পরিষ্কার হচ্ছে, কোথাও একটা চক্রান্ত আছে। কোথাও আগাম একটা পরিকল্পনা করা হয়েছিল। যে পরিকল্পনার অন্যতম পীঠস্থান হয়েছিল যুবভারতী ক্রীড়াঙ্গন। বাংলা জুড়ে প্রতি বছর প্রচুর তারকাখচিত অনুষ্ঠান হয়। একটি অনুষ্ঠানেও কোনও গন্ডগোলার খবর নেই। তাহলে হঠাৎ যুবভারতীতে হল কেন? এমনটা তো নয়, যে যুবভারতীর আড়ালে কাজ করেছে কোনও বৃহত্তর রাজনীতি। বাংলার বিরুদ্ধে বারবার চক্রান্ত হয়েছে। কখনও বকেয়া নিয়ে, কখনও এজেন্সি পাঠিয়ে, কখনও বাংলা ভাষা নিয়ে আবার কখনও এসআইআর নিয়ে। আসল লক্ষ্য বাংলার বদনাম করা, বাংলার বিরুদ্ধে কদর্য রাজনীতি করা। সেই কদর্য রাজনীতির ক্রমপরিণতি যুবভারতীর ঘটনা নয় তো! মেসিকে ঘিরে অযথা কেন্দ্রীয় বাহিনীর ভিড়। থাকার কথা নয় তবু অসংখ্য ক্যামেরা রইল মেসিকে ঘিরে। যাঁদের মাঠের মধ্যে থাকার কথা নয়, তাঁরাও মেসির পিছন পিছন ছুটলেন। ফলে যারা হাজার হাজার টাকা খরচ করে টিকিট কেটে এসেছে, তাদের মেসি অদর্শনে ধৈর্যের বাঁধ ভাঙল। আর এটাই তো চেয়েছিল সেই চক্রান্তকারীরা। মেসিকে কারা স্টেডিয়াম ছেড়ে যাওয়ার পরামর্শ দিয়েছিল? কারা সেই চক্রান্তকারী? খুঁজে বের করতেই হবে। আর মাথায় রাখতে হবে যারা ভাঙচুর করেছে তাদের মুখের ভাষা এবং কর্মপদ্ধতি বলে দিচ্ছি, একেবারে নির্দিষ্ট অ্যাজেন্ডা নিয়ে মাঠে ঢুকছিল। এদেরকে খুঁজে আসল চক্রান্তকারীদের কাছে পৌঁছেতে হবে।



## প্রসঙ্গ মেসির যুবভারতী বিভ্রাট

মেসির যুবভারতী বিভ্রাট নিয়ে কয়েকটা কথা। প্রথমেই বলে রাখা দরকার, মুখ্যমন্ত্রীর গড়ে দেওয়া অবসরপ্রাপ্ত বিচারপতি অসীম রায়ের নেতৃত্বাধীন কমিটির উপর পূর্ণ আস্থা রয়েছে আমাদের। সঠিক পদক্ষেপ নিয়েছেন মুখ্যমন্ত্রী। যে অঘটনে তাঁর কিছু করার ছিল না, তার জন্য তাঁকে সমালোচিত হতে হচ্ছে বিরোধীদের কাছে। তাই দাবি করছি, মাঠের মধ্যে যাঁরা মেসিকে ঘিরে হ্যাংলামি করেছেন, ঘুরেছেন, ছবি তুলেছেন, তাঁদের প্রত্যেকের নাম, পরিচয়, কী অধিকারে ঢুকেছেন প্রকাশ্যে আনা হোক। এর মধ্যে ক্রীড়ামন্ত্রী হিসেবে অরূপ বিশ্বাস মাঠে থাকতেই পারেন। বাকিরা কারা? মাঠে এত লোক ঢোকার ছাড়পত্র কারা দিল, কীসের ভিত্তিতে দিল? গ্যালারি দেখতে পাচ্ছে না, উত্তপ্ত হচ্ছে বুকেও জরুরি ভিত্তিতে কেন ভিড় সরানো হল না? কেন মেসিকে দেখার মতো ব্যবস্থা করা হল না? কলকাতায় এই লজ্জাজনক ছবি। আর অন্য জায়গায় মসৃণ ইভেন্ট। আফসোস, রাগ স্বাভাবিক। কিছু হ্যাংলা ক্ষমতা দেখাতে গিয়ে ধ্বংস করল ইভেন্টটিকে। প্রসঙ্গত মনে পড়ে, ২০১১ সালে মমতা বন্দ্যোপাধ্যায়ই তখন মুখ্যমন্ত্রী। মেসি এসেছিলেন, থেকেছিলেন, খেলেছিলেন। সেবার সব মসৃণ, সেটা ভুলে গিয়ে এনিমে সিপিএম, বিজেপি, কংগ্রেসের মুখ না খোলাই ভাল। বাম জমানায় যুবভারতীর ডেরা থেকে দৃষ্ণতী ধরা পড়ত। জবরদখল ছিল। মাঠ আন্তর্জাতিক মানের ছিল না। আর অন্য রাজ্যে কী হয় জানেন না? বেঙ্গলুরুতে আইপিএলে এগারোজনের মৃত্যু পদপিষ্ট হয়ে। উত্তরপ্রদেশে কুস্তমেলায় অরাজকতায় মৃত্যু। তালিকা দীর্ঘ। এরা যেন কথা না বলে। কমরেড, বাম জমানায় যুবভারতী ক্রীড়াঙ্গনে যে অত্যাচারটা মারাদানার উপর হয়েছিল, মাঠে লোক এবং মারাদানাকেই খোঁচাখুঁচি, ক্রীড়ামন্ত্রী সুভাষ চক্রবর্তী জনতার আন্দের মোটাতে যে অত্যাচার করেছিলেন; তার পরিণতিতে তারপর মোহনবাগান মাঠের অনুষ্ঠানে সুভাষবাবুকে নিয়েই বেকে বসেছিলেন মারাদানো, গাড়ি থেকে নামতে চাননি। ঐতিহাসিক মন্তব্য ছিল, “ওই টুপি পরা লোকটা এখানে থাকলে আমি মাঠে যাব না।” অনেক বুঝিয়ে নামাতে হয়েছিল। বলতে হয়েছিল, উনি আপনার পাশে থাকবেন না। তারপর মারাদানো নেমেছিলেন। তবে মাঠে বলে শট। তারপর মধ্যে সাদা টুপি এড়িয়ে সটান গাড়িতে। ভুলে গেলেন কমরেড? সেই জমানায় ফেসবুক ছিল না বলে মানুষ ভুলে যাবেন, তা কি হয়?

— সমীরণ দাস, রিষড়া, হুগলি

■ চিঠি এবং উত্তর-সম্পাদকীয় আপনিও পাঠাতে পারেন :  
jagabangla@gmail.com / editorial@jagobangla.inশীতকালীন অধিবেশনে  
সংসদে সাকাস

মোদিজির মতো নকলনবিশ চৌকিদার নন। অগ্নিকন্যা মমতা বন্দ্যোপাধ্যায় ঘরের লক্ষ্মীর মতো বাংলা মা'কে আগলে রেখেছেন। তাঁর স্নেহস্পর্শ থেকে বাঙালিকে জর্জরিত করতে ঠগি-বর্গির মতো ভোটের ঠিক আগে যথারীতি একদল চিল-শকুন ঝাঁপিয়ে পড়েছে। নানা ছলাকলায় না এঁটে শেষ পর্যন্ত ব্রহ্মাস্ত্র হিসেবে কার্যত জাতীয় নির্বাচন কমিশনকে বগলদাবা করে বাংলার ভোটদারদের নিয়ে ছিনিমিনি খেলতে আরম্ভ করেছে বিজেপি। যদিও স্বাধীনতা সংগ্রামের এই পবিত্র মাটি ইলেকশন কমিশনের বকলমে এসআইআর-এর নামে বাংলায় ভোটবন্দির যাবতীয় ফন্দিবাজদের মাঠের বাইরে ফেলবে তা মুখ্যমন্ত্রীর কথায় স্পষ্ট। তিনি বুঝিয়ে দিয়েছেন, এযুগের দুঃশাসনরা বাংলার পাঞ্চালির দিকে হাতে বাড়ালে উচিত শিক্ষা দেওয়া হবে। বিজেপির দালালদের বিরুদ্ধে একযোগে গর্জে উঠবে বাংলার মাতঙ্গিনী ব্রিগেড। যে বিজেপি ক'দিন আগেই সংসদে শহিদ মাতঙ্গিনী হাজারার চূড়ান্ত অপমান করেছে, বক্ষিমচন্দ্র থেকে মাস্টারদা, নবজাগরণের পথিকৃৎ রামমোহন-বিদ্যাসাগরকে হেয় করেছে তার বিরুদ্ধে আন্দোলনগির গর্জে ওঠা সময়ের অপেক্ষামাত্র। মুখ্যমন্ত্রী তথা দেশের সবধিক জনপ্রিয় নেত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের নেতৃত্বে ফের আরও এক স্বাধীনতা সংগ্রামের সলতে পাকাচ্ছে বিপ্লবী ও মনীষীদের পদধূলিখন্য বাংলার মাটি। ব্রিটিশের অনুচরদের বংশধরদের সমুচিত শিক্ষা দিতে হতেই পারে আরও এক অগ্নিযুগের সূচনা।

যেমন খুশি বলো। শীতকালীন অধিবেশনে এবারের লোকসভার থিম সং নিঃসন্দেহে উপরোক্ত লাইনটি। যার সূচনা করলেন স্বয়ং প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। বেশ কয়েক বছর ধরেই আদরলীয়া মোদিজির শখ হয়েছে ‘বাঙালি বাবু’ সাজার। রবিঠাকুরের মতো দাড়ি রেখে অনেকেই নিজেকে কবি ভাবতে পারেন। সেরকমই বিশ্বকবি আঙ্গিকে নিজেকে বিশ্বগুরু ভাবা মোদিবাবু এবার টাইম মেশিনে চেপে ‘যেমন খুশি সাজো’ থেকে ‘যেমন খুশি বলো’-য় শিফট করেছেন। লোকসভায় দাঁড়িয়ে তিনি সাহিত্যসম্রাট বক্ষিমচন্দ্র চট্টোপাধ্যায়কে সটান বক্ষিমদা বলে বসেছেন। বলবেন তো বলুন, একেবারে তৃণমূলের অধ্যাপক সাংসদ সৌগত রায়ের সামনে। বসীয়া শিক্ষাবিদ সৌগতবাবুও লোপ্সা ফুলটসকে মাঠের বাইরে পাঠিয়ে প্রধানমন্ত্রীকে এই বিষয়ে সমুচিত শিক্ষা দিয়েছেন।

মোদিজিও তৎক্ষণাৎ চোক গিলতে বাধ্য হয়েছেন বক্ষিমবাবু বলে। কিন্তু প্রশ্ন থেকেই যাচ্ছে, রাজ্য দখল বা ভোটের অছিলায় এভাবে আর কত নিচে নামা যায়। মোদিজির পর কার্যত সেই নকলনবিশের ছড়াছড়ি পড়ে গিয়েছে বিজেপি মন্ত্রী-সাংসদদের মধ্যে। কেন্দ্রীয় সংস্কৃতি মন্ত্রী গজেন্দ্র সিং শেখাওয়াত তো বক্ষিমচন্দ্র পর্যন্ত পৌঁছেতেই বারকয়েক হড়কেছেন। বক্ষিমদাস পর্যন্ত বলে বসেছেন। এত আত্মপর্থা এই তথাকথিত গোমুর্খদের। বিষয়টা না জেনেও তা নিয়ে হামবড়াই দেখাতেই হবে। বিজেপি সাংসদ দীনেশ শর্মা স্বাধীনতা সংগ্রামী মাতঙ্গিনী হাজারাকে মাতা-গিনি হাজারা বলে রীতিমতো খোরাক হয়ে উঠেছেন। ভাগ্যিস, গোয়েবলসীয় ধাঁচে, ‘জয় মাতাজি’ বলে বসেননি! তারওপর তিনি আবার সাম্প্রদায়িক সম্প্রীতির মুখোশ পরতে গিয়ে বীর শহিদ মাতঙ্গিনী হাজারাকে মুসলমান বলে দিয়েছেন। সামান্য চিকেন প্যাটিস বিক্রির অপরাধে যারা গরিব মুসলমানকে হেনস্থা করে, তাদের কথা কুস্তিরাজ ছাড়া আর কী হতে পারে। সত্যজিতের স্মরণ নিয়ে বলা যেতেই পারে নকল ডক্টর হাজারার মতো একদল প্রতারক, ধাঞ্চাবাজের হাতে সংবিধান, গণতন্ত্র, ধর্মনিরপেক্ষতা আজ ভারি বিপন্ন।

এভাবে শর্ট কাটে বাঙালি সাজতে যাওয়া ‘যেমন খুশি সাজো’তে পর্যন্ত লাস্ট বেঞ্চে থাকবে। কারণ, আদ্যোপান্ত বাঙালি বিরোধী যারা তাদের মুখের প্রবচন প্রলাপে পরিণত হতে বাধ্য।

হচ্ছেও ঠিক তাই। বাংলা তথা দেশের নবজাগরণের প্রাণপুরুষ বিদ্যাসাগরের মূর্তি ভাঙা থেকে রাজা রামমোহনকে ইংরেজের তাবোদার বলা, ধৃষ্টতার পরতে পরতে সেই বাঙালি বিদ্রোহের দুর্গন্ধ বেরোচ্ছে। যতই মোদিজিরা বিহার জয়ের পর বাংলা দখলের দিবাংগু দেখুন না কেন, তাঁদের এই দুঃসাহস গিমিকে পালটে যাওয়া সময়ের অপেক্ষামাত্র। বলাবাহুল্য, সেই ল্যাজেগোবরে হওয়ার আগের ট্রেলার দেখাচ্ছেন গোবলয়ের গোয়েবলসরা। স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ পর্যন্ত সংসদে দাঁড়িয়ে অসংসদীয় গালাগাল দিয়ে বসেছেন। চরম উত্তেজনার বশে মানুষ হয়তো এই ভুল করে। আর অমিতবাবু যাকে কিনা বাংলা দখলের রাজার পাঁচ দেওয়া হয়েছে তিনি গতবারের দুশো পারের

যেমন খুশি বলো। শীতকালীন অধিবেশনে এবারের লোকসভার থিম সং নিঃসন্দেহে এটাই। বিশ্বকবির আঙ্গিকে নিজেকে বিশ্বগুরু ভাবা মোদিবাবু এবার টাইম মেশিনে চেপে লোকসভায় দাঁড়িয়ে সাহিত্যসম্রাট বক্ষিমচন্দ্র চট্টোপাধ্যায়কে সটান বক্ষিমদা বলে বসলেন! লিখছেন পার্থসারথি গুহ



দুঃস্থপ্ন ভুলে এবার পগারপারের গ্রহসনে পরিণত হয়েছেন। সাধ ও সাধের মধ্যে গালিভার-লিপিপুটের চিনের প্রাচীর থেকেই গিয়েছে।

শীতের শহরে আগে সাকাসের বড় রমরমা ছিল। কিন্তু যবে থেকে পশুপাখি নিয়ে প্রশ্ন উঠতে শুরু করেছে (সঙ্গত কারণেই) তবে থেকে সাকাস বাঙালির গ্ল্যাশব্যাংকে চলে গিয়েছে। নবপ্রজন্ম আর সেই সাকাসের আশ্বাদন পাচ্ছে না। বলতে খারাপ লাগলেও দেশের পালামেন্ট এই ভরা শীতে সাকাসের অভাব অনেকটাই মিটিয়ে দিয়েছে। এই শীতকালীন অধিবেশনে একটু আমাদের লোকসভার দিকে তাকান। মনে হবে জোকার পরিবৃত হয়ে সাকাস চলছে। নানা আঙ্গিকে জোকারদের হাতে দেশের গণতন্ত্র টলমল করছে। ক্ষমতার নেশায় বলিয়ান একদল অশিক্ষিত, অপগণ্ডদের হাতে এভাবে সংসদীয় ব্যবস্থা হাস্যকর হয়ে ওঠে তবে আজকের গ্লোবাল ভিলেজে দেশের মানসন্মান কোন জায়গায় গিয়ে পৌঁছেছে তা কি আর বলার অবকাশ রাখে!

যদিও এই মুহূর্তে দিল্লির জমিদারদের সেসব দিকে তাকানোর অবকাশ নেই। জুলভার্নের অ্যারাউন্ড দ্য ওয়ার্ল্ড ইন এইটটি ডেইজের কায়দায় আরএসএস-বিজেপি ঝাঁপিয়ে পড়েছে চটজলদি জোরজবরদস্তি ভারত দখলের আদিম খেলায়। শতাব্দীর পর শতাব্দী বহু বিদেশি শাসন দেখেছে ভারত। কিন্তু কবির ভাষায়, শক-হুন-মুঘল-পাঠান একদেহে হয়েছে লীন। বৈচিত্র্যের মধ্যে ঐক্যের ভারতে রাম-রহিমের আদর্শ মিলেমিশে একাকার হয়েছে। সেই ভাবনায় জারিত ভারতবাসী আজ দেখছে সম্পূর্ণ উলটো মেরুর শাসকদের। বৈচিত্র্য বরবাদ করে এক অদ্ভুত একনায়ক প্রতীষ্ঠার এজেন্ডা রূপায়ণে ব্রতী তারা। যাদের তুরূপের তাস সন্ধানী স্বাধীন প্রজ্ঞা, আশারাম বাপু, কার্তিক মহারাজ, বাগেশ্বর নামক বাতেলাবাজরা।

মানে মানে বুঝে গেলে ভাল। নাহলে জবরদখল। আর সেজন্য রাখঢাক না করে যাবতীয় কেন্দ্রীয় এজেন্সিকে লেলিয়ে দেওয়া। যার সাম্প্রতিক নিদর্শন হল নখদন্তহীন জাতীয় নির্বাচন কমিশন।

যদিও মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় আরও একবার তাঁর সর্বোচ্চ শক্তি দিয়ে এই দখলদারদের ছুঁড়ে ফেলে দেবেন তা দিনের আলোর মতো পরিষ্কার।



## বাংলা ও বাঙালিকে বঞ্চনা করে রাজ্য দখল করতে পারবে না বিজেপি : ঋতব্রত

সংবাদদাতা, মধ্যমগ্রাম : মধ্যমগ্রাম শহর আইএনটিটিইউসি'র উদ্যোগে রবিবার নজরুল শতবার্ষিকী সপ্তাহে অনুষ্ঠিত হল তৃণমূল শ্রমিক সংগঠনের কর্মী সম্মেলন। মধ্যমগ্রাম শহর আইএনটিটিইউসি'র নব নির্বাচিত সভাপতি সুকুমার মণ্ডলের নেতৃত্বে এদিনের সম্মেলনে উপস্থিত ছিলেন আইএনটিটিইউসি'র রাজ্য সভাপতি তথা সাংসদ ঋতব্রত বন্দ্যোপাধ্যায়, খাদ্যমন্ত্রী রথীন ঘোষ, বারাসত সাংগঠনিক জেলা আইএনটিটিইউসি সভাপতি তথা বারাসত পুরসভার উপ পুরপ্রধান তাপস দাশগুপ্ত, বনগাঁও সাংগঠনিক জেলার আইএনটিটিইউসি সভাপতি তথা বনগাঁও পুরসভার কাউন্সিলর নারায়ণ ঘোষ, দমদম-বারাকপুর সাংগঠনিক জেলা



■ মধ্যমগ্রামে আইএনটিটিইউসি'র কর্মী সম্মেলনের সূচনায় সংগঠনের রাজ্য সভাপতি ঋতব্রত বন্দ্যোপাধ্যায়। রবিবার।

আইএনটিটিইউসি সভাপতি তথা বিধায়ক সোমনাথ শ্যাম, মধ্যমগ্রামের পুরপ্রধান নিমাই ঘোষ সহ অন্যরা। এদিনের অনুষ্ঠানে বিভিন্ন ক্ষেত্রের শ্রমিকদের উপস্থিতি ছিল চোখে পড়ার মতো।

ঋতব্রত বন্দ্যোপাধ্যায় বলেন, বাংলা দখল করতে চেয়ে বিজেপি ন্যাকারজনক কাজ করছে। আর তার দোসর হয়েছে নির্বাচন কমিশন। এত অল্প সময়ে এসআইআরের মতো কাজ করা সম্ভব নয়। তার খেসারত

দিতে গিয়ে বিএলও'রা আত্মহত্যা করছেন। বিজেপির অপপ্রচারে সাধারণ মানুষ আতঙ্কগ্রস্ত হয়ে আত্মহত্যা করছে। নির্বাচন কমিশনের হাতে বাংলার মানুষের রক্ত লেগে গিয়েছে। বিজেপির দেশ বিরোধী ও দেশবাসীকে বঞ্চনা থেকে মুখ ঘোরাতেই এই স্বল্প সময়ে এসআইআর চাপিয়ে দেওয়া হয়েছে। বাংলার মনীষীদের অপমান করে, বাংলা ও বাঙালিকে বঞ্চনা করে বাংলা দখল করা যাবে না। যারা এই বুদ্ধি বিজেপিকে দিয়েছে, বিধানসভা নির্বাচনের পরেই তাদের চাকরি যাবে। কারণ চতুর্থবারের জন্য বাংলার মুখ্যমন্ত্রী হবেন মমতা বন্দ্যোপাধ্যায়। তা নিশ্চিত হয়ে গিয়েছে বলেই দাবি করেন ঋতব্রত বন্দ্যোপাধ্যায়।



■ অপরিচালিত এসআইআর, বাংলা ভাষা ও বাঙালিদের প্রতি বিজেপি সরকারের চক্রান্তের বিরুদ্ধে খড়দহ বিধানসভা কেন্দ্রের অন্তর্গত উত্তর পানিহাটির মহেন্দ্রনগরে এক প্রতিবাদ সভায় বক্তব্য রাখছেন স্থানীয় বিধায়ক ও মন্ত্রী শোভনদেব চট্টোপাধ্যায়।



■ শিশুজ্যোতি চাইল্ড অ্যান্ড আই কেয়ার কেন্দ্রের উদ্যোগে রবিবার বেলেড়ু বসে আঁকো প্রতিযোগিতা। উপস্থিত ছিলেন বিধায়ক ডাঃ রানা চট্টোপাধ্যায়, বিশিষ্ট চক্ষু চিকিৎসক ডাঃ ঋতুপর্ণ চট্টোপাধ্যায়-সহ অন্যরা। শতাধিক কচিকাঁচা প্রতিযোগিতায় অংশ নেয়।

## ভোলানাথের নিরাপত্তায় পুলিশ মোতায়েন, গ্রেফতার আরও এক

সংবাদদাতা, সন্দেশখালি : শাহজাহান মামলায় মূল সাক্ষী ভোলানাথ ঘোষ ও তাঁর পরিবারের নিরাপত্তার জন্য বাড়িতে পুলিশ মোতায়েন করল বসিরহাট জেলা পুলিশ। এতে মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় ও বসিরহাট জেলা পুলিশ সুপারকে ধন্যবাদ জানানেন ভোলানাথ। পাশাপাশি ঘাতক ট্রাকের খালসি গোলাম হোসেন মোল্লাকে গ্রেফতার করল পুলিশ। এই নিয়ে দুর্ঘটনা কাণ্ডে গ্রেফতার হল তিন।

দুর্ঘটনার পর থেকেই ভোলানাথ বারবার দাবি করেছেন, তাঁকে ও তাঁর পরিবারকে খুন করার পরিকল্পনা করেছে শেখ শাহজাহান। তাই তিনি নিরাপত্তাহীনতায় ভুগছেন। তিনি তদন্তের জন্য পুলিশ প্রশাসন ও মুখ্যমন্ত্রীর উপরেই ভরসা রাখছেন। বসিরহাট পুলিশ জেলার সুপার

ড. মেহেদি রহমান হোসেন জানান, ভোলানাথ ও তাঁর পরিবার নিরাপত্তার জন্য আবেদন করেছিলেন। সেই মতোই তাঁর বাড়িতে দু'জন পুলিশ মোতায়েন করা হয়েছে ২৪ ঘণ্টার জন্য। তিনি বিশেষ কারণে বাইরে গেলেও পুলিশ নিরাপত্তা দেবে। তিনি আরও জানান, দুর্ঘটনা কাণ্ডে এখনও পর্যন্ত তিনজনকে গ্রেফতার করা হয়েছে। যদিও এফআইআরে এদের নাম নেই। তদন্তের স্বার্থে গ্রেফতার করা হচ্ছে। অন্যদের খোঁজে তল্লাশি চলছে। বসিরহাটের বোয়ালমারিতে ১৬ চাকার ট্রাক চারচাকা ছোট গাড়িতে ধাক্কা মারলে ভোলানাথ প্রাণে বেঁচে গেলেও তাঁর ছোট ছেলে সত্যজিৎ ও গাড়িচালক শাহনুর মোল্লা মারা যান। ট্রাকচালক আলিম মোল্লা-সহ আটজন এখনও ফেরার।

## বারুইপুর হাসপাতালে শুরু হল মা ক্যান্টিন

সংবাদদাতা, বারুইপুর: বারুইপুর মহকুমা হাসপাতালে রাত্রিনিবাসের একতলায় চালু হল মা ক্যান্টিন। রবিবার সূচনা করলেন বিধানসভার অধ্যক্ষ তথা বারুইপুর পশ্চিমের বিধায়ক বিমান বন্দ্যোপাধ্যায়। এছাড়াও ছিলেন পুরসভার চেয়ারম্যান শক্তি রায়চৌধুরী, গৌতম দাস, জয়ন্ত ভদ্র, সুপার বীরাজ রায়-সহ অন্যরা। এদিন ৫ টাকায় ডিম-ভাতের পাশাপাশি ডাল, ফুলকপির তরকারিও মিলল ক্যান্টিন থেকে। প্রথম দিনেই প্রায় ২০০ জন রোগীর পরিবার ক্যান্টিনে খেলেন। পরবর্তীকালে বারুইপুর সুপার স্পেশালিটি হাসপাতালে ৪৫ লক্ষ টাকায় নতুন ভবন নির্মিত হবে মা ক্যান্টিনের জন্য। এর ফলে উপকৃত হবেন গরিব মানুষ।



## একাদশ-দ্বাদশে নথি যাচাই বাদ গেলেন ১,৩২৭ প্রার্থী

প্রতিবেদন : শেষ হয়েছে একাদশ-দ্বাদশের নথি যাচাই পর্ব। এর মধ্যে থেকেই ১৩২৭ জন প্রার্থীকে বাতিল করল স্কুল সার্ভিস কমিশন। এদের মধ্যে কেউ ভুল নথি দিয়েছেন, কেউ আবার অনুপস্থিত ছিলেন, আবার কারওর অভিজ্ঞতায় ঘাটতি দেখা গিয়েছে। এরা কেউ আর ইন্টারভিউ প্রক্রিয়ায় ডাক পাবেন না বলে জানিয়েছে এসএসসি। কমিশন সূত্রে খবর, কোনও প্রার্থীর জাতিগত শংসাপত্রে গরমিল পাওয়া গিয়েছে, কেউ ইচ্ছামতো বাড়িয়ে নিয়েছিলেন পরীক্ষার নম্বর, কেউ কাজের অভিজ্ঞতার ক্ষেত্রে করেছেন কোনও না কোনও কারচুপি। নথি যাচাই পর্ব শুরু হওয়া ইস্তক বাংলা ও ইংরেজিতে ১০৬ জন, বাণিজ্য, কম্পিউটার সায়েন্স, রাষ্ট্রবিজ্ঞান ও ইতিহাস মিলিয়ে ৩০১ জনের নাম বাদ পড়েছিল। শুক্রবার, ১২ ডিসেম্বর ৩৫টি বিষয়ে মোট ১৩২৭ জনের নাম বাদ গেল।

## প্রবল শীতে কমছে দৃশ্যমানতা সতর্কতা জারি হাওয়া অফিসের

প্রতিবেদন : আগামী চার-পাঁচ দিনে আরও নামবে তাপমাত্রা। দক্ষিণবঙ্গে সাধারণত কুয়াশা থাকবে সকালের দিকে, তবে বেলা বাড়তেই গরম বাড়বে। তবে উত্তরবঙ্গে দাপিয়ে খেলে বেড়াচ্ছে শীত। দিন ও রাতের তাপমাত্রা স্বাভাবিকের নিচেই থাকবে। কোথাও কোনও বৃষ্টির সম্ভাবনা নেই। আগামী সাতদিন শুল্ক থাকবে আবহাওয়া। ১৫ ডিগ্রির আশপাশে থাকবে তাপমাত্রা। সকালের দিকে হালকা কুয়াশা থাকবে। বেলার দিকে পরিষ্কার আকাশ। সবেচি ও সর্বনিম্ন তাপমাত্রা যথাক্রমে ২৬ ডিগ্রি সেলসিয়াস ও ১৫ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি। দার্জিলিংয়ে তাপমাত্রা ৪ ডিগ্রির ঘরে। পাঁচ জেলায় ঘন কুয়াশার পূর্বাভাস। দৃশ্যমানতা কমতে পারে বলে সতর্ক করেছে আবহাওয়া দফতর।



## উৎকর্ষ সম্মান : টেলিউডের নেপথ্য-কারিগরদের স্বীকৃতি

প্রতিবেদন : চলচ্চিত্র ও টেলিভিশন জগতের নেপথ্য-কারিগরদের স্বীকৃতি জানাতে ফেডারেশনের তরফে অনুষ্ঠিত হল 'উৎকর্ষ সম্মান'। রবিবার সভাপতি স্বরূপ বিশ্বাসের ভাবনায় এই বিশেষ সম্মান প্রদান অনুষ্ঠানটি টেকনিশিয়ান্স স্টুডিওতে অনুষ্ঠিত হয়। উপস্থিত ছিলেন গৌতম ঘোষ, প্রসেনজিৎ চট্টোপাধ্যায়, কৌশিক গঙ্গোপাধ্যায়, অরিন্দম শীল, জয়চন্দ্র চন্দ্র, অভিজিৎ ঘোষ, সুজিতকুমার হাজরা, ইন্দ্রনীল চট্টোপাধ্যায়-সহ ইন্ডাস্ট্রি বিশিষ্টজনেরা। সম্মিলিতভাবে প্রদীপ প্রজ্জ্বলনের মাধ্যমে অনুষ্ঠানের সূচনা হয়। ফেডারেশন সূত্রে জানানো হয়েছে,



■ উৎকর্ষ সম্মান-এর আনুষ্ঠানিক উদ্বোধনে টেলিউড তারকা প্রসেনজিৎ চট্টোপাধ্যায়, ফেডারেশন সভাপতি স্বরূপ বিশ্বাস, কৌশিক গঙ্গোপাধ্যায়, অরিন্দম শীল-সহ বিশিষ্টরা। রবিবার টেকনিশিয়ান্স স্টুডিওতে।

পরিচালনা বা মেকআপের মতো বিভাগ বিভিন্ন পুরস্কারে স্বীকৃতি পেলেও আর্ট সেটিং, লাইটিং ও সাউন্ড ডিজাইনের মতো গুরুত্বপূর্ণ বিভাগের কর্মীরা দীর্ঘদিন ধরেই আড়ালে থেকে গিয়েছেন। ফেডারেশনের অন্তর্ভুক্ত ২৭টি গিল্ডের বহু টেকনিশিয়ানদের সেই অবদানকে স্বীকৃতি দিতেই এই উদ্যোগ, যা ফেডারেশনের ৫৬ বছরের ইতিহাসে এই প্রথম। স্বরূপ বিশ্বাস বলেন, যাদের অক্লান্ত পরিশ্রমে ইন্ডাস্ট্রি এগিয়ে চলেছে, তাঁরা কখনও পাদপ্রদীপের আলোয় আসেন না। তাঁদের সম্মান জানানোই আমাদের উদ্দেশ্য।



আগামী সপ্তাহে পরীক্ষামূলকভাবে  
বিমানবন্দর থেকে শহিদ স্কুদিরাম পর্যন্ত  
সরাসরি মেট্রো পরিষেবা চালু হচ্ছে।  
দিনে অন্তত দুটি মেট্রো জয়হিন্দ স্টেশন  
থেকে শহিদ স্কুদিরাম পর্যন্ত চলবে

## মনীষীদের অপমান করেছেন প্রধানমন্ত্রী বাংলায় ওদের কোনও জায়গা নেই : পার্থ

সংবাদদাতা, হাওড়া : বাংলার মনীষীদের অপমান করেছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। বাংলায় ওদের কোনও স্থান নেই। সাহিত্য সম্রাট বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়কে ‘বঙ্কিমদা’ মাস্টারদা সূর্য সেনকে ‘মাস্টার’ সম্বোধন করে বাংলার মনীষীদের অপমান করেছেন। বাংলার মানুষই ওদের বাংলার মাটিতে কোনওরকম জায়গা দেবে না। রবিবার উলুবেড়িয়া উত্তর কেন্দ্র তৃণমূল কংগ্রেসের উদ্যোগে আমতা ফুটবল মাঠে এসআইআরের নামে মানুষের ভোটাধিকার বাতিলের চক্রান্ত, বাংলার প্রতি বঞ্চনা ও বাংলার মনীষীদের অপমানের প্রতিবাদে আয়োজিত ভিড়ে ঠাসা এক সভায় একথা বলেন সাংসদ পার্থ ভৌমিক। প্রতিবাদ সভায় এছাড়াও ছিলেন মন্ত্রী পুলক রায়, বিধায়ক ডাঃ নির্মল মাজি, বিধায়ক সুকান্ত পাল-সহ দলের আরও অনেকে। পার্থ ভৌমিক বলেন, বাংলায় সামনেই নিবর্তন। তাই গত



■ উলুবেড়িয়া উত্তর কেন্দ্র তৃণমূলের উদ্যোগে আমতা ফুটবল মাঠে আয়োজিত প্রতিবাদ সভায় বক্তা সাংসদ পার্থ ভৌমিক। রয়েছেন মন্ত্রী পুলক রায়, বিধায়ক ডাঃ নির্মল মাজি-সহ অন্যরা। রবিবার।

বছর দেড়শো বছর হয়ে যাওয়া বন্দে মাতরম গানের এবছর ফের দেড়শো পালন করার উদ্যোগ নেওয়া হয়েছে। প্রধানমন্ত্রীকে বলব শিক্ষিত লোকের পরামর্শ নিন। যেভাবে বাংলার মনীষীদের আপনারা অপমান করছেন তা বাংলার মানুষ মেনে নেবে না। তিনি বলেন, চিকেন প্যাটিস বিক্রি করায় একজন নিরীহ

বিক্রেতাকে যারা মারধর করল তারা যদি বাংলার মাটিতে জায়গা পায় তাহলে মানুষ কি খাবে, কি পড়বে সবটাই ওরা ঠিক করে দেবে। বাংলার মানুষ তাই এখানে ওদের কোনও জায়গা দেবে না। তাই ওরা যতই চেষ্টা করুক কোনওদিনই সফল হবে না। তৃণমূল থেকে সাসপেন্ড হওয়া হুমায়ুন কবীরের

সঙ্গে বিরোধী নেতা শুভেন্দু অধিকারীর ঘনিষ্ঠ যোগাযোগ আছে বলে অভিযোগ তুলে পার্থ ভৌমিক বলেন, হুমায়ুন কবীর দল তৈরি করলে কিরকম ফল করবে তা শুভেন্দু অধিকারী ভাল বলতে পারবেন। পাশাপাশি শুভেন্দু অধিকারীর শিক্ষাগত যোগ্যতা নিয়েও কটাক্ষ করেন পার্থ ভৌমিক। প্রতিবাদ সভায় জনস্বাস্থ্য কারিগরি ও পুঁতমন্ত্রী পুলক রায় বলেন, বাংলার মানুষের মানুষের প্রাপ্য বকেয়া টাকা আটকে রেখেছে কেন্দ্রের বিজেপি সরকার। তবুও বাংলার উন্নয়ন স্তব্ধ করতে পারেনি। মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের নেতৃত্বে পথশ্রী প্রকল্পে একাধিক রাস্তা তৈরি হচ্ছে। বাংলার বাড়ি প্রকল্পে বাড়ি তৈরি হচ্ছে। বিজেপি যতই চেষ্টা করুক বাংলার উন্নয়ন আটকাতে পারবে না। বাংলার মানুষ মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের সঙ্গেই আছেন। ওদের জোর করে বাংলা দখলের চেষ্টা এবারও ব্যর্থ হবে।



■ রবিবার বিধাননগর মেলায় (উৎসব) প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পৌষালী বন্দ্যোপাধ্যায়। বিধাননগরের মেয়র কৃষ্ণ চক্রবর্তী উত্তরীয় পরিয়ে তাঁকে বরণ করে নেন।

## ৩৫টি সুফল বাংলা কেন্দ্রে হবে সন্ধের স্টল, ৫০ ড্রাম্যমাণ গাড়ি

প্রতিবেদন : এবার থেকে সকালের পাশাপাশি সন্ধেবেলাতেও কলকাতা ও লাগোয়া জেলার গুরুত্বপূর্ণ বাজারের বাইরে বসবে সুফল বাংলার স্টল। সাধারণ মানুষের সুবিধার কথা মাথায় রেখেই এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে। প্রথম পর্যায়ে মোট ৩৫টি কেন্দ্রে সন্ধের স্টল চালু হবে। পাশাপাশি ভবিষ্যতে আরও ৫০টি ড্রাম্যমাণ গাড়ি নামানোর পরিকল্পনাও নেওয়া হয়েছে। মন্ত্রী বেচারাম মামা জানান,

বর্তমানে প্রচুর মানুষ সন্ধেবেলায় বাজার করতে আসেন। সেই বাস্তব পরিস্থিতি মাথায় রেখেই কলকাতা ও লাগোয়া জেলার একাধিক গুরুত্বপূর্ণ বাজারের বাইরে সন্ধ্যায় সুফল বাংলার স্টল বসানোর সিদ্ধান্ত নেওয়া হয়েছে। এতে অফিসফেরত মানুষ ও সন্ধ্যার বাজারে আসা ক্রেতাদের সুবিধা হবে বলেই মনে করছে দফতর। নবান্ন সূত্রে জানা গিয়েছে, সন্ধ্যার এই পরিষেবা প্রথম ধাপে কলকাতার ১৪টি গুরুত্বপূর্ণ

এলাকায় চালু হবে। পাশাপাশি উত্তর ও দক্ষিণ ২৪ পরগনা মিলিয়ে আরও ২১টি জায়গায় সন্ধেবেলায় সুফল বাংলার স্টল খোলা থাকবে। ধাপে ধাপে রাজ্যের অন্যান্য জেলাতেও এই পরিষেবা চালু করার পরিকল্পনা রয়েছে। বর্তমানে রাজ্য জুড়ে সাড়ে সাতশোরও বেশি সুফল বাংলা স্টল চালু রয়েছে। নতুন এই উদ্যোগে শহর ও শহরতলির মানুষের কাছে ন্যায্য দামে কৃষিপণ্য পৌঁছানোর ব্যবস্থা আরও জোরদার হবে।



■ আন্দুল রাজমাঠে অরুণেশ ভট্টাচার্যের উদ্যোগে আন্দুল মিলন উৎসব। বক্তা আইএনটিটিইউসি রাজ্য সভাপতি ঋতব্রত বন্দ্যোপাধ্যায়।

## বিয়ের রাতেই বাড়ি থেকে পালাল পাত্র, থানায় পাত্রী

সংবাদদাতা, উত্তরপাড়া : দীর্ঘ পাঁচ বছরের প্রেম। ছাঁদনাতলায় শুভ পরিণয় হওয়ার কথা। সেই মতো সেজেগুজে বসে রয়েছেন কনে। কিন্তু সময় পেরিয়ে গেলেও বরের দেখা নাই। ফোনও বন্ধ। বাড়িতেও খুঁজলে বড় একখানা তাল। অবশেষে পুলিশের দ্বারস্থ হলেন কনে। মন্দিরবাজার থানা এলাকার দক্ষিণ বিশ্বপুুর গ্রামের ঘটনায় রীতিমতো শোরগোল পড়েছে এলাকায়। হুগলির উত্তরপাড়ার মৈনাক বন্দ্যোপাধ্যায় নামে ওই যুবকের খোঁজে পুলিশ। প্রতারিত স্ত্রী ভট্টাচার্যের দাবি, তাঁর সঙ্গে উত্তরপাড়ার এক বাসিন্দার প্রায় ৫ বছরের সম্পর্ক ছিল। প্রেমিক জানিয়েছিলেন, তাঁর বাবা-মা কেউ নেই। একটি বেসরকারি সংস্থায় চাকরি করেন তিনি। স্ত্রী জানান, ভালবেসে প্রেমিককে দিয়েছেন অনেক কিছু। শেষ মুহূর্তে বিয়ে ঠিক হতে দিয়েছেন গয়না ও টাকাও। শনিবার, তাঁদের বিয়ে হওয়ার কথা ছিল সেইমত সব আয়োজন সারা হয়েছিল কিন্তু বিয়ের পাত্র ছাঁদনাতলায় উপস্থিত হননি। মোবাইল ফোনও বন্ধ করে দেন। ফলে বিয়ে পণ্ড হয়ে যায়। রবিবার সকালে তাঁর জ্যাঠামশাই শ্যামল ভট্টাচার্যকে নিয়ে সোজা ওই যুবকের বাড়িতে হাজির হন। কিন্তু সেখানে দরজায় কড়া নেড়েও কারও সাড়া পাননি। এরপর উত্তরপাড়ায় হাজির হন যুবতী। যুবতীর অভিযোগ, তাঁকে বিয়ে করবে প্রতিশ্রুতি দিয়ে তাঁর কাছ থেকে সোনার গহনা, নগদ টাকা নিয়েছেন যুবক। তাঁদের দু'জনের একসঙ্গে তোলা সেলফিও দেখান যুবতী।

## বেসরকারি হাসপাতালকে টেক্সা পুর-হাসপাতালের

সংবাদদাতা, নববাবারকপুর: নামীদামি বেসরকারি হাসপাতালগুলোকেও এবার উন্নত পরিষেবা ও পরিকাঠামোর দিক থেকে টেক্সা দিল নববাবারকপুর পুর হাসপাতাল। এই হাসপাতালের বর্তমান নাম ডাঃ বি সি রায় সাধারণ হাসপাতাল ও মাতৃসদন। এই হাসপাতালের উন্নত পরিষেবা ও পরিকাঠামোর কল্যাণে পুরবাসীকে চিকিৎসার জন্য কলকাতায় ছুটতে হচ্ছে না। তবে শুধু নববাবারকপুরের পুরবাসীরাই নয়, আশপাশের এলাকার মানুষও পরিষেবা পাচ্ছেন এই পুর হাসপাতালে। স্থানীয় বিধায়ক তথা রাজ্যের মন্ত্রী চন্দ্রমা ভট্টাচার্য সহযোগিতায় সর্বোপরি রাজ্যের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের আনুকূল্যে ও পুরপ্রধান প্রবীর সাহার প্রচেষ্টায় পুর হাসপাতাল পরিষেবা দিতে



■ পুরপ্রধান প্রবীর সাহা-সহ অন্যরা। নিউবারাকপুর পুর হাসপাতালে।

অবিরাম কাজ করে চলেছে। পুরপ্রধান প্রবীর সাহা বলেন, পুরসভার ৬০ বছর পূর্তি উপলক্ষে প্রায় দেড় কোটি টাকা ব্যয়ে এই হাসপাতাল নবরূপে সাজানো হয়েছে। ২৪ ঘণ্টা আপৎকালীন চিকিৎসা

পরিষেবা, আইসিইউ, এইচডিইউ, ফেকো মেশিনের সাহায্যে স্বল্প খরচে চক্ষু অপারেশন, বার্ন ইউনিট, এইচআইভি ইউনিট, শীতাতপনিয়ন্ত্রিত পুরুষ ও মহিলা কেবিন, অস্থি প্রতিস্থাপন, নিউরো সার্জারি, ইউএসজি, ইকোকার্ডিওগ্রাফি, কালার ডপলার, পেসমেকার প্রতিস্থাপন, কাউন্সেলিং, আধুনিক গাইনো চিকিৎসকরা রোগী পরিষেবা দিচ্ছেন। এমনকী অ্যাপের মাধ্যমে অনলাইন ডাক্তার বুকিং-এর সুবিধাও পাওয়া যাচ্ছে। উন্নত প্যাথলজি ল্যাবরেটরিতে সামান্য খরচে নানারকম পরীক্ষার ব্যবস্থা করা হয়েছে। সম্প্রতি প্যাথলজি বিভাগ থ্যালাসেমিয়া (রক্তাঙ্গতা) রোগীদের জন্য রক্ত পরীক্ষার অত্যাধুনিক এইচপিএলসি মেশিন বসানো হয়েছে।



গোপন সূত্রে পাওয়া তথ্যের  
ভিত্তিতে বড়সড় সাফল্য পেল  
হবিবপুর থানার পুলিশ।  
সীমান্তবর্তী অঞ্চলে অভিযান  
চালিয়ে এক বাংলাদেশি  
নাগরিককে গ্রেফতার করা হয়

## সাংগঠনিক বৈঠক



■ আইএনটিটিইউসি অনুমোদিত পুরাতন মালদহ পুর কর্মচারী ফেডারেশনের উদ্যোগে সাংগঠনিক সভা হল। রবিবার মঙ্গলবাড়ির শুভেচ্ছা হলে এই সভায় ছিলেন বিশ্বজিৎ হালদার, সুরত কর, অর্জুন ঘোষ প্রমুখ। সভায় চুক্তিভিত্তিক পুর কর্মচারীদের বর্তমান সমস্যা, বেতন, কাজের নিরাপত্তা নিয়ে আলোচনা হয়। বলা হয় সমাধানসূত্রও।

## ব্লক কমিটি ঘোষণা

■ ময়নাগুড়ি ২ নং ব্লক কিয়ান খেত মজদুর কমিটির ব্লক ও অঞ্চল কমিটি ঘোষণা করা হল রবিবার। এদিন ময়নাগুড়ি ব্লকের পদমতি ২ গ্রাম পঞ্চায়েতের হেলাপাকড়ি বাজারে একটি সভা করে এই কমিটি ঘোষণা করা হয়। ব্লক কমিটিতে ২৭ জনের নাম ঘোষণা হয় এবং সাংগঠনিক ২ নং ব্লকের ৮টি অঞ্চলের প্রতিটি অঞ্চলের সভাপতি, সহ সভাপতি এবং সম্পাদকের নাম ঘোষণা করা হয়। ছিলেন দুলাল দেবনাথ, মনোজ রায়, কুমুদরঞ্জন রায় প্রমুখ।

## সুইমিং পুল



■ শিলান্যাস হল উত্তর দিনাজপুর জেলার কালিয়াগঞ্জ শহরের সুইমিং পুলের। রবিবার ছুটির দিনে স্থানীয় শান্তি কলোনিতে সুইমিং পুল নির্মাণের কাজের সূচনা হয়ে গেল আনুষ্ঠানিকভাবে। শ্রীমতী নদীর পাড়ে পুরসভার জমিতে সুইমিং পুলের কাজের শিলান্যাস হয় এদিন। ৮৫ লক্ষ টাকা ব্যয়ে আধুনিক মানের এই সুইমিং পুল তৈরি হচ্ছে। ছিলেন বিশ্বজিত কুণ্ডু, জয়া বর্মন, রামনিবাস সাহা প্রমুখ।

# রাজ্যের উদ্যোগে আজ খুলছে চিনচুলা চা-বাগান, কাজে ফিরবেন ১৩০০ শ্রমিক

সংবাদদাতা, আলিপুরদুয়ার : প্রায় পাঁচমাস বন্ধ থাকার পর শ্রম দফতরের উদ্যোগে আজ সোমবার খুলে যাচ্ছে কালচিনি ব্লকের চিনচুলা চা-বাগান। কাজে ফিরছেন ১৩০০ শ্রমিক। দুর্গাপুজোর আগে বেতন ও বোনাস নিয়ে অসন্তোষের জেরে বন্ধ হয়েছিল কালচিনির চিনচুলা চা-বাগান। শুক্রবার শ্রম দফতরের ডাকা ত্রিপাক্ষিক বৈঠকে ঠিক হয়েছে, আগামী সোমবার খুলতে চলেছে বাগানটি। এই খবরে খুশির হওয়া চিনচুলা শ্রমিক মহল্লায়। চিনচুলা চা-বাগানে শ্রমিক সংখ্যা ১৩০০। দুর্গাপুজোর আগে বকেয়া



মজুরি ও বোনাস নিয়ে বামেলার জেরে বন্ধ হয় বাগানটি। বাগানটি খোলার জন্য রাজ্য সরকারের তরফে উদ্যোগ নিয়ে শুক্রবার ডয়ার্সকন্যায়া ত্রিপাক্ষিক বৈঠক ডাকে শ্রম দফতর। বৈঠকে শ্রমিক প্রতিনিধিরা, নতুন মালিকপক্ষ ট্রেড ইউনিয়নগুলিও যোগ দেয়। বৈঠকের শেষে শ্রম দফতরের আলিপুরদুয়ারের ডেপুটি লেবার কমিশনার গোপাল বিশ্বাস জানান, বৈঠক ফলপ্রসূ হয়েছে। আগামী সোমবার চিনচুলা বাগান খুলতে চলেছে। নতুন মালিকপক্ষ বাগানটির দায়িত্ব নিচ্ছে।

## ৩৮ জায়গায় তথ্য সহায়তা কেন্দ্র

সংবাদদাতা, জলপাইগুড়ি : ড্রাইভিং লাইসেন্স থেকে জাতিগত শংসাপত্র সাধারণ মানুষ যেন সহজেই পান তার তথ্য দিতে জেলা প্রশাসনের উদ্যোগে খোলা হচ্ছে সহায়তা কেন্দ্র। জলপাইগুড়ি জেলাতে ৩৮টি জায়গায় চালু হয়েছে সহায়তা কেন্দ্র। জেলাশাসক শামা পারভিন জানিয়েছেন, জেলাশাসকের দফতর, এসডিও অফিস-সহ বিভিন্ন সরকারি দফতরে সাধারণ মানুষের পাশে থাকছে এই পরিষেবা। এই কেন্দ্রগুলিতে জমি সংক্রান্ত নথি, কাস্ট সার্টিফিকেট, এসআইআর সংক্রান্ত তথ্য, ড্রাইভিং লাইসেন্স-সহ নানা সরকারি পরিষেবার বিষয়ে সঠিক দিশা মিলবে। কোন কাগজ লাগবে, কোথায় আবেদন করতে হবে, কীভাবে ফর্ম পূরণ করবেন—সব তথ্য এক



জায়গাতেই পাওয়া যাবে। বিশেষ করে গ্রামাঞ্চলের মানুষ, বয়স্ক নাগরিক ও প্রযুক্তিতে অনভ্যস্তদের জন্য এই উদ্যোগ বড় স্বস্তি। দালাল ছাড়াই সরকারি পরিষেবা পৌঁছে দিতেই এই ব্যবস্থা, এমনটাই জানিয়েছে জেলা প্রশাসন।

## গুলিতে নিহত ছাত্রী, ধৃত দুই

সংবাদদাতা, রায়গঞ্জ : বিজেপি আশ্রিত দৃষ্টিদেব হামলায় চলল গুলি। ছোঁড়া হল বোমা। আর তাতেই মৃত্যু হল অষ্টম শ্রেণির ছাত্রী। শনিবার গভীর রাতে উত্তর দিনাজপুরের ইসলামপুরের ঘটনা। এই ঘটনায় ইতিমধ্যেই দু'জনকে গ্রেফতার করেছে পুলিশ। নিহত ছাত্রীর নাম কৌসেরা বেগম। ঠিক কী ঘটেছিল? প্রত্যক্ষদর্শীরা জানিয়েছেন, আচমকাই বোমাবাজি শুরু হয় এবং গুলিও চলে। সেই সময় বাড়ির ভিতরে ছিল কৌসেরা। গুলিতে সে গুরুতর জখম হয়। পরিবারের লোকজন ও প্রতিবেশীরা তড়িঘড়ি তাকে উদ্ধার করে ইসলামপুর মহকুমা হাসপাতালে নিয়ে যান। কিন্তু সেখানে চিকিৎসকরা তাকে মৃত বলে ঘোষণা করেন। ঘটনার খবর ছড়িয়ে পড়তেই পরিস্থিতি উত্তপ্ত হয়ে ওঠে। ক্ষুব্ধ স্থানীয়দের মধ্যে উত্তেজনা বাড়তে থাকে। খবর পেয়ে ইসলামপুর থানার বিশাল পুলিশ বাহিনী ঘটনাস্থলে পৌঁছয়। ইসলামপুরের অতিরিক্ত পুলিশ সুপার জানিয়েছেন, ঘটনার তদন্ত শুরু হয়েছে। কীভাবে এই ঘটনা ঘটল এবং কারা এই হামলার সঙ্গে যুক্ত, তা খতিয়ে দেখা হচ্ছে।

## ম্যারাথনে ৪০০০ প্রতিযোগী

সংবাদদাতা, দার্জিলিং : পুলিশের উদ্যোগে শৈলশহরে শুরু হয় মেলা টি ফেস্টিভ্যাল। উৎসবের শেষদিনে প্রতিবছরের মতই আয়োজন করা হয় ম্যারাথন দৌড়ের।



এবারের প্রতিযোগী সংখ্যা অন্যান্যবারকে ছাপিয়ে গেল। চার হাজার প্রতিযোগী যোগ দিয়েছিলেন বলে পুলিশের তরফে জানানো হয়েছে। রবিবার সকাল থেকেই শহরজুড়ে ম্যারাথন উন্মদনা ছিল চোখে পড়ার মতো। প্রতিযোগিতার বিভাগের ভিত্তিতে দুইভাগে ভাগ করা হয় পুরুষ। একটিতে ১০ হাজার এবং অন্যটি বেশি দূরত্বের বিভাগে ছিল, ২০ হাজার টাকা পুরস্কার। পরের বছর উৎসব আরও আকর্ষণীয় করার উদ্যোগ নেওয়া হবে এই বার্তা দিয়ে শেষ হয় এবছরের ফেস্টিভ্যাল।

## চলন্ত বাসে লুণ্ঠ সর্বস্ব, তদন্ত

সংবাদদাতা, জলপাইগুড়ি : চলন্ত বাসে যুবকের সর্বস্ব লুণ্ঠ। রবিবার ধূপগুড়ির ঘটনা। বাস থেকে অচৈতন্য অবস্থায় উদ্ধার হয় ওই যুবক। তাঁকে হাসপাতালে নিয়ে যাওয়া হয়। তবে হাসপাতালে ভর্তি করার কিছুক্ষণের মধ্যেই বাসের সহকারী চালক চম্পট দেয় বলে অভিযোগ। হাসপাতালের বেডে অচৈতন্য অবস্থায় শুয়ে থাকতে দেখা যায় যুবককে। তাঁর নাম বাপ্পি দে (৩৫)। পরে জানা যায়, তিনি বাসের সহকারী চালক। ভর্তির পর কিছুক্ষণের জন্য যুবকের জ্ঞান ফিরলেও হঠাৎ কান্নাকাটি শুরু করে আবার অচৈতন্য হয়ে পড়েন তিনি। বর্তমানে তিনি ধূপগুড়ি মহকুমা হাসপাতালে চিকিৎসাধীন রয়েছেন। ওই যুবককে জিজ্ঞাসাবাদ করছে পুলিশ। বাসে তাঁকে কেউ কিছু খাইয়েছিল কি না তাও জানা হচ্ছে। পাশাপাশি সন্দেহভাজন ওই বাসের খালিসির খোঁজে তল্লাশি শুরু করেছে পুলিশ। কীভাবে এই ঘটনা ঘটল তা খতিয়ে দেখা হচ্ছে।

# নতুন বছরে উত্তরবঙ্গের তিন জঙ্গলে বাঘ শুমার

প্রতিবেদন : নতুন বছরের শুরুতেই উত্তরবঙ্গের উত্তরের তিন জঙ্গলে শুরু হবে বাঘ শুমার। নেওড়াভ্যালিতে বাঘের অস্তিত্ব প্রমাণ করতে শুমারের আগেই কোমর বাঁধছে গরুমারা বন্যপ্রাণ বিভাগ। এবিষয়ে কাজ শুরুর আগে চলতি মাসে অসমে বাঘ শুমারের প্রশিক্ষণ দিয়েছে এনটিসিএ। নির্দেশমতো স্থানীয় বনকর্মীরা কাজ করবেন। আগামী জানুয়ারি মাসের শেষ সপ্তাহ থেকেই গরুমারা বন্যপ্রাণী বিভাগের অন্তর্গত গরুমারা, চাপরামারি এবং নেওড়াভ্যালির জঙ্গলে শুমার শুরু হবে বলে বন দফতরের তরফে জানানো হয়েছে। বাঘের অস্তিত্ব জানতে সাড়ে ১০ হাজার ফুট উচ্চতার পাহাড়ি বনাঞ্চলের একাধিক ব্লকজুড়ে



প্রচুর ক্যামেরা জানুয়ারির প্রথমেই লাগানো হবে। ক্যামেরাগুলিতে অত্যাধুনিক নাইট ভিশন মোড থাকায় অন্ধকারেও বাঘের ছবি তোলা যাবে বলে জানান গরুমারা বন্যপ্রাণ বিভাগের ডিএফও

দিজপ্রতিম সেন। লাভা, মৌচুকি, হাতিডাঙা, জড়িঝুটিডাঙা, ডোলেক্যাম্প, গোপুনে, আলুবাড়ি ও চোন্দোফেরির মতো পাহাড়ি এলাকায় ক্যামেরাগুলি বসানো হবে। এর বাইরে ভারত-ভূটান ও ভারত-সিকিম সীমান্তেও ক্যামেরা বসবে। প্রসঙ্গত নেওড়াভ্যালিতে ২০১৭ সালের ফেব্রুয়ারি, ২০১৮ সালের জানুয়ারি এবং ২০২০ সালের জানুয়ারিতেও ক্যামেরাবন্দি হয়েছে বাঘ। মাঝে এক বছরের বিরতি থাকলেও ২০২২ সালের অক্টোবর এবং ২০২৩ সালের জানুয়ারিতে ফের বাঘের দেখা মেলে। এমনকী ২০২৪ সালেও একাধিকবার ট্র্যাপ ক্যামেরায় ধরা দিয়েছে রয়্যাল বেঙ্গল টাইগার।





# খেজুরিতে সমবায় নির্বাচনে গোহারান হেরে গেল বিজেপি

সংবাদদাতা, খেজুরি : সাংসদ, বিধায়ক এসেও হল না কাজ। সমবায় সমিতির নির্বাচনে গোহারা হারতে হল বিজেপিকে। রবিবার পূর্ব মেদিনীপুর জেলার খেজুরি- ১ ব্লকের টিকাশি অঞ্চলের অড়াবাগা সমবায় কৃষি উন্নয়ন সমিতির পরিচালকমণ্ডলীর সদস্য নির্বাচন ছিল। যার মোট আসন সংখ্যা ১২টি। সেখানে নির্বাচনের মাধ্যমে সবকটি আসনেই জয়ী হয়েছেন তৃণমূলের প্রার্থীরা। রবিবার বিকেলে এই নির্বাচনের ফলাফল প্রকাশ হতেই মিষ্টিমুখের সঙ্গে সঙ্গে উড়তে থাকে সবুজ আঁবির। জয়ী প্রার্থীদের অভিনন্দন জানাতে উপস্থিত হন জেলা যুব তৃণমূল সভাপতি শেখ জালাউদ্দিন। জানা গিয়েছে, এই সমবায় আগেও তৃণমূলের দখলে ছিল। মাসখানেক আগে সমবায় সমিতির বোর্ডের মেয়াদ শেষ হতেই নির্বাচন ঘোষণা হয়। তৃণমূলের বিরুদ্ধে সবকটি আসনে প্রার্থী দেয় বিজেপি। সমবায় দখল করতে বিজেপির প্রার্থীদের হয়ে প্রচারে এসেছিলেন খোদ



■ সমবায় জয়ের পর উচ্ছ্বসিত তৃণমূল প্রার্থীরা। রবিবার।

বিরোধী দলনেতার ভাই তথা কাঁথির সাংসদ সৌমেন্দু অধিকারী। তাতে তোয়াক্কা না করেই মানুষের রায়ে রবিবার ভোটভূমিতে সবকটি আসন দখল করেছে তৃণমূল। এই সমবায়ের মোট ভোটার ৯৭০। তার মধ্যে ভোট পড়েছে

৮৯%। জেলা যুব তৃণমূলের সভাপতি শেখ জালাউদ্দিন বলেন, মানুষ মিথ্যে ভাওতাবাজিতে পা না দিয়ে প্রকৃত উন্নয়নের সঙ্গে রয়েছেন। আজ তার প্রমাণ মিলল। আগামী দিনে ওদের জামানত জন্ম হবে।

## তৃণমূলের প্রাক্তন বৃথ সভাপতির রহস্যমৃত্যু



■ ঘটনাস্থলে গ্রামবাসীদের ভিড়। ইনসেটে, মৃত মদন লোহার।

সংবাদদাতা, বীরভূম : তৃণমূল প্রাক্তন বৃথ সভাপতি মদন লোহারের মৃতদেহ উদ্ধারকে কেন্দ্র করে ব্যাপক চাঞ্চল্য ছড়াল। রবিবার সকালে মদনের মৃতদেহ কঞ্চালীতলা গ্রাম পঞ্চায়েতের ঢোলটিকুরি গ্রামের মাঠে পড়ে থাকতে দেখেন স্থানীয় বাসিন্দারা। খবর দেওয়া হয় শান্তিনিকেতন থানায়। পুলিশ মৃতদেহ উদ্ধার করে ময়নাতদন্তে বোলপুর মহকুমা হাসপাতালে পাঠিয়ে দেয়। কীভাবে এই তৃণমূল নেতার মৃত্যু, তা নিয়ে প্রশ্ন দেখা দিয়েছে। তবে মৃত নেতার স্ত্রী দাবি করেছেন, রাজনৈতিক কারণে তাঁর স্বামীকে খুন করা হতে পারে। পুলিশ সঠিক তদন্ত করুক। বীরভূম জেলা পরিষদ সভাপতি কাজল শেখ বলেন, অত্যন্ত দুঃখজনক

ঘটনা। মদন লোহার তৃণমূলের প্রাক্তন বৃথ সভাপতি ছিলেন। কীভাবে ওঁর মৃত্যু হল, তার ঠিক তদন্ত পুলিশ করবে। এই মৃত্যুর পিছনে যে বা যারা জড়িত, আমরা নিশ্চিত পুলিশ সেই অপরাধীকে চিহ্নিত করবে। প্রাক্তন বৃথ সভাপতি হওয়ার পাশাপাশি বর্তমানে সক্রিয় তৃণমূল কর্মী ছিলেন মদন লোহার। আমরা ওঁর পরিবারের পাশে আছি। বীরভূমের পুলিশ সুপার শ্রী আমনদীপ বলেছেন, শান্তিনিকেতন থানার পুলিশ ইতিমধ্যে তদন্ত শুরু করেছে। মৃত তৃণমূল নেতা এলাকায় সজ্ঞান ব্যক্তি বলেই পরিচিতি ছিলেন। ২০১৪ সালে বৃথ সভাপতি ছিলেন। এখনও দলের এখন একজন সৈনিক হিসেবে কাজ করতেন।

## নাবালিকা ছাত্রীর শ্রীলতাহানিতে ধৃত স্কুল পরিচালন কর্তা

সংবাদদাতা, ঝাড়গ্রাম : ঝাড়গ্রামের মানিকপাড়া এলাকার একটি হাইস্কুলে নাবালিকা ছাত্রীর শ্রীলতাহানির অভিযোগে বিদ্যালয় পরিচালন কমিটির সভাপতিকে গ্রেফতার করেছে পুলিশ। ঘটনাটি ঘিরে এলাকায় চাঞ্চল্য ছড়িয়েছে। জানা গিয়েছে, শনিবার দুপুরে অভিযুক্ত সভাপতি স্কুলের একটি পুরনো মাটির ঘরে কাজ আছে বলে নাবালিকা ছাত্রীকে সেখানে ডেকে নেন। অভিযোগ, ওই ঘরেই ছাত্রীটির সঙ্গে অশালীন আচরণ করা হয়। ঘটনার পর বাড়ি ফিরে ছাত্রী বিষয়টি অভিভাবকদের জানান। একই রাতে অভিভাবক ও স্থানীয়রা বিদ্যালয়ের প্রধান শিক্ষকের সঙ্গে কথা বলেন। পরদিন রবিবার মানিকপাড়া বিট হাউসে লিখিত অভিযোগ দায়ের করা হলে পুলিশ অভিযুক্তকে গ্রেফতার করে। পুলিশ জানিয়েছে, ঘটনার সমস্ত দিক খতিয়ে দেখা হচ্ছে এবং তদন্ত চলছে।



## জেলা পুলিশের সাফল্য, দ্রুত উদ্ধার সোনার হার

সংবাদদাতা, নদিয়া : জেলা পুলিশের বড়সড় সাফল্য। দ্রুত উদ্ধার চুরি যাওয়া সোনার হার। কৃষ্ণনগর গভর্নমেন্ট কলেজ ময়দানে ১১ ডিসেম্বর মুখ্যমন্ত্রী জনসভা ছিল। দূরদূরান্ত থেকে তৃণমূল কর্মী-সমর্থকদের সমাগম হয়েছিল চোখে পড়ার মতো। এসেছিলেন অসংখ্য মহিলা। কিন্তু জনসভা শেষে তিন মহিলা তৃণমূল সমর্থক কুলগাছির বিজলী



বিশ্বাস, চন্দনা মণ্ডল এবং কণিকা পোলর সোনার হার চুরি যায় বলে অভিযোগ। কোতোয়ালি থানায় ওঁরা অভিযোগ দায়েরের সঙ্গে সঙ্গেই তদন্তে নেমে পুলিশ এক মহিলাকে গ্রেফতার করে। নাম রূপালি দেবী, বাড়ি ঝাড়খণ্ডে। তাঁর হেফাজত থেকে চুরি যাওয়া তিনটি সোনার হারই উদ্ধার হয়েছে।

■ পুলিশ হেফাজতে রূপালি দেবী।

## গঙ্গাসাগর : আজ বৈঠক

প্রতিবেদন : আজ, সোমবার নবান্নে গঙ্গাসাগর মেলার প্রস্তুতি নিয়ে উচ্চ পর্যায়ের বৈঠকে বসছেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। বিকেল সাড়ে ৪টেয় নবান্ন সভাঘরে বৈঠক। থাকবেন মুখ্যসচিব মনোজ পন্থ, রাজ্যের ভারপ্রাপ্ত ডিজি রাজীব কুমার, গুরুত্বপূর্ণ দফতরের মন্ত্রী ও সচিবরা। জনস্বাস্থ্য কারিগরি দফতর, পূর্ত, পরিবহণ,

সুন্দরবন উন্নয়ন দফতর, বিদ্যুৎ, খাদ্য, দমকল, পরিবেশ, বিপর্যয় মোকাবিলা দফতরের মন্ত্রী ও আধিকারিকদের থাকতে নির্দেশ দেওয়া হয়েছে। গঙ্গাসাগর মেলার প্রস্তুতি বৈঠক প্রত্যেক বছর করেন মুখ্যমন্ত্রী। প্রস্তুতি সম্পর্কে তাঁদের কাছ থেকে জানতে চান। নতুন বছরের ১০ থেকে ১৬ তারিখ গঙ্গাসাগর মেলা। পূণ্যমান ১৪ জানুয়ারি।



■ মোহনবাগানের 'অমর একাদশ' ফুটবলারদের স্মরণে নিজের বাড়িতে ওয়াল ম্যুরাল স্থাপন করলেন বারুইপুরের অবসরপ্রাপ্ত ব্যাঙ্ক অফিসার তপন রায়। রবিবার তার উদ্বোধন করলেন ফুটবলার মানস ভট্টাচার্য ও বিদেশ বসু। ছিলেন অমল কবিরাজ, উমাপ্রসাদ ভট্টাচার্য-সহ মোহনবাগান সমর্থক। মোহনবাগানী তপনবাবু নিজে একসময় ব্যাঙ্কের টিমের হয়ে বিভিন্ন রাজ্যে খেলেছেন।



■ এসআইআর-এর নামে বিজেপির উসকানিতে অহেতুক আতঙ্কের সৃষ্টি করছে নির্বাচন কমিশন। তার বিরুদ্ধতা করে সভার আয়োজন করে তৃণমূল, বহরমপুরে। সভায় মুখ্য বক্তা ছিলেন পরিবহণমন্ত্রী মেন্‌শিস চক্রবর্তী। সভা থেকে শীতবস্ত্রও বিতরণ করা হয়।

## আমাদের পাড়া আমাদের সমাধান স্কুলনির্মাণ ও রাস্তার কাজের সূচনা

সংবাদদাতা, মেদিনীপুর : কথা দিয়ে কথা রাখার নাম মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। তাঁর স্বপ্নের প্রকল্প 'আমাদের পাড়া আমাদের সমাধান'। এই প্রকল্পের অধীনে প্রাইমারি স্কুলনির্মাণ ও সংস্কারকাজ, রাস্তাঘাট নির্মাণ ইত্যাদি কাজ রয়েছে। রবিবার ৯ নম্বর ওয়ার্ডে চারটি কাজের শুরু সূচনা হল কর্নেলগোলা পুরনো নারায়ণ বিদ্যালয় নাবালিকা বিদ্যালয়ের মাঠে। উদ্বোধক ওয়ার্ডের কাউন্সিলর বিপ্লব বসু জানান, বাকি বুথের কাজগুলিও দ্রুত শুরু করা হবে। এই



উদ্বোধন অনুষ্ঠানে ছিলেন ওয়ার্ড কমিটির সম্পাদক কাজল রায়, ওয়ার্ড কমিটির সদস্য নবেন্দু সেন, পার্শ্বপ্রতিম মণ্ডল, প্রসাদ আঢ়া, অমিত সাউ, সরোজ দাস, সুরেশ ভূঁইয়া, রাজেশ দেবশর্মা প্রমুখ। অনুষ্ঠানটি পরিচালনায় ছিলেন শঙ্কর মাজি।



আজ, সোমবার থেকে ২১ ডিসেম্বর পর্যন্ত ফের খড়াপুর ও আদ্রা ডিভিশনে একাধিক ট্রেন বাতিলের সিদ্ধান্ত নিল দক্ষিণ-পূর্ব রেল। বেশ কিছু ট্রেনের আংশিক যাত্রাপথ ও সময় পরিবর্তন হচ্ছে। যাত্রীদের কথায়, এই ডিভিশনে সময়মতো ট্রেন চলে না

## আদিবাসী সভায় মন্ত্রী-সহ নেতৃত্ব



■ সভায় মন্ত্রী মলয় ঘটক-সহ অন্যান্য।

সংবাদদাতা, আসানসোল : আসানসোলের ব্লু ফ্যাক্টরি অঞ্চলে রবিবার আদিবাসী সমাজের পক্ষ থেকে এক সভার আয়োজন করা হয়। আসানসোল উত্তরের বিধায়ক এবং মন্ত্রী মলয় ঘটক, এমএমআইসি গুরুদাস চট্টোপাধ্যায়, বোরো চেয়ারম্যান অনিমেস দাস, উৎপল সিনহা-সহ বহু বিশিষ্টজন উপস্থিত ছিলেন। আদিবাসী সমাজের বহু মানুষ উপস্থিতিতে মন্ত্রী-সহ অতিথিবৃন্দকে সম্মানিত করা হয়। মন্ত্রী মলয় ঘটক বলেন, আদিবাসী সমাজের উন্নয়নের জন্য রাজ্য সরকারের তরফে নানা প্রকল্প গ্রহণ করা হয়েছে। মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের নেতৃত্বে আদিবাসী সমাজের উন্নয়ন ত্বরান্বিত হয়েছে।



■ সাঁইখিয়া বিধানসভার বনগ্রাম অঞ্চল তৃণমূল কংগ্রেস কর্মিটির উদ্যোগে শীতবস্ত্র বিতরণ অনুষ্ঠানে উপস্থিত রয়েছেন সভাপতি কাজল শেখ। রবিবার।

## সরস্বতীর খুঁটিপুজো



সংবাদদাতা, দুর্গাপুর : খুঁটিপুজোর মাধ্যমে সূচনা হল দুর্গাপুর ইম্পাতপল্লি নেতাজি ক্লাবের ১৯তম বর্ষের সরস্বতী পুজোর। রবিবার সকালে মস্তোচ্চারণ ও ঢাকের বাজনার মধ্য দিয়ে অনুষ্ঠিত হয় এই খুঁটিপুজো। এবছর পুজোর থিম ‘রহস্যময়ী মুখোশ’ এবং প্রতিমার নাম ‘কিউট সরস্বতী’। আগামী ২১ জানুয়ারি জাঁকজমকের সঙ্গে পুজো হবে। পুজোর ক’দিন থাকছে নানা সাংস্কৃতিক অনুষ্ঠান, সামাজিক কর্মসূচি ও শিশুদের জন্য বিশেষ আয়োজন। ক্লাব সদস্য স্বাধীন ঘোষ জানান, প্রতি বছরের মতো এবছরও ইম্পাতপল্লি নেতাজি ক্লাব ব্যতিক্রমী থিম ও বিশেষ চমক নিয়ে সরস্বতী পুজোর আয়োজন করছে।

## পর্যুদস্ত বিরোধীরা, ৬-এ ৬ পেয়ে নিরঙ্কুশ তৃণমূল ডেবরার সমবায় ভোটে সবুজ ঝড়

সংবাদদাতা, ডেবরা : ডেবরার ব্রাহ্মণশাসন সমবায় কৃষি উন্নয়ন সমিতির নির্বাচনে জয়ী হলেন তৃণমূল প্রার্থীরা। সিপিএম আমলে এই সমবায়ের কখনও ভোট হয়নি। রবিবার ভোট হওয়ায় বিরোধীরা প্রথমে গোলমাল পাকিয়ে তা বানচাল করার চেষ্টা করে। কিন্তু ব্যর্থ হয় এবং ৬টি আসনের সব কটিই জিতে নেন তৃণমূলের প্রার্থীরা। জয়ের খবর পেয়েই আনন্দে মেতে ওঠেন দলের কর্মী-সমর্থকরা। এই জয়ের প্রধান কারিগর মা-মাটি-মানুষ। এদিনের নির্বাচনে ভুঁয়া ১০/১ অঞ্চল সভাপতি গোবিন্দ সামাই ও জলিমাদা অঞ্চল সভাপতি সুবল রানা, নির্বাচনের পর্যবেক্ষক গোলগ্রাম অঞ্চল সভাপতি কৌশিক গঙ্গোপাধ্যায়, ডেবরা ৫/২ অঞ্চল সভাপতি সমর দাস, রাধামোহনপুর ১১/২ অঞ্চল সভাপতি শিবপ্রসাদ হুই, ব্লক কিয়ান খেতমজুর সেল সভাপতি বাদল ধাওড়্যা, ব্লক এসসি/ওবিসি



■ দলের জয়ী ছয়জনকে নিয়ে তৃণমূল নেতা-কর্মীদের মিছিল। ডেবরার ব্রাহ্মণশাসনে।

সেল সভাপতি গৌতম শীট, ডেবরা পূর্ব চক্রের তৃণমূল প্রাথমিক শিক্ষক সমিতির সভাপতি সৌমিত্র ভুঁইয়া প্রমুখ যারা পরিশ্রম করে প্রার্থীদের হয়ে প্রচার ও কাজ করেছেন তাঁদের অভিনন্দন জানানো হয় দলের পক্ষ থেকে।

## জঙ্গলে পোড়া গাড়ি রহস্য-তদন্তে পুলিশ

সংবাদদাতা, কাঁকসা : ঘন ও প্রায় দুর্গম এক জঙ্গলের মাঝখানে একটি জলাশয় আর তার পাশে আগুনে পুড়ে প্রায় ছাই হয়ে পড়ে আছে বিলাসবহুল এক চারচাকা গাড়ি। রহস্যময় এই ঘটনায় ব্যাপক চাঞ্চল্য ছড়ায় দুর্গাপুরের কাঁকসার বামনারা



এলাকায়। রবিবার সকালে স্থানীয়দের প্রথম চোখে পড়ে বামনারার ভট্টাচার্য পুকুরের কাছে আগুনে পুড়ে যাওয়া একটি গাড়ি পড়ে রয়েছে। তাঁদের মনে প্রশ্ন জাগে, কী করে জঙ্গলের মধ্যে নির্জন জায়গায় গাড়িটি ঢুকল? খবর পেয়ে কাঁকসা থানার পুলিশ ঘটনাস্থলে এসে রহস্যজনক এই ঘটনার তদন্ত শুরু করে।

## পাড়া শিবিরে সমাধান, দাসপুরে স্কুল সাজানোর কাজ শুরু পঞ্চায়েতের

সংবাদদাতা, দাসপুর : মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের অনুপ্রেরণায় দিকে দিকে ছড়িয়ে পড়েছে উন্নয়ন। রাজ্যের সমস্ত জেলায় একের পর এক জনমুখী প্রকল্পে বিশেষ করে উপকৃত হচ্ছে গ্রামাঞ্চল এলাকার মানুষ। তাই মানুষের সমস্যার সমাধান কীভাবে করা যায় তা নিয়ে শুরু হয় আমাদের পাড়া আমাদের সমাধান কর্মসূচি। তাকে ঘিরেই এলাকার চেহারা একেবারে বদলে যাচ্ছে। যার নিদর্শন, দাসপুর ২ ব্লকের খুকুড়দহ গ্রাম পঞ্চায়েত। জানা যায়, ওই গ্রাম পঞ্চায়েতের অধীন শ্রীপুর বোর্ড প্রাথমিক বিদ্যালয়ে দীর্ঘদিন পড়ুয়াদের পানীয় জলের সমস্যা ছিল। এলাকার জনপ্রতিনিধি তথা দাসপুর ২ পঞ্চায়েত কর্মাধ্যক্ষ কবিতা সামন্তর নেতৃত্বে বিদ্যালয়কে সাজানো হল ঢেলে। ১,১৫,৪৯০ টাকা খরচে পড়ুয়াদের জন্য স্কুলের



সামনে দোলনা ও স্লিপার বসানো হল। বিশুদ্ধ পানীয় জলের সমস্যা সমাধানে লাগানো হল জলের মেশিন। বিদ্যালয়ের ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক প্রশান্ত ভুঁইয়া বলেন, আমাদের বিদ্যালয়ে মোট ৬৫ জন ছাত্রছাত্রী রয়েছে। স্কুলের পরিকাঠামো ঠিক হলেও পানীয় জল ও পড়ুয়াদের খেলাধুলার ক্ষেত্রে খুব সমস্যা হত। বিষয়টি আমরা কর্মাধ্যক্ষকে জানাতে তিনি এই অনুদান পাইয়ে দেওয়ার ব্যবস্থা করেন। পাশাপাশি বিদ্যালয়ের পাশের একটি অঙ্গনওয়াড়ি কেন্দ্রেও বসানো হয়েছে বিশুদ্ধ পানীয় জলের মেশিন। অভিভাবক-সহ এলাকার মানুষ বলেন, দিদি শুধু সাধারণ মানুষের জন্য নয়, ছোট ছোট শিশুদের পড়াশোনা ও স্বাস্থ্য যাতে বিকাশিত হয় তারও ব্যবস্থা করে দিলেন আজ। ধন্যবাদ রাজ্যের মুখ্যমন্ত্রীকে।



## শতাধিক দুঃস্থ মানুষ, ছোটদের পুলিশের সহায়

### ঝাড়গ্রাম

সংবাদদাতা, ঝাড়গ্রাম : ঝাড়গ্রাম পুলিশের সহায় কর্মসূচির মাধ্যমে বাঁশপাহাড়ি ফাঁড়ির অন্তর্গত কাঁকড়াঝোর গ্রামের ১২০ জন বাসিন্দাকে দেওয়া হল শীতের কম্বল, ৩০ জন ছেলেমেয়েকে সোয়েটার, ৪০টি পরিবারকে প্রয়োজনীয় রেশন ইত্যাদি। ঝাড়গ্রাম জেলা পুলিশের বিভিন্ন প্রকল্প রক্তদান শিবির, দিশা অবৈতনিক ফ্রি কোচিং সেন্টার, লক্ষ্যভেদ প্রতিযোগিতামূলক পরীক্ষা প্রস্তুতি, সাইবার প্রতারণা, ডাইনি অপবাদ, নারীশিক্ষা, বাল্যবিবাহ বিষয় নিয়ে সচেতন করা হয় এদিন। উপস্থিত ছিলেন বেলপাহাড়ি থানার আইসি দীপঙ্কর দাস, বাঁশপাহাড়ি ফাঁড়ির ওসি শুভেন্দু রানা, বরানগরের ইচ্ছে উড়ান সংস্থার সদস্যরা-সহ পুলিশকর্মী ও কতারা।

## গাঁজাগাছ নষ্ট করে দিল পুলিশ

সংবাদদাতা, সবং : কোথাও পান বরজ, কোথাও সজ্জির খেতের আড়ালে চলছিল গাঁজা চাষ। গোপন সূত্রে খবর পেয়ে সবং সার্কেল আবগারি দফতর এবং সবং থানার পুলিশের যৌথ অভিযান চালিয়ে লক্ষ্যধিক টাকার গাঁজা গাছ নষ্ট করে দিল রবিবার। ভেমুয়া, মোহাড় গ্রাম পঞ্চায়েতে পান বরজ ও সজ্জি খেতের মধ্যে গোপনে চলছিল গাঁজা চাষ।

## নতুন বছরের আগেই দিঘার জঙ্গলে ঘুরে বেড়াবে ডাইনোসর

তুহিনশ্রুত আশুয়ান • দিঘা

চারিদিকে সবুজে ঘেরা জঙ্গল। তারই মাঝে জুরাসিক যুগের রূপকথার গর্জন। রোমাঞ্চে ভরা প্রাচীন ডাইনোসরদের প্রতিরূপ এবার দেখা যাবে দিঘায়। পৃথিবীর বাস্তবত্বের প্রাগৈতিহাসিক অধিবাসী তথা পৃথিবীর বুকে প্রায় ১৬ কোটি বছর ধরে রাজত্ব করা ডাইনোসরের দেখা মিলবে সমুদ্রপাড়েই। পর্যটকদের কাছে এই খবর ছড়িয়ে পড়তেই দিঘার আকর্ষণ ইতিমধ্যেই বেশ কয়েক গুণ বেড়ে গিয়েছে। জানা গিয়েছে, সবুজ গাছগাছালিতে মোড়া জগন্নাথ মন্দিরের সামনেই অবস্থিত নেচার পার্কের মধ্যে ঘুরে বেড়াবে ডাইনোসররা। এক বেসরকারি সংস্থার মাধ্যমে দেশের বাইরে থেকে এই সমস্ত মুভিং ডাইনোসর ইতিমধ্যে আনাও হয়েছে। সেগুলিই গর্জন করতে করতে ঘুরে বেড়াবে গোটা



■ দিঘার এই নেচার পার্কে আসছে ডাইনোসরের দল।

নেচার পার্কজুড়ে। পার্কে প্রবেশ করলে প্রযুক্তির মাধ্যমে ডাইনোসরদের বিবর্তনের বিভিন্ন ইতিহাসও দেখতে পাবেন পর্যটকরা। দায়িত্বপ্রাপ্ত সংস্থাটির সূত্রে খবর, প্রায় ১৫০টি মুভিং ডাইনোসর ইতিমধ্যে বিদেশি সংস্থার থেকে কিনে আনা হয়েছে। ভারতে এই ধরনের এত বড় ডাইনোসর পার্ক

এই প্রথম। এক-একটি ডাইনোসরের আকার প্রায় ৪০ থেকে ৪৫ ফুট। কালো অন্ধকারে মোড়া সবুজ জঙ্গলে গায়ে কাটা দেওয়ার মতো পরিস্থিতির সৃষ্টি করবে এই মুভিং ডাইনোসররা। পাশাপাশি বেশ কিছু মুভিং ভল্লুক, ক্যাঙারুও আনা হয়েছে নেচার পার্কের জন্য। কয়েকদিনের মধ্যেই নেচার পার্কের এই সমস্ত নয়া সংযোজন প্রত্যক্ষ করতে পারবেন পর্যটকরা। নতুন বছরের আগেই এ এক বাড়তি আকর্ষণ বলাই চলে। দায়িত্বপ্রাপ্ত সংস্থার কর্ণধার প্রদীপ দাস বলেন, ভারতে এই ধরনের ডাইনোসর পার্ক আর নেই। দিঘার নতুন বছরের আগে এই পার্ক বাড়তি আকর্ষণ হয়ে দাঁড়াবে পর্যটকদের কাছে। এ নিয়ে দিঘা-শঙ্করপুর উন্নয়ন পর্যদের একজিকিউটিভ অফিসার সুরজিং পণ্ডিত বলেন, নতুন বছরের আগেই এই নতুন সংযোজন পর্যটকদের কাছে তুলে ধরার চেষ্টা চলছে।





# লোক আদালতে একদিনে নিষ্পত্তি হল ৪৩৭০ মামলা, আদায় প্রায় ১১ কোটি

সংবাদদাতা, মেদিনীপুর : সুদ-সহ কৃষিগণ বাকি ছিল ১ লক্ষ ৭৬ হাজার টাকা। তা পরিশোধ করতে না পারায় পশ্চিম মেদিনীপুর জেলায় লোক আদালতের দ্বারস্থ হন ৭০ বছরের এক বৃদ্ধ। শেষে তিনি মাত্র ১০ হাজার টাকায় লোন পরিশোধ করার নির্দেশ পেলেন। এছাড়াও ক্যানসার রোগী, কিডনি রোগীদের ক্ষেত্রেও বিশেষ ছাড় দিয়েছেন ব্যাঙ্ক কর্তৃপক্ষ। কেউ কেউ প্রেসক্রিপশন ছাড়া ওষুধ নিয়েও হাজির হয়েছিলেন। শনিবার মেদিনীপুর জেলায় লোক আদালতের ২২টি বেঞ্চ বসেছিল। প্রতিটি বেঞ্চ



■ লোক আদালতের বিচারকরা। রবিবার, পশ্চিম মেদিনীপুরে।

একজন করে আদালতের বিচারক, একজন করে আইনজীবী এবং একজন করে সমাজসেবী বেঞ্চের সদস্য ছিলেন। ডিস্ট্রিক্ট লিগ্যাল সার্ভিস অথরিটি পশ্চিম মেদিনীপুর জেলার উদ্যোগে এদিনের লোক আদালতের সূচনা করেন ডিস্ট্রিক্ট অ্যাড সেশন জজ কাম ডিস্ট্রিক্ট লিগ্যাল সার্ভিস অথরিটির চেয়ারম্যান সঞ্জয়কুমার দাস।

এদিন ইংলিশ চ্যানেলজয়ী সাঁতারু আফরিন জাবিকে সংবর্ধনা জানানো হয়। তিনিও ছিলেন বিচারক টিমের সদস্য। ডিস্ট্রিক্ট লিগ্যাল সার্ভিস অথরিটির সেক্রেটারি শহিদ পারভেজ বলেন, মেদিনীপুর, খড়গপুর, দাঁতন, গড়বেতা এবং ঘাটাল আদালতে ২০২৫ সালের চতুর্থ জাতীয় লোক আদালত অনুষ্ঠিত হল। আজ সমস্ত পশ্চিম

মেদিনীপুর জেলায় মোট ২২টি বেঞ্চ বসেছিল। লোক আদালতে ব্যাঙ্ক লোন, মোটর অ্যাক্সিডেন্ট, জমিজমা, রেল কেস, ট্রাফিক কেস ইত্যাদি বিভিন্ন ধরনের মোট ১৩২০০টি কেসের বিচার হয়। যার মধ্যে ৪৩৭০টি কেস নিষ্পত্তি হয়েছে ও মোট ১০ কোটি ৯৯ লক্ষ ৩৫ হাজার ৬৮৩ টাকা আদায় হয়েছে।

## সমবায় সমিতির উদ্যোগ



প্রতিবেদন : দাসপুর ২ ব্লকের তৃণমূল পরিচালিত সীতাপুর কৃষি উন্নয়ন সমবায় সমিতি কাজের নিরিখে কেন্দ্র ও রাজ্য সরকারের বিভিন্ন দফতর থেকে ছিনিয়ে এনেছে নানা পুরস্কার। তাদের নিষ্ঠা ও পরিশ্রমের ফল হিসাবে সঙ্গে সমিতির অসংখ্য সদস্যের ভালবাসাকে সম্মান জানাতে বিশেষ উদ্যোগ নেয় সমিতি। সদস্যদের হাতে তুলে দেওয়া হল বিশেষ উপহারের ডালি। সমিতির সভাপতি তথা তৃণমূল নেতা কমল মাইতি বলেন, গত ৭ ডিসেম্বর ছিল সমিতির বার্ষিক সাধারণ সভা। ওই সভায় আমরা পরিচালন কমিটির তরফে আমাদের ১৪০০ সদস্য-সদস্যদের কিছু উপহার দিলাম। প্রত্যেকটি সদস্যদের হাতে সমিতির ম্যানোজার থেকে শুরু করে পরিচালন কমিটির সদস্যরা উপহার তুলে দেন।

## খুঁটিপুজোয় শুরু দুর্গাপুরে কল্লতরু মেলায় প্রস্তুতি

সংবাদদাতা, দুর্গাপুর : আগামী ১ জানুয়ারি থেকে ১০ জানুয়ারি পর্যন্ত দুর্গাপুরে চলবে কল্লতরু মেলা। মা সারদার জন্মতিথি উপলক্ষে গত বৃহস্পতিবার তার খুঁটিপুজো করে শুরু হল মেলার প্রস্তুতিপর্বের কাজ। উপস্থিত ছিলেন নগর নিগমের প্রশাসকমণ্ডলীর চেয়ারপার্সন অনিন্দিতা মুখোপাধ্যায়, কমিশনার আবুল কালাম আজাদ ইসলাম, মেলা কমিটির কল্লোল বন্দ্যোপাধ্যায়, দীপঙ্কর লাহা-সহ অন্যরা। এবার ৫৭ বছরে পড়ছে এই ঐতিহ্যবাহী মেলা। এলাকার দুটি সরকারি বিদ্যালয় ও একটি ক্লাবের হাতে ১ লক্ষ টাকা করে অনুদানের চেক তুলে দেওয়া হয় এই উপলক্ষে।

## ১৯ মোবাইল ভ্যান ঘুরছে বিভিন্ন ব্লকে চিকিৎসা পরিষেবা নিতে উদগ্রীব মানুষ

প্রতিবেদন : সকাল সাড়ে ৯টায় স্বাস্থ্য দফতরের ভ্রাম্যমাণ চিকিৎসা ভ্যান পশ্চিম মেদিনীপুরের বটতলা চক এলাকায় এসে দাঁড়াতেই মুহূর্তে পাড়ার মানুষের ভিড় ও ছোড়াছড়ি শুরু হয়ে গেল। মাত্র ৫০ মিটার দূরেই মেদিনীপুর মেডিক্যাল কলেজ হাসপাতাল থাকতেও ভ্রাম্যমাণ চিকিৎসা ভ্যানের সামনে কেন মানুষের এই লাইন জানা গেল স্থানীয়দের কাছেই। তাঁদের বক্তব্য, হাসপাতালে দীর্ঘক্ষণ লাইনে দাঁড়িয়ে থাকতে হয়। পাড়ার কাছেই যখন চিকিৎসা মিলছে, তখন এখানেই একবার দেখানো বেশি সুবিধার। আবার ছুটির দিনে হাসপাতালের আউটডোর বন্ধ থাকায় এই সুযোগে ভ্রাম্যমাণ চিকিৎসাকেন্দ্রে চেকআপ করিয়ে নিলেন অনেকেই। বর্তমানে পশ্চিম মেদিনীপুরে ১৯টি মোবাইল চিকিৎসা ভ্যান রয়েছে। ২১টি ব্লক ও ৭টি পুরসভা এলাকায় রুটিনমাসিক ঘুরে ঘুরে পরিষেবা দেওয়া হচ্ছে। প্রতিদিন বহু মানুষ এর সুবিধা নিচ্ছেন। দুপুরে পরিষেবা খতিয়ে দেখতে



■ মোবাইল চিকিৎসাকেন্দ্রে মানুষের ভিড়।

এসে মেদিনীপুরের পুরপ্রধান সৌমেন খান জানান, মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় প্রতিটি মানুষের কাছে স্বাস্থ্য পরিষেবা পৌঁছে দেওয়ার লক্ষ্যে এই ভ্রাম্যমাণ চিকিৎসা পরিষেবা চালু করেছেন। মানুষের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণ দেখে বোঝা যায় তাঁর এই উদ্যোগ কতটা সফল। জেলা মুখ্য স্বাস্থ্য আধিকারিক সৌম্যশঙ্কর ঘড়ঙ্গীর কথায়, প্রতিদিন গড়ে দেড় হাজার মানুষ ভ্রাম্যমাণ চিকিৎসাকেন্দ্রে আসছেন। প্রত্যন্ত এলাকায় গিয়ে স্বাস্থ্যকর্মীরা পরিষেবা দিচ্ছেন।

## মানবিক বিডিও গ্রামের বাড়ি বাড়ি ঘুরে বয়স্কদের দিলেন শীতবস্ত্র

সংবাদদাতা, দাঁতন : শীতের সকালে দাঁতন ২ নম্বর ব্লকের পরোলদা গ্রাম পঞ্চায়েতের অন্তর্গত কিয়ারি গ্রামে হঠাৎ হাজির বিডিও। বছর ৯১-এর এক বৃদ্ধকে কেমন আছেন জিজ্ঞাসা করায় তিনি মুদু কণ্ঠে বলেন, চলে যাচ্ছে বাবু। তারপরেই তাঁর হাতে শীতবস্ত্র তুলে দেন বিডিও। শীতের সকালে হঠাৎই বস্ত্র নিয়ে হাজির হওয়া বিডিওকে দেখে গ্রামের মানুষ কার্যত হতচকিত। আর তাঁর হাত থেকে শীতবস্ত্র পেয়ে চোখে জল চলে এল ৯১ বছরের বৃদ্ধ গোবিন্দ বেরা ছাড়াও ৮৩ বছরের শৈল বেরা ও ৮৫ বছর বয়সের লক্ষ্মী রানার। গোবিন্দবাবু বিডিওর মাথায় হাত



■ গ্রামের বৃদ্ধকে শীতবস্ত্র দিচ্ছেন বিডিও অভিরূপ ভট্টাচার্য।

## প্রকল্প প্রস্তুত, মুখ্যমন্ত্রীর ছাড়পত্র পেলেই ঝাড়গ্রামে বেঙ্গল সাফারির কাজ শুরু

প্রতিবেদন : মুখ্যমন্ত্রীর সবুজ সঙ্কেত পেয়ে গেলেই উত্তরবঙ্গের ধাঁচে ঝাড়গ্রামে তৈরি হবে বেঙ্গল সাফারি। এই প্রকল্পের কথা গত ফেব্রুয়ারিতে জেলার আদিবাসী দিবসের মঞ্চ থেকে ঘোষণা করে মুখ্যমন্ত্রী জানিয়েছিলেন ৬৪ একর জমিতে প্রায় ১০ কোটি টাকায় গড়া হবে উত্তরবঙ্গের মতোই টাইগার সাফারি। সেই প্রকল্পের ডিপিআর তৈরির পর মন্ত্রিসভায় পাঠানোও হয়েছে। এখন

অপেক্ষা শুধু অর্থ মঞ্জুরের। সম্প্রতি দুর্গাপুরে এক সংস্থার অনুষ্ঠানে এসে এই কথা ফের জানিয়ে যান বনমন্ত্রী বীরবাহা হাঁসদা। তিনি জানান, ঝাড়গ্রামে মিনি জু-এর



উল্টোদিকে বেঙ্গল সাফারির জন্য প্রয়োজনীয় জমি চিহ্নিত হয়েছে। প্রকল্পের যাবতীয় পেপার ওয়ার্ক তৈরি চলছে। এই প্রকল্পের ফাইল মুখ্যমন্ত্রীর কাছে আছে। তাঁর ছাড়পত্র পেলেই কাজ শুরু হবে। বেঙ্গল সাফারি চালু হলে ঝাড়গ্রামের পর্যটন আরও উন্নত হবে। এই প্রসঙ্গে রূপনারায়ণ ডিভিশনের বনাধিকারিক শিবানন্দ রামের কথায়, ঝাড়গ্রামে বেঙ্গল সাফারির জন্য আগামী মার্চে উত্তরবঙ্গ থেকে বাঘ এনে রাখা হবে ঝাড়গ্রামের মিনি জু-তে। বেঙ্গল সাফারি চালু হলে সেখানেই থাকবে ওই বাঘ। প্রথম পর্ষায়ে বেঙ্গল সাফারিতে বাঘের সঙ্গে হরিণ এবং অন্য কিছু প্রাণী থাকবে। জঙ্গলে ঘেরা আলাদা সংরক্ষিত এলাকায় থাকবে বাঘ-সহ বন্যপ্রাণীরা। সেখানে গাড়িতে পর্যটকদের সাফারি যোৱানোর ব্যবস্থাও চালু হবে। এই প্রকল্পের কাজের দায়িত্ব পালন করবে রাজ্যের পশ্চিমাঞ্চল উন্নয়ন পর্ষদ।

## ছিঁচকে চোরের রহস্যমৃত্যু খেজুরিতে ছড়াল চাঞ্চল্য

সংবাদদাতা, খেজুরি : রবিবার ভোরে খেজুরির বীরবন্দর গ্রাম পঞ্চায়েতের অজয়া গ্রামে রাস্তার পাশের ধান জমি থেকে এক যুবকের মৃতদেহ উদ্ধারে চাঞ্চল্য ছড়ায়। পরে পুলিশ তদন্তে নেমে জানতে পারে তার নাম পরিমল জানা (২৭)। বাড়ি হেঁড়িয়া পঞ্চায়েতের কৃষ্ণনগরে। পুলিশ সূত্রে খবর, মাসখানেক আগে স্থানীয় বাজারে সাইকেল চুরি করতে গিয়ে ধরা পড়ে পরিমল। এছাড়াও তার নামে বেশ কিছু চুরির অভিযোগ রয়েছে। কাদার মধ্যে মাথা পোঁতা দেহ দেখে স্থানীয়রা সঙ্গে সঙ্গে পুলিশকে খবর দিলে পুলিশ এসে মৃতদেহ উদ্ধার করে। পাশ থেকে মেলে হেলমেট, মেয়েদের কানের দুল এবং একটি পারফিউম। জানা যায়, বছরখানেক আগে যুবকের বিয়ে হয়। তবে প্রায়ই মদ্যপ অবস্থায় অশান্তি এবং চুরি-ছিনতাই করায় স্ত্রী বাপের বাড়ি চলে যায়। গোটা ঘটনায় পুলিশের অনুমান, রাতে মদ খেয়ে কোনও অপকর্মের জন্য বেরিয়ে অন্ধকারে ধান জমিতে পড়ে মৃত্যু হয়। মৃতদেহ ময়নাতদন্তে পাঠানো হয়। তবে কোনও লিখিত অভিযোগ হয়নি। হেঁড়িয়া তদন্তকেন্দ্রের আধিকারিক শেখ আসিফুদ্দিন বলেন, কীভাবে মৃত্যু খতিয়ে দেখছি।

দিয়ে আশীর্বাদ করেন। গ্রামের প্রায় প্রতিটি বাড়ির লোকজন বেরিয়ে এসে দেখেন এই কর্মকাণ্ড। তাঁরা ভাবতেই পারছিলেন না যে কোনও সরকারি কর্তা এভাবে সকালবেলায় গ্রামে এসে শীতবস্ত্র দিয়ে যেতে পারেন। এই কাজকে তাঁরা কুর্নিশ জানান। অন্যদিকে দাঁতন ২ ব্লকের বিডিও অভিরূপ ভট্টাচার্য বলেন, সত্যিই এই অভিজ্ঞতা বড় প্রাপ্তি। আমি গ্রামে যাওয়ায় যে গ্রামের মানুষ এতটা আনন্দ পাবেন এটা কল্পনা করতে পারিনি। আমার ব্লক এলাকায় যতজন অসহায় বৃদ্ধ মানুষ রয়েছেন, চেষ্টা করব প্রত্যেকের কাছে পৌঁছে সহযোগিতা করার।



যোগীরাজ্যের বাহরাইচে ফের নেকড়ের  
তাণ্ডব। শুক্রবার ভোররাতে বাড়ির কাছ  
থেকেই নেকড়েটি টেনে নিয়ে গিয়েছিল  
এক শিশুকন্যাকে। ড্রোন উড়িয়েও খোঁজ  
মিলল না তার। তবে নেকড়েটিকে গুলি  
করে হত্যা করেছে বন দফতর

## মনরেগার নাম পরিবর্তনে বিল? সংসদে ছেড়ে কথা বলবে না তৃণমূল

নয়াদিল্লি: সংসদের চলতি শীতকালীন অধিবেশনের শেষ সপ্তাহে মনরেগার নাম পরিবর্তনের জন্য নতুন বিল সংসদে পেশ করতে পারে সরকার। যদি সত্যিই মনরেগার নাম পরিবর্তন সংক্রান্ত বিল পেশ করা হয়, তাহলে মোদি সরকারের এই অপচেষ্টার তীব্র বিরোধিতা করে সংসদে বাড় তুলবে তৃণমূল কংগ্রেস। মনরেগার প্রকল্পে ১০০ দিনের কাজ বাবদ রাজ্যের পাওনা ৫২,০০০



কোটি টাকা না দিয়ে কেন রাতারাতি গোটা প্রকল্পের নাম পরিবর্তন করার চেষ্টা করা হচ্ছে? প্রশ্ন তোলা হবে তৃণমূল কংগ্রেসের তরফে।

উল্লেখ্য, মনরেগা প্রকল্পের নামের সঙ্গে জড়িত আছে জাতির জনক মহাত্মা গান্ধীর নাম। গান্ধীজিকে ‘মহাত্মা’ উপাধি দিয়েছিলেন স্বয়ং কবিগুরু রবীন্দ্রনাথ ঠাকুর।

এখন মনরেগা প্রকল্পের নাম বদলের মধ্যে দিয়ে আসলে বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুরকেই অসম্মান করতে চলেছে মোদি সরকার— তোপ দাগা হবে সংসদের দুই কক্ষেই। কোনওভাবেই তৃণমূল কংগ্রেস মনরেগা প্রকল্পের নাম পরিবর্তনকে মেনে নেবে না। এই প্রসঙ্গে দলের অবস্থান ব্যাখ্যা করতে গিয়ে রবিবার তৃণমূল কংগ্রেসের রাজ্যসভার ডেপুটি লিডার সাগরিকা ঘোষ বলেন, এই সরকারের কোনও নীতি নেই। এরা গায়ের জোরে অনৈতিক পদক্ষেপ গ্রহণ করে। আসলে এরা আবার বাংলা ও বাঙালিকে অপমান করার কথা ভাবছে। বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুরকে অসম্মান করার কথা ভাবছে। কবিগুরুই গান্ধীজিকে মহাত্মা উপাধি দিয়েছিলেন। তাঁর নামাঙ্কিত কেন্দ্রীয় প্রকল্পের নাম পরিবর্তনের ক্ষেত্রে কেন্দ্রীয় সরকারের ভাবনাকে আমরা ধিক্কার জানাই।

## বিজেপির ওড়িশায় শিক্ষকের মাথায় বন্দুক ধরল পড়ুয়া

ভুবনেশ্বর: বিজেপির শাসনে ওড়িশার শিক্ষাক্ষেত্রে কতটা নৈতিক অবনমন ঘটেছে এবং সেইসঙ্গে তলানিতে এসে ঠেকেছে শিক্ষক-পড়ুয়া সম্পর্ক, তার প্রমাণ মিলল এক অভূতপূর্ব ঘটনায়। সম্ভবত অকল্পনীয়ও। সামনেই বোর্ডের পরীক্ষা। কিন্তু পড়াশোনায় মন নেই পরীক্ষার্থীর। তাই ওড়িশার কেন্দ্রপাড়ায় নবম শ্রেণির এক ছাত্রকে বকাবকি করেছিলেন শিক্ষক। গোটা ক্লাসের সামনে এই তিরস্কার মেনে নিতে পারেনি পড়ুয়া। কিন্তু তার ফল যে এত ভয়ানক হবে সেটা স্বপ্নেও ভাবতে পারেনি গোটা স্কুল। হঠাৎ সেই ছাত্র বন্দুক বার করে ধরল শিক্ষকের মাথায়। ক্লাসরুমে আচমকা এই ঘটনায় মুহূর্তের মধ্যে ছড়িয়ে পড়ে আতঙ্ক। খবর দেওয়া হয় পুলিশে। ওড়িশা পুলিশ গুলিভর্তি বন্দুক-সহ ১৪ বছরের ওই কিশোরকে আটক করেছে। কিন্তু প্রশ্ন উঠেছে, বন্দুকটি ছাত্রের হাতে এল কী করে। সেটি নিয়ে সে স্কুলে ঢুকলই বা কীভাবে?

পুলিশ সূত্রে খবর, নবম শ্রেণির ওই ছাত্রকে জুভেনাইল জাস্টিস বোর্ডে হাজির করা হয়। আপাতত তাকে হস্টেল-কাম-অবজারভেশন হোম এবং স্পেশাল হোমে পাঠানোর নির্দেশ দেওয়া হয়েছে। জানা গিয়েছে, ওই পড়ুয়া সরকারি কড়ুয়া উচ্চ বিদ্যালয়ের ছাত্র। এই প্রথম নয়, অনেকদিন ধরেই খারাপ রেজাল্ট এবং উচ্ছৃঙ্খল আচরণের জন্য তাকে শাসন করেছিলেন প্রধান শিক্ষক। শিক্ষকরাও একাধিকবার ওই নাবালকের বিরুদ্ধে পড়াশোনায় গাফিলতি এবং স্কুলে ঝামেলা সৃষ্টি করার জন্য তিরস্কার করেছিলেন।

## কেন্দ্রের দুই মন্ত্রীকে হুঁশিয়ারি তৃণমূলের

# সংসদীয় প্রতিনিধিদলকে সময় না দিলে এবার কড়া পদক্ষেপ

নয়াদিল্লি: বাংলার মানুষের ন্যায্য দাবি-দাওয়া এবং বঞ্চনার কথা শুনতে কেন্দ্রের দুই মন্ত্রী যদি তৃণমূলের সংসদীয় দলকে সময় না দেন, তা হলে কড়া পদক্ষেপ করবে দল। রীতিমতো চাঁচাছোলা ভাষায় একথা জানিয়ে দেওয়া হল মোদি সরকারকে। দেখা করার সময় চেয়ে কেন্দ্রীয় গ্রামোন্নয়ন মন্ত্রী এবং জলসম্পদ মন্ত্রীকে রীতিমতো কড়া ভাষায় আবার চিঠি লিখলেন তৃণমূলের রাজ্যসভার দলনেতা ডেরেক ও'ব্রায়েন এবং দলের লোকসভার চিফ হুইপ ডাঃ কাকলি ঘোষদস্তিদার। লক্ষণীয়, গত সপ্তাহেই তৃণমূলের দুটি সংসদীয় প্রতিনিধিদলের জন্য সময় চেয়ে ওই দুই মন্ত্রীকে চিঠি দেওয়া হয়েছিল তৃণমূলের পক্ষ থেকে। কিন্তু কেন্দ্রের পক্ষ থেকে কোনও সাড়া মেলেনি। এবারে যাবতীয় তথ্য এবং পরিসংখ্যান দিয়ে আবার চিঠি দেওয়া হল তৃণমূলের পক্ষ থেকে।



দেখা করার সময় চাওয়া হল বুধবার। ডেরেক জানিয়েছেন, দলের সব সাংসদদের সঙ্গে বুধবারই দিল্লিতে দলের সংসদীয় কার্যালয়ে জরুরি বৈঠক করবেন তৃণমূলের লোকসভা দলনেতা এবং সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায়। রবিবার ডেরেক ও'ব্রায়েন জানান, তৃণমূলের ১০ জন করে সাংসদ থাকবেন এক-একটি প্রতিনিধি দলে। অর্থাৎ বাংলার প্রতি বঞ্চনার কথা কেন্দ্রের দুই মন্ত্রীর

কাছে বিস্তারিতভাবে ব্যাখ্যা করবেন তৃণমূলের মোট ২০ জন সাংসদ। প্রতিটি প্রতিনিধি দলে থাকবেন লোকসভার ৮ সাংসদ এবং রাজ্যসভার ২ সাংসদ। ডেরেকের কথায়, এটা কোনও ভিক্ষা নয়, বাংলার ১৪ কোটি মানুষের ন্যায্য পাওনার দাবি জানানো তৃণমূল সাংসদরা। ১০০ দিনের কাজের টাকা থেকে শুরু করে জলজীবন মিশন-প্রতিটি ক্ষেত্রে বাংলার প্রতি নির্মম বঞ্চনার কৈফিয়ত চাইবেন তাঁরা। আটকে রাখা অর্থ মোদি

সরকারকে মিটিয়ে দিতে হবে অবিলম্বে। এখনই চালু করতে হবে সমস্ত আটকে রাখা প্রকল্প।

এদিকে এসআইআর নিয়ে সোমবার এবং মঙ্গলবার সংসদে আবার বাড় তুলবে তৃণমূল। লোকসভায় গত সপ্তাহেই তাঁদের যুক্তিবাণে মোদি সরকারকে রীতিমতো কোণঠাসা করে দিয়েছিলেন তৃণমূলের ২ সাংসদ কল্যাণ বন্দ্যোপাধ্যায় এবং শতাব্দী রায়। এবার সোমবার এবং মঙ্গলবার এই ইস্যুতেই রাজ্যসভায় বিজেপি-কমিশনকে এক হাত নেবেন তৃণমূলের ৪ সাংসদ মমতাবালা ঠাকুর, ঋতব্রত বন্দ্যোপাধ্যায়, সাগরিকা ঘোষ এবং ডেরেক ও'ব্রায়েন। শীতকালীন অধিবেশনের শেষ পর্বে মোদি সরকারকে সংসদে ধরাশায়ী করতে প্রস্তুত তৃণমূল। এক কথায় বাংলার মানুষের বঞ্চনার প্রতিবাদে সংসদে শেষ সপ্তাহেও বাড় তুলবে তৃণমূল কংগ্রেস।

## ঋণের বোঝায় বেড়েই চলেছে কৃষকদের আত্মহত্যা, স্বীকার মহারাষ্ট্রের মন্ত্রীরই

মুম্বই: বিজেপি সরকারের আমলে দেশের অল্পদাতা কৃষকদের কতটা করুণ অবস্থা তা বিজেপি শাসিত রাজ্য মহারাষ্ট্রের সরকারের মন্ত্রী নিজে মুখে স্বীকার করে নিলেন। বাস্তবিক বিজেপি সরকারের মুখ ঢাকার কোনও জায়গা নেই তা মন্ত্রির দেওয়া তথ্যেই হাতেনাতে প্রমাণিত হয়েছে। শুধুমাত্র মহারাষ্ট্রে ৭৮১ জন কৃষকের অপমৃত্যু হয়েছে। কারণ, ঋণের বোঝা, সঠিক এমএসপি না পাওয়া, ফসল ক্ষতি ও অনাবৃষ্টি। সহ্য করতে না পেরে ৭৮১ জন কৃষক মহারাষ্ট্রে আত্মহত্যার পথ বেছে নিয়েছে। মহারাষ্ট্রে বিজেপি সরকারের ত্রাণ ও পুনর্বাসন মন্ত্রী মকরন্দ যাদব (পাটিল) বিধান পরিষদে এই তথ্য

জানিয়েছেন। বিরোধীদের তরফে সরকারি তথ্য জানতে চেয়ে প্রশ্ন করা হলে এই বাস্তব সত্য সামনে উঠে এসেছে। এরমধ্যে সর্বাধিক আত্মহত্যার ঘটনা ঘটেছে বিদর্ভের নাগপুর বিভাগে। চলতি বছরে সেখানে আত্মহত্যা করেছেন ২৯৬ কৃষক। মারাঠাওয়াড়ায় মৃত্যু হয়েছে আরও ২১২ জনের। ক্রমবর্ধমান আত্মহত্যার এই পরিস্থিতি নিয়ে পরিষদে প্রশ্ন তুলেছিলেন এমএলসি সুধাকর আদবালে, অশোক জগতাপ, রাজেশ রাঠোর, সহ আরও কয়েকজন। এদিকে মহারাষ্ট্রে শাসক দল বিজেপির দেওয়া তথ্যের সঙ্গে এনসিআরবি-র ২০২৩ সালের সর্বশেষ তথ্যের আকাশ-পাতাল পার্থক্য।

## লিবিয়ায় অপহৃত গুজরাতি পরিবার

আমেদাবাদ: লিবিয়ায় অপহৃত ৩ বছরের কন্যা-সহ গুজরাতির দম্পতি। ২ কোটি টাকা মুক্তিপণ দাবি করে অপহরণকারীরা তাঁদের আটকে রেখেছে বলে জানা গিয়েছে। কিসমতসিংহ চান্দা, হিনাবেন ও মেয়ে দেবাংশী মেহসানার বাদলপুর গ্রামের বাসিন্দা। পর্তুগালের এক এজেন্টের কথায় ২৯ নভেম্বর আমেদাবাদ থেকে দুবাইয়ের বিমানে ওঠেন তাঁরা। সেখান থেকে লিবিয়ার বেনগাজি শহরে নামামাত্রই অপহরণ করা হয় তাঁদের।

# রহস্যের খোঁজে ১২২ বছর পর কোনারক মন্দিরের গর্ভগৃহে খনন

ভুবনেশ্বর: কী রহস্য বালির নিচে? ১২২ বছর পর এই প্রথম। কোনারক সূর্যমন্দিরের গর্ভগৃহে খননকার্য শুরু করল ভারতীয় প্রত্নতত্ত্ব বিভাগ। ব্রিটিশ শাসনকালে ১৯০৩ সাল থেকে এই সূর্যমন্দিরের গর্ভগৃহ বন্ধ করে দেওয়া হয়েছিল। তারপর প্রথমবার কোনারক মন্দিরের গর্ভগৃহ থেকে বালি সরানোর কাজ শুরু হল। সূর্যমন্দিরের অভ্যন্তরে যে অংশটি বালি দিয়ে ভরাট, তার নাম ‘জগমোহন’। সেখানে বালির নিচে কী রয়েছে, তা জানতে দীর্ঘদিন ধরেই

কৌতূহল ছিল মানুষের। এবার সেই কৌতূহলের নিবৃত্তি ঘটতে চলেছে। ২০১৯ সালে সেন্ট্রাল বিল্ডিং রিসার্চ ইনস্টিটিউটের রিপোর্টে জানানো হয়েছিল, জগমোহনের ভিতরে থাকা বালি ক্রমশ জমাট বাঁধছে। এর ফলে বালির স্তূপ ও মন্দিরের মূল কাঠামোর মধ্যে প্রায় ১৭ ফুটের একটি ফাঁক তৈরি হয়েছে, যা ভবিষ্যতে মন্দিরের কাঠামোগত ক্ষতি করতে পারে। সিবিআরআই-এর সুপারিশ অনুযায়ী, ওই ১৭ ফুট ফাঁক নতুন বালি দিয়ে



ভরাট করতে হবে অথবা জগমোহন থেকে সম্পূর্ণ বালি সরিয়ে মন্দির সংরক্ষণের নতুন পদ্ধতি গ্রহণ করতে হবে। এরপর এসআইয়ের চার সদস্যের কমিটি যে রিপোর্ট দেয়, তাতে বালি সরানোর পক্ষেই মত দেওয়া হয়। সেই সুপারিশ অনুযায়ীই অবশেষে কাজ শুরু হল। এসআই জানিয়েছে, সোমবার সন্ধ্যার মধ্যেই মন্দিরের পশ্চিম দিকের দেওয়ালে প্রায় ৯ মিটার পর্যন্ত ড্রিলিং করা হয়েছে। কম্পন এড়াতে বিশেষ প্রযুক্তি ব্যবহার করা হচ্ছে,

কারণ সামান্য কম্পনেও মন্দিরের দেওয়াল ক্ষতিগ্রস্ত হওয়ার আশঙ্কা রয়েছে। পশ্চিম দিক থেকে ৪ ফুট বাই ৪ ফুট মাপের একটি সুড়ঙ্গ তৈরি করে সেখান দিয়েই বালি সরানোর কাজ চলছে। পুরো প্রক্রিয়াটি তত্ত্বাবধান করছেন ১০ জন বিশেষজ্ঞ। উল্লেখ্য, জগমোহনের দেওয়াল প্রায় ৮ মিটার চওড়া। ড্রিলিং ইতিমধ্যেই বালির স্তর পর্যন্ত পৌঁছে গিয়েছে এবং বিশেষ যন্ত্রের সাহায্যে এখন সেখান থেকেই বালি তোলা হচ্ছে।



## ছুটির সকালে রক্তাক্ত হল অস্ট্রেলিয়ার সমুদ্র সৈকত

# ইহুদিদের উৎসবে সন্ত্রাসবাদী হামলা, মৃত্যু অন্তত ১২ জনের

সিডনি : ইহুদিদের উৎসবে গণহত্যা চালাল বন্দুকবাজরা। রবিবার এই নির্মম হত্যাকাণ্ডের সাক্ষী হল অস্ট্রেলিয়ার সিডনির সমুদ্র সৈকত। বিখ্যাত বন্ডি বিচের চিলড্রেন পার্কের কাছে বালুকাবেলা তখন মেতে উঠেছিল ‘ইহুদিদের ‘হানুককাহ’ উৎসবে। সেখানেই আচমকা হামলা চালায় কয়েকজন বন্দুকবাজ। ভিড়ের মধ্যে ঢুকে গুলি চালায় এলোপাথাড়ি। গুলিবিদ্ধ হয়ে রক্তাক্ত অবস্থায় লুটিয়ে পড়েন অন্তত ১২ জন। জখম হন অনেকে। গুলির শব্দ শুনে দ্রুত ঘটনাস্থলে পৌঁছে পাল্টা গুলি চালায় পুলিশ। মৃত্যু হয় এক হামলাকারীর। ধরা পড়ে যায় আরও একজন। বন্দুকবাজদের গুলিতে জখম ৩০ জন মৃত্যুর সঙ্গে লড়াই করছেন হাসপাতালে। ধৃত বন্দুকবাজের অবস্থাও অত্যন্ত সংকটজনক বলে জানা গিয়েছে। হামলাকারীদের একজন ২৪ বছরের নাভিদ আক্রম আদতে পাকিস্তানের লাহোরের

## হামলাকারীদের একজন পাকিস্তানি



বাসিন্দা বলে জানা গিয়েছে। সোশ্যাল মিডিয়ায় পোস্ট করা একটি ছবিতে পাকিস্তানের ক্রিকেট দলের জার্সিতেও দেখা গিয়েছে। তার সঙ্গে সন্ত্রাসবাদী সংগঠন হামাসের কোনও যোগাযোগ আছে কি না তা খতিয়ে দেখাচ্ছে। প্রাথমিকভাবে পুলিশের ধারণা, এটি সন্ত্রাসবাদী হামলা। প্রত্যক্ষদর্শীরা অবশ্য বলছেন, গুলি চালানো হয়েছিল অন্তত ৩টি

আগ্নেয়াস্ত্র থেকে। অন্তত ৫০টি গুলি চালানো হয়েছিল উৎসবের ভিড় লক্ষ্য করে। বন্দুকবাজদের কোমরে গোলাবারুদের বেল্ট ছিল। তা হলে হামলাকারীর সংখ্যা কি মোট ৩ জন ছিল? গুলিকাণ্ডের পর আর একজন কি ফেরার? সোশ্যাল মিডিয়াতেও ভাইরাল হয়েছে হামলার বেশকিছু ছবি এবং ভিডিও। দেখা যাচ্ছে, এক বন্দুকধারী এক পথচারীর দিকে বন্দুক তাক করা মাত্রই দ্রুত

পালাতে চেষ্টা করছেন তিনি। আর একজন বন্দুকধারীকে দেখা যাচ্ছে একটি সেতু থেকে গুলি চালাতে। এই নৃশংস হত্যাকাণ্ডের তীব্র নিন্দা করেছেন এবং মৃতদের জন্য গভীর শোকপ্রকাশ করেছেন অস্ট্রেলিয়ার প্রধানমন্ত্রী আন্টনি আলবেনিজ। জরুরি ভিত্তিতে সমস্তরকম ব্যবস্থা নেওয়ার নির্দেশ দিয়েছেন প্রশাসনকে। প্রাথমিকভাবে তদন্তকারীরা মনে করছেন, দীর্ঘদিন পরিকল্পনা করেই চালানো হয়েছে এই হামলা। কিন্তু অস্ট্রেলিয়ায় হঠাৎ ইহুদিদের উৎসবে হামলার কারণ কী, এর নেপথ্যে আসলে কারা, তা এখনও স্পষ্ট নয়। প্রশ্ন উঠেছে, এই ঘটনার সঙ্গে ইজরায়েল-প্যালেস্টাইন যুদ্ধের কোনও সম্পর্ক আছে কি? খতিয়ে দেখছেন তদন্তকারীরা। এদিকে রবিবার গাজায় হামলা চালিয়ে ইজরায়েল খতম করেছে হামসের শীর্ষ কমান্ডার রায়েদ সাদকে।

## ২ মার্কিন সেনা-সহ ৩ জনকে খুন করল আইএস

দামাস্কাস : ফের ভয়ঙ্করভাবে নিজেদের অস্তিত্ব জানান দিল আইএস। সিরিয়ায় আবার মাথাচাড়া দিয়ে উঠেছে ইসলামিক স্টেট। মধ্য সিরিয়ায় শনিবার মার্কিন সেনার বৈঠকের মধ্যে ঢুকে পড়ে আচমকা গুলিবৃষ্টি শুরু করে এক আইএস জঙ্গি। ঘটনাস্থলেই নিহত হন ২ মার্কিন সেনা জওয়ান এবং একজন মার্কিন নাগরিক। গুরুতর জখম হয়েছেন আরও ২ জওয়ান। পাল্টা গুলিতে প্রাণ হারিয়েছে হামলাকারী জঙ্গিও। শনিবার আমেরিকা সেন্ট্রাল

কমান্ডের পক্ষ থেকে এই হামলার ঘটনা প্রকাশ্যে আনা হয়েছে। এই ঘটনায় প্রবল ক্ষুব্ধ মার্কিন মুলুক। মার্কিন প্রতিরক্ষা সচিব এক হ্যাণ্ডেলে লিখেছেন, আমেরিকানদের উপরে কেউ হামলা চালালে সে পৃথিবীর যেখানেই থাকুক তাকে খুঁজে বের করে নির্মমভাবে হত্যা করা হবে। লক্ষণীয়, বাশার-আল-আসাদ সরকারের পতনের পরে বেশ কিছুদিন ধরে ফের সিরিয়ায় নিজেদের অস্তিত্ব জানান দিল আইএস।

## পরীক্ষা চলার সময়ই আমেরিকার ব্রাউন বিশ্ববিদ্যালয়ে বন্দুকবাজের হামলা, মৃত ২

ওয়াশিংটন : আরও একবার নজরে আমেরিকায় শিক্ষা প্রতিষ্ঠান। ফের ব্রাউন বিশ্ববিদ্যালয়ে পরীক্ষা চলাকালীন বন্দুকবাজের হামলা ঘিরে চাঞ্চল্য। এলোপাথাড়ি গুলি চলল বিশ্ববিদ্যালয় চত্বরে। কালো পোশাক পরা এক বন্দুকধারীর গুলিতে কমপক্ষে দু’জন নিহত এবং আটজন গুরুতর আহত হয়েছেন। ঘটনার পরেই পলাতক বন্দুকবাজ। তার খোঁজে শুরু হয়েছে তল্লাশি। শনিবার বিশ্ববিদ্যালয়ের ইঞ্জিনিয়ারিং ও পদার্থবিদ্যা ভবনে হঠাৎ এক বন্দুকধারী ঢুকে গুলি চালাতে শুরু করে। সেমেস্টারের ফাইনাল পরীক্ষা চলছিল পড়ুয়াদের। ডেপুটি চিফ অফ পুলিশ টিমোথি ও’হারা এই বিষয়ে জানান, সন্দেহভাজন ব্যক্তিটি কালো পোশাক পরা একজন পুরুষ ছিল



এবং হামলা চালানোর পর ইঞ্জিনিয়ারিং ভবন থেকে তাকে বেরিয়ে আসতে দেখা যায়। কিন্তু তারপর সে নিখোঁজ। গোটা ক্যাম্পাস বন্ধ করে দেওয়া হয়েছে। সূত্রের খবর, আহত আটজনের অবস্থা বেশ গুরুতর। মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড

ট্রাম্প এই ঘটনায় শোকপ্রকাশ করেছেন। রোড আইল্যান্ডের গভর্নর ড্যান ম্যাকির অফিস থেকে হোয়াইট হাউসের সঙ্গে যোগাযোগ করা হয়েছে এই বিষয়ে।

জানা গিয়েছে, যে বিল্ডিংয়ে হামলা হয়েছে সেখানে ১০০টিরও বেশি ল্যাব, বেশ কয়েকটি ক্লাসরুম এবং অফিস রয়েছে। গুলিকাণ্ডের সময় ইঞ্জিনিয়ারিং ডিজাইন পরীক্ষা চলছিল। গুলিবর্ষণের পরেই গোটা চত্বরে আতঙ্কের সৃষ্টি হয়। কাছের একটি ল্যাবের শিক্ষার্থীরা ডেস্কের নিচে লুকিয়ে পড়েন এবং আলো নিভিয়ে দেন। ক্যাম্পাসে পুলিশ তল্লাশি চালানোর সময় তিন ঘণ্টারও বেশি সময় সেখানে আটকে ছিলেন অনেক পড়ুয়া।

## কুৎসা শুধু বাংলাকে

(প্রথম পাতার পর)

মেসির সঙ্গে তিনি সেলফি তুলবেন। একবার পছন্দ না হলে বারবার। তাতে মেসি অসন্তুষ্ট হলেন কি না তাতে কিছু যায়-আসে না মুখ্যমন্ত্রীর স্ত্রীর। এমনকী স্মৃতিতে রেখে দেওয়ার জন্য দৌড়ে এসে মেসির সঙ্গে ছবি তুললেন মুখ্যমন্ত্রীও। আর যুক্তিহীন আক্রমণের মুখে পড়তে হয় বাংলার মন্ত্রীকে। যিনি আমন্ত্রিত হয়েই মাঠে ছিলেন। মাঠে শুভশ্রী কেন? মাঠে আরও কয়েকজন তারকা কেন? প্রশ্ন হল, ওয়াংখেড়ে স্টেডিয়ামেও দেখা গেল অজয় দেবগন, টাইগার শ্রফ-সহ মুম্বইয়ের বেশ কিছু ফিল্মি তারকাকে। তাহলে তাঁরা কী করছিলেন? মেসির ফুটবলের সঙ্গে তাদের কী সম্পর্ক? সব শেষে যে কথাটি বলতে হয়, যুবভারতীতে মেসিকে ঘিরে ছিলেন সিআইএসএফ, সেনা-সহ কেন্দ্রীয় বাহিনী। সঙ্গে ছিল মেসির নিরাপত্তারক্ষীরাও। এক সময় দেখা গিয়েছে নিরাপত্তারক্ষীদের কারণেই ভিড়ের মধ্যে হারিয়ে গিয়েছেন ছোট চেহারার মেসি। তাঁকে দেখতে না পেয়ে মানুষের ধৈর্যের বাঁধ ভাঙছিল। কেন মাঠের মধ্যে এতজন কেন্দ্রের নিরাপত্তারক্ষী রইলেন? মুম্বইয়ে কিংবা হায়দরাবাদে তা ছিল না! তাহলে কি ধরে নিতে হবে মেসির হায়দরাবাদ ও মুম্বইয়ের অনুষ্ঠান সফল করে বাংলার অনুষ্ঠান যেঁটে দেওয়া চক্রান্ত হয়েছিল?

## চক্রান্ত উড়িয়ে দেওয়া যাচ্ছে না

(প্রথম পাতার পর)

থেকে সুতোর টানে কোনও চক্রান্ত হয়নি তো যে কলকাতাকে ম্যুলাইন করো আর অন্য জায়গায় করে দেখাও! এই বেসরকারি সংস্থার সঙ্গে দিল্লির চক্রান্তকারীদের সঙ্গে যোগাযোগ আছে না নেই, সেটা খতিয়ে দেখা উচিত। কারণ, বিজেপি নানাভাবে বাংলাকে বদনাম করার চেষ্টা করে। কখনও সিবিআই-ইডি পাঠায়, কখনও টাকা বন্ধ করে, কখনও এসআইআর করে, কখনও বাংলার মন্ত্রীসভার অপমান করে, কখনও বাংলা ভাষাকে অপমান করে। এখন এই বেসরকারি সংস্থাকে পেয়ে তাকে দিয়ে নতুন কোনও চক্রান্ত করেনি তো, যে তুমি কলকাতাটা ভুবিয়ে দাও, আমরা এদিকটা সুখ করে দেখাই! কোথাও কোনও সুতোর টানে এরকম চক্রান্ত হয়েছে কি না, এটাও তদন্তসাপেক্ষ।

## যুবভারতীতে তদন্ত কমিটি

(প্রথম পাতার পর)

সবদিক দেখে-শুনে রিপোর্ট দেবে। আমরা ‘প্রো-অ্যাক্টিভ’। ‘প্রো-রিঅ্যাক্টিভ’ হতে চাই না। তদন্তে ‘মিডিয়া ট্রায়াল’ যেন না হয়, সেই ব্যাপারেও সচেতন থাকার বাতী দিয়েছেন তিনি। এদিন তদন্ত কমিটির সঙ্গে যুবভারতী পরিদর্শনে ছিলেন বিধাননগরের পুলিশ কমিশনার শ্রী মুকেশ ও ডেপুটি পুলিশ কমিশনার অনিল সরকার। তদন্ত কমিটির তরফে যুবভারতীর ভিডিওগ্রাফি করা হয়। পুলিশ সূত্রে খবর, যুবভারতীর ভিতরে এবং বাইরে যেখানে ভাঙচুর হয়েছে সেখানকার সিসিটিভি ক্যামেরা ফুটেজ সংগ্রহ করা হবে। এদিন তদন্ত কমিটি যাওয়ার আগে যুবভারতীর পরিস্থিতি ঘুরে দেখেন রাজ্যপাল সিভি আনন্দ বোসও।

## পুলিশ হেফাজতের নির্দেশ কোর্টের

(প্রথম পাতার পর)

পারেননি দর্শকরা। তাতেই দর্শকদের মধ্যে ক্ষোভের আগুন ছড়িয়ে পড়ে। স্টেডিয়ামে নির্বিচারে ভাঙচুর চালান উত্তেজিত জনতা। লাগানো হয় আগুন। গুঁড়িয়ে দেওয়া হয় অনুষ্ঠানের তোরণ, ছেঁড়া হয় লিওনেল মেসির ছবি দেওয়া ফ্রেম। আয়োজন ও পরিচালনায় চূড়ান্ত গাফিলতির অভিযোগে শনিবার সন্ধ্যাতেই মূল উদ্যোক্তা শতদ্রু দত্তকে বিমানবন্দর থেকে প্রথমে আটক করা হয়, পরে গ্রেফতার করা হয়।

## বিজনেস কনক্লেভে ৮ শিল্পে গুরুত্ব

(প্রথম পাতার পর)

অর্থনৈতিক উপদেষ্টা অমিত মিত্র-সহ প্রশাসনের শীর্ষ আধিকারিকরা। আগামী ১৮ ডিসেম্বর ধনধান্য স্টেডিয়ামে কনক্লেভের সূচনা করবেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। কনক্লেভের দ্বিতীয় পর্বেই বিশ্বব্যাংকের সহযোগিতায় পশ্চিমবঙ্গে চলমান বিভিন্ন প্রকল্পের বিস্তারিত ব্যাখ্যা তুলে ধরা হবে। এই প্রকল্পগুলির মধ্যে উল্লেখযোগ্য হল কলকাতা ও শহরতলির জলপথ পরিবহণের আধুনিকীকরণ, সুন্দরবনের নদী ও খাল সংস্কার, দ্বীপ এলাকার বাসিন্দাদের জীবনযাত্রার মানোন্নয়ন এবং দামোদর অববাহিকায় বন্যা নিয়ন্ত্রণ ও সেচ পরিষেবা উন্নয়ন।





## গৌরীপ্রসন্নর জন্মদিনে

» ৮ ডিসেম্বর কলকাতার মহানায়ক উত্তম মঞ্চের কবি ও গীতিকার গৌরীপ্রসন্ন মজুমদারের ১০১তম জন্মদিন উদযাপন উপলক্ষে আয়োজিত হয় মনোজ্ঞ অনুষ্ঠান। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিধায়ক দেবাশিস কুমার। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সাহিত্যিক নবকুমার বসু। এছাড়াও উপস্থিত ছিলেন সঙ্গীতশিল্পী সৈকত মিত্র, গিটার বাদক স্বপন সেন প্রমুখ। গৌরীপ্রসন্ন মজুমদারের লেখা গান পরিবেশন করেন বিশিষ্ট শিল্পীরা। সঞ্চালনায় ছিলেন মধুমিতা বসু, পারমিতা সরকার। সমগ্র অনুষ্ঠানটি পরিচালনা করেন উত্তরা সেন। আয়োজনে গৌরীপ্রসন্ন স্মৃতি সংসদ।

## সমুদ্রের ডাকে শব্দের উৎসব



» ১৩ এবং ১৪ ডিসেম্বর, দক্ষিণ ২৪ পরগনা জেলার গোবিন্দপুর আবাদ গ্রামে আরশিনগর ইনোভেটিভ মিশনের উদ্যোগে আয়োজিত হয় 'সমুদ্রের ডাকে শব্দের উৎসব' শীর্ষক সাহিত্য ও সাংস্কৃতিক অনুষ্ঠান। প্রথমদিনের অনুষ্ঠান আয়োজিত হয় মিশনের নিজস্ব ভবনে। পরিবেশিত হয় আবৃত্তি, কবিতাপাঠ, গান। আমন্ত্রিত কবি, সাহিত্যিক, শিল্পীদের পাশাপাশি অংশ নেয় প্রতিষ্ঠানের শিশুরা। প্রদর্শিত হয় শুভদীপ রায় পরিচালিত স্বল্প দৈর্ঘ্যের ছবি 'মায়াবৃক্ষ'। দ্বিতীয় দিন সমুদ্র বক্ষে জলযানে অনুষ্ঠিত হয় সাহিত্য সংস্কৃতি সভা। বঙ্গোপসাগরের বুকে আয়োজিত ভাসমান এই অনুষ্ঠানে প্রকাশিত হয় 'সমুদ্র অক্ষর' কবিতা সংকলন। পবিত্রীকৃত হয় আবৃত্তি, কবিতাপাঠ, গান। সমগ্র অনুষ্ঠানটি পরিচালনা করেন প্রতিষ্ঠানের কর্ণধার প্রতনু ভট্টাচার্য। প্রসঙ্গত, সুন্দরবনের ম্যানগ্রোভ অরণ্যে ঘেরা ছোট্ট দ্বীপাঞ্চল পাথরপ্রতিমার ব্রজবল্লভপুর। এখানকার গোবিন্দপুর আবাদ গ্রামে প্রকৃতির কঠিন পরিবেশ ও প্রতিকূলতার মাঝেই নীরবে মানবসেবার দৃষ্টান্ত স্থাপন করে চলেছে আরশিনগর মিশন। ২০২০ সাল থেকে ঝড়-ঝঞ্ঝা, প্রাকৃতিক দুর্যোগ ও মহামারীর মতো নানা বাধা অতিক্রম করে আশ্রমটির কাজকর্ম অব্যাহত রয়েছে। বর্তমানে এখানে ৩০জন অনাথ ও পিছিয়ে পড়া পরিবারের শিশু নিরাপদ আশ্রয়ে বসবাস করছে। তাদের খাদ্য, বস্ত্র ও সার্বিক ভরণপোষণের দায়িত্ব সম্পূর্ণভাবে আশ্রমের। আশ্রম পরিচালিত গুরুকুল বিদ্যালয়ে প্রতিদিন প্রায় ১৩৫ জন শিশু পড়াশোনা করে। পড়াশোনার পাশাপাশি তাদের জন্য দুপুরের খাবারের ব্যবস্থাও করা হয়। খড় ও মাটি দিয়ে নির্মিত এই আশ্রমটি প্রাকৃতিক পরিবেশের সঙ্গে সামঞ্জস্য রেখে গড়ে উঠেছে। শিক্ষাক্ষেত্রে স্থানীয় কিছু শিক্ষিত যুবক-যুবতী নিঃস্বার্থভাবে যুক্ত থেকে শিশুদের পাঠদান করছেন। পাঠ্য শিক্ষার পাশাপাশি গান-বাজনা, তবলা, চিত্রাঙ্কন, যোগা, ধ্যান-প্রাণায়াম, খেলাধুলো ও মাটির মূর্তি গড়ার মতো সহপাঠক্রমিক কার্যকলাপেও শিশুরা সক্রিয়ভাবে অংশগ্রহণ করে।

## বীরযোদ্ধা রায়বেশে

» ২৯ নভেম্বর রবীন্দ্রসদনে মেদিনীপুর জেলার রাঙামাটির ষড়ভুজ নাট্য সংস্থা দলের ৪০ বছর উদযাপন উপলক্ষে বিশেষ অনুষ্ঠানের আয়োজন করে। ড. তরুণ প্রধানের নির্দেশনায় এবং নৃত্য শিল্পী সূতপা আউন প্রধানের সহযোগিতায় পরিবেশিত হয় 'লোকধারার নৃত্য' ও 'বীরযোদ্ধা রায়বেশে'। অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বরুণ চক্রবর্তী, রুদ্রপ্রসাদ সেনগুপ্ত, পদ্মশ্রী নিরঞ্জন গোস্বামী, তীর্থঙ্কর চন্দ, প্রবীর গুহ সোমনাথ সিনহা, ড. শ্রুতি বন্দ্যোপাধ্যায়, পদ্মশ্রী কমলিনী আম্মানা। সংবর্ধনা জানানো হয় স্বপন মাইতি, শুভাশিস গাঙ্গুলি ও শঙ্কু সরেনকে। সর্বশেষ উপস্থাপনা ছিল 'বীরযোদ্ধা রায়বেশে'। ভাষা ও প্রযুক্তির মাধ্যমে রায়বেশের ইতিহাস মঞ্চে উপস্থাপিত করা হয়। সমগ্র অনুষ্ঠানের প্রযোজনা নিয়ন্ত্রণের কাজটি করেছেন অনিবার্ণ সরকার, সুরজিৎ সরকার, বিশ্বজিত মণ্ডল।




## মঞ্চস্থ হল মহাকাল

» সম্প্রতি কলকাতার জ্ঞান মঞ্চে বেঙ্গল রিপোর্টারি নতুন প্রযোজনা 'মহাকাল' মঞ্চস্থ করল। প্রযোজনাটি অত্যন্ত উচ্চ মানের। সামগ্রিক পরিকল্পনায় সুমন সাহা। পরিবেশনায় ছিলেন অক্ষর ঘোষ, চন্দ্রাণী সরকার, হৃদয় পাল, অন্তরা দাস,

প্রিয়াঙ্কা চক্রবর্তী, দেবাদ্বিতা মজুমদার, শুভঙ্কর দাস, এষা দাসশর্মা, সম্রাট রায়। সামগ্রিক আবহ নির্মাণ করেছেন ড. শুভাশিস সরকার এবং বিক্রমজিৎ। আলোক পরিকল্পনায় সৌমজিৎ অধিকারী।



## সম্মাননা প্রদান অনুষ্ঠান



» সম্প্রতি কলকাতা প্রেসক্লাবে বহরমপুরের বাবুলবোনা রোড থেকে রাজীব ঘোষ, সুবীর ঘোষ সম্পাদিত জন্মদিন সাহিত্য পত্রিকার ২৬তম বর্ষের বার্ষিক সম্মাননা প্রদান অনুষ্ঠান হয়ে গেল গুণিজনদের উপস্থিতিতে। এই অনুষ্ঠানে পেশায় নিষ্ঠা ও সত্যতার জন্য পরম-

ব্রতী আইপিএস পাপিয়া সুলতানাকে দেওয়া হয় পরমব্রত সম্মান। বেলা ভট্টাচার্যের নামাঙ্কিত শিক্ষাব্রতী পুরস্কার গ্রহণ করেন অবসরপ্রাপ্ত শিক্ষক জঙ্গিপুুরের শিক্ষা সংস্কৃতির বিস্তারক শেখ মোহাম্মদ ফুরকান। মুর্শিদাবাদ জেলা পরিষদের সদস্য আশা খাতুন বিবিকে প্রদান

করা হয় সম্প্রীতি সম্মান। শিকড় সন্ধানী সম্মাননা গ্রহণ করেন মুর্শিদাবাদের জিয়াগঞ্জের উদ্যোগপতি রুদ্রকান্ত ধর। সমাজসেবায় ধারাবাহিক অবদানের জন্য জীবনকৃতি সম্মান প্রদান করা হয় বেলাভাড়া ভাগীরথী সেবাসদন স্বেচ্ছাসেবী সংস্থার কর্ণধার মোঃ সাইদুজ্জামানকে। বিশেষভাবে সংবর্ধিত করা হয় মুর্শিদাবাদের আর এক ভূমিপুত্র শিক্ষা বিস্তারক কাজী মহসিন আজিমকে। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন কবি-অধ্যাপক অতীক মজুমদার, স্বাতন্ত্র্য ভট্টাচার্য প্রমুখ। জন্মদিন সাহিত্য পত্রিকা সাহিত্যচর্চার পাশাপাশি প্রত্যেক বছর বিভিন্ন ক্ষেত্রে মানুষদের যেভাবে সম্মানিত করে তা অত্যন্ত প্রশংসনীয়। আইপিএস পাপিয়া সুলতানা বলেন সাধারণ থেকে অসাধারণ হয়ে ওঠার লড়াইয়ের কথা, অন্তঃপুর থেকে আইনশৃঙ্খলার দায়িত্ব নেওয়া লড়াইয়ের রূপরেখাও। কবি-অধ্যাপক অতীক মজুমদার বলেন, সাহিত্য হোক অথবা সংস্কৃতি অথবা রাজনীতি সব কিছুরই লক্ষ্য সমাজের কল্যাণ করা, মানবসম্পদ বিকাশ ঘটানো।

## সংবন্ধন

» ভগবতী দেবী শিক্ষা নিকেতন প্রাথমিক বিভাগের উদ্যোগে পালিত হল এক অভিনব কর্মসূচি 'শিক্ষার্থী-শিক্ষক-অভিভাবক সংবন্ধন শিবির'। শিক্ষাবর্ষের মূল্যায়ন, এগিয়ে-পিছিয়ে পড়ার সমীক্ষা শেষে আয়োজিত হল 'সংবন্ধন' কর্মশালা। ছাত্র-ছাত্রীদের একমুঠো রোদ ধরার আনন্দ, শিক্ষক-শিক্ষিকাদের তৃপ্তি এবং স্বস্তি-সহ অভিভাবকদের ঢল। শিক্ষারত্ন



শিক্ষক উৎপল মুখোপাধ্যায়, ড. সিদ্ধার্থশংকর মিশ্র প্রমুখের উপস্থিতিতে ফানুস উড়িয়ে অনুষ্ঠানের সূচনা হয়। বড়মোহনপুরে আচার্য জগদীশচন্দ্র বসু প্রকৃতিবীক্ষণ কেন্দ্রে। শেষ হয় অভিভাবক, শিক্ষার্থী ও শিক্ষকদের সৃজনশীল, বিনোদনমূলক খেলাধুলার ও পঙ্কজ-ভোজনে।



## আনন্দ অনুষ্ঠান

» ১২ ডিসেম্বর কলকাতার একটি পাঁচতারা হোটেলের গো এভরিহয়ার টুর অ্যান্ড ট্রাভেলস-এর উদ্যোগে আয়োজিত হয় সংস্থার সাত বছর পূর্তি অনুষ্ঠান। উপস্থিত ছিলেন অভিনেতা অনিবার্ণ ভট্টাচার্য-সহ অনেকেই। কাটা হয় কেক। সবাই মিলে মেতে ওঠেন আনন্দ অনুষ্ঠানে।





হংকংকে ৩-০ ফলে হারিয়ে প্রথমবার  
স্কোয়াশ বিশ্বকাপ চ্যাম্পিয়ন ভারত

## শীর্ষে আর্সেনাল, জিতল ম্যান সিটি মাঠে ফিরেই রুনিকে টপকে গেলেন সালাহ

লিভারপুল, ১৪ ডিসেম্বর : কোচ আর্নে স্লটের সঙ্গে ব্রামেলা মিটিয়ে লিভারপুলের জার্সিতে মাঠে ফিরলেন মহম্মদ সালাহ। আর নেমে নজির গড়লেন সালাহ। লিভারপুলও ২-০ গোলে ব্রাইটনকে হারিয়ে ১৬ ম্যাচে ২৬ পয়েন্ট নিয়ে প্রিমিয়ার লিগের ৬ নম্বরে উঠে এসেছে।

প্রিমিয়ার লিগে এক ক্লাবের হয়ে সবথেকে বেশি গোলে অবদান রাখার রেকর্ড এখন সালাহর। এই রেকর্ড ছিল ওয়েন রুনির দখলে। রুনি ম্যাঞ্চেস্টার ইউনাইটেডের ২৭৬টি গোলে (১৮৩টি গোল ও ৯৩টি অ্যাসিস্ট) অবদান রেখেছিলেন। ব্রাইটনের বিরুদ্ধে দলের দ্বিতীয় গোলে অবদান রাখার পর, লিভারপুলের জার্সিতে ২৭৭টি গোলে (১৮৮টি গোল ও ৮৯টি অ্যাসিস্ট) অবদান রাখলেন সালাহ।

ঘরের মাঠ অ্যানফিল্ডে খেলা শুরুর এক মিনিটেই এগিয়ে গিয়েছিল লিভারপুল। জো গোমেজের হেড থেকে বল পেয়ে গোল করেন হুগো একিতিকে। অন্যদিকে, সালাহকে শুরুতে রিজার্ভ বেঞ্চে বসিয়ে রেখেছিলেন লিভারপুল কোচ। কিন্তু ২৬ মিনিটে চোট পেয়ে মাঠ ছাড়তে বাধ্য হন জো গোমেজ। তাঁর পরিবর্ত হিসাবে মাঠে



বল নিয়ে এগোচ্ছেন সালাহ। ব্রাইটনের বিরুদ্ধে প্রিমিয়ার লিগের ম্যাচে।

নামেন সালাহ। ৬০ মিনিটে তাঁর পাস থেকে বল পেয়েই ব্যবধান দ্বিগুণ করেন একিতিকে। ৮ ম্যাচ পর লিভারপুলের কোনও গোলে অবদান রাখলেন মিশরীয় তারকা।

এদিকে, প্রিমিয়ার লিগের অন্য একটি ম্যাচে চেলসি ২-০ গোলে হারিয়েছে এভারটনকে। ২১ মিনিটে কোল পামারের গোলে এগিয়ে

গিয়েছিল চেলসি। ৪৫ মিনিটে ২-০ করেন মালো গুস্তো। অন্যদিকে, উলভসকে ২-১ গোলে হারিয়ে প্রিমিয়ার লিগের শীর্ষস্থান ধরে রেখেছে আর্সেনাল। এদিনের জয়ের পর, ১৬ ম্যাচে ৩৬ পয়েন্ট হল আর্সেনালের। অন্য ম্যাচে ম্যাঞ্চেস্টার সিটি ৩-০ গোলে হারিয়েছে ক্রিস্টাল প্যালেসকে।



### রাসেলদের হার

আবু ধাবি : ঝোড়ো হাফ সেঞ্চুরি করেও দলকে পরাজয়ের হাত থেকে বাঁচাতে পারলেন না আন্দ্রে রাসেল। মরুশহরে আয়োজিত আন্তর্জাতিক লিগ টি-২০-তে রাসেলের দল আবু ধাবি নাইট রাইডার্স ৯ রানে হেরে গিয়েছে দুবাই ক্যাপিটালসের বিরুদ্ধে। প্রথমে ব্যাট করে ২০ ওভারে ৫ উইকেটে ১৯৬ রান তুলেছিল দুবাই ক্যাপিটালস। পাল্টা ব্যাট করতে নেমে, রাসেলের ৩৩ বলে ৫৩ রানের ঝোড়ো ইনিংস সত্ত্বেও ২০ ওভারে ৮ উইকেট হারিয়ে ১৮৭ রানেই আটকে যায় আবু ধাবি নাইট রাইডার্স।

### উন্নতির খেতাব

ভুবনেশ্বর : ওড়িশা মাস্টার্স ব্যাডমিন্টন ১০০ টুর্নামেন্টে মেয়েদের সিঙ্গেলস চ্যাম্পিয়ন হলেন শীর্ষ বাছাই উন্নতি ছড়া। রবিবার ফাইনালে উন্নতি ২১-১৭, ২১-১০ সরাসরি গেমে হারিয়েছেন আরেক ভারতীয় শাটলার ইশারানি বড়ুয়াকে। প্রথম গেমে ইশারানি কিছুটা লড়াই করলেও, দ্বিতীয় গেমে উন্নতির সামনে দাঁড়াতেই পারেননি। প্রসঙ্গত, এই নিয়ে তৃতীয়বার কোনও মাস্টার্স ১০০ খেতাব জিতলেন উন্নতি। এই সাফল্যের সুবাদে, মেয়েদের সিঙ্গেলসের বিশ্ব ক্রমতালিকার ২৩তম স্থানে উঠে এসেছেন উন্নতি।

## গ্রিনের দাবি, ভুল করে শুধুই 'ব্যাটার'

অ্যাডিলেড, ১৪ ডিসেম্বর : আইপিএলের মিনি নিলামে তাঁর নাম ভুল করে অলরাউন্ডারদের বদলে ব্যাটারদের তালিকায় রাখা হয়েছে। সাফ জানালেন ক্যামেরন গ্রিন। মঙ্গলবার আবু ধাবিতে বসবে এই নিলামের আসর। অস্ট্রেলীয় অলরাউন্ডারের নাম রয়েছে আবার ব্যাটারদের তালিকায়। এই প্রসঙ্গে রবিবার গ্রিন বলেছেন, আমি জানি না, এটা কীভাবে হল। হয়তো আমার ম্যানেজার ভুল বক্সে টিক দিয়ে ফেলেছিলেন। আমি বল করার জন্য তৈরি। আমার ম্যানেজারও আমাকে অলরাউন্ডার হিসাবেই দেখতে চান। কিন্তু কোথাও একটা ভুল হয়ে গিয়েছে।

### আইপিএল নিলাম

প্রসঙ্গত, আন্দ্রে রাসেল অবসর নেওয়ার পর একজন বিদেশি অলরাউন্ডারের খোঁজে রয়েছে কলকাতা নাইট রাইডার্স। বিশেষজ্ঞদের ধারণা, নিলামে গ্রিনকে পেতে বাঁপাবে কেকেআর। অস্ট্রেলীয় অলরাউন্ডারের ন্যূনতম মূল্য ২ কোটি। তাঁকে পেতে আগ্রহী চেন্নাই সুপার কিংসও। তাই নিলামে গ্রিনের দর যে চড়চড়িয়ে বাড়বে, সেটা নিয়ে সংশয় নেই।

গ্রিনের বাড়তি সুবিধা, ভুলবশত ব্যাটারের তালিকায় থাকায় তাঁর নাম শুরুর দিকেই উঠবে। সেই সময় ফ্র্যাঞ্চাইজিদের হাতেও পর্যাপ্ত অর্থ থাকবে। যদি অলরাউন্ডারদের তালিকায় গ্রিন থাকতেন, তাহলে তাঁর নাম উঠত পরের দিকে। সেই সময় অনেকটাই অর্থ খরচ করে ফেলবে ফ্র্যাঞ্চাইজিগুলি। এদিকে, বুধবার থেকে শুরু হচ্ছে অ্যাসেসজের তৃতীয় টেস্ট। তার আগের দিন আইপিএল নিলামে কি চোখ রাখবেন গ্রিন। অস্ট্রেলীয় তারকা বলছেন, অবশ্য দেখব। সতীর্থদের সঙ্গে বসে নিলাম দেখতে মজাই লাগবে। সব মিলিয়ে এটা অনেকটা লটারির মতো।

## রাফিনহার দাপটে জিতল বার্সেলোনা

বার্সেলোনা, ১৪ ডিসেম্বর : লা লিগায় বার্সেলোনার স্বপ্নের দৌড় অব্যাহত। এবার ওসাসুনাকে ২-০ গোলে হারিয়ে রিয়াল মাদ্রিদের সঙ্গে পয়েন্টের ব্যবধান আরও বাড়িয়ে নিলেন লামিনে ইয়ামালরা। ১৭ ম্যাচে ৪৩ পয়েন্ট নিয়ে লিগের শীর্ষেই রয়েছে বার্সা। ১৬ ম্যাচে ৩৬ পয়েন্ট নিয়ে দ্বিতীয় স্থানে রিয়াল।

ক্যাম্প ন্যু-তে আয়োজিত ম্যাচে বার্সেলোনার দু'টি গোলই করেছেন রাফিনহা। শুরু থেকেই প্রাধান্য নিয়ে খেলেও, প্রথমার্ধে গোলমুখ খুলতে পারেননি ইয়ামালরা। অথচ ওসাসুনার গোল লক্ষ্য করে বিরতির আগেই ১৩টি শট নিয়েছিলেন

বার্সেলোনার ফুটবলাররা। দ্বিতীয়ার্ধেও সেই একই ছবি। একের পর এক আক্রমণের চেড তুলেও গোলের দেখা মিলছিল না।

অবশেষে ৭০ মিনিটে রাফিনহার গোলে স্বস্তি। ৮৬ মিনিটে ব্যবধান দ্বিগুণ করেন সেই রাফিনহা। চলতি লিগে যা ব্রাজিলীয় তারকার ছ'নম্বর গোল। ম্যাচের পর বার্সেলোনা কোচ হ্যাস্পি ব্লিক বলেছেন, দল এই মুহূর্তে খুব ভাল ফর্মে রয়েছে। জরুরি হল, এই ছন্দ ধরে রাখা। কারণ ম্যারাথন লিগে এখনও অনেক ম্যাচ বাকি। তাই আত্মতৃপ্তিতে ভুগলে চলবে না।

এদিকে, রবিবার ভারতীয় সময় গভীর রাতেই রিয়াল মাঠে নামছে আলাভেজের বিরুদ্ধে। সব টুর্নামেন্ট মিলিয়ে শেষ ৮ ম্যাচে মাত্র দু'টিতে জয় পেয়েছে রিয়াল। কোচ জাবি আলোসোর চেয়ারও টলমল। গোদের উপর বিষফোঁড়ার মতো এই ম্যাচেও কিলিয়ান এমবাপের মাঠে নামা নিয়ে সংশয় রয়েছে।



রাফিনহাকে নিয়ে উচ্ছ্বাস সতীর্থদের।

## ফাস্ট অ্যান্ড ফিউরিয়াস-এ রোনাল্ডো

নিউ ইয়র্ক, ১৪ ডিসেম্বর : সবুজ ঘাসের মাঠ ছেড়ে এবার রুপোলি পদারি ক্রিশ্চিয়ানো রোনাল্ডো! তেমনটাই ইঙ্গিত দিয়েছেন ভিন ডিজেল। হলিউড তারকা জানিয়েছেন, সুপারহিট ফ্র্যাঞ্চাইজি ফাস্ট অ্যান্ড ফিউরিয়াস-এ অভিনয় করতে পারেন রোনাল্ডো। কারণ তিনি পর্তুগিজ তারকার জন্য একটি রোল লিখছেন।

ইনস্টাগ্রামে রোনাল্ডোর সঙ্গে নিজের একটি ছবি পোস্ট করেছেন ভিন ডিজেল। সঙ্গে লিখেছেন, সবাই আমাকে প্রশ্ন করছেন, ও কি ফাস্ট অ্যান্ড ফিউরিয়াস ফ্র্যাঞ্চাইজিতে যোগ দিচ্ছে? আমার উত্তর হল, যোগ দিতেই পারে। ওর জন্য আমরা একটা দারুণ রোল লিখছি। হলিউড অভিনেতার এই পোস্টের পরেই সাড়া পড়ে গিয়েছে রোনাল্ডো ভক্তদের মধ্যে। তাহলে কি ফাস্ট অ্যান্ড ফিউরিয়াসের মতো সুপারহিট

ছবিতে অভিনয় করতে চলেছেন সিআর সেভেন! ৪০ বছর বয়সি রোনাল্ডো এই বয়সেও দারুণ ফর্মে। প্রায় প্রতি ম্যাচেই গোল করছেন। সম্প্রতি এক সাক্ষাৎকারে পর্তুগিজ মহাতারকা জানিয়েছিলেন, তাঁর অবসরের সময় ক্রমশ এগিয়ে আসছে। ফুটবলকে বিদায় জানানোর পর, নিজেকে অন্য ভূমিকায় দেখতে চান। রোনাল্ডোর ওই মন্তব্যের পরেই ভিন ডিজেলের এই পোস্ট। ফলে ফুটবলার রোনাল্ডোকে এবার অভিনেতার ভূমিকায় দেখার জন্য মুখিয়ে রয়েছেন ভক্তরা। তবে সামনেই ফুটবল বিশ্বকাপ। রোনাল্ডোর যাবতীয় ফোকাস এখন বিশ্বকাপে। তাই কবে তাঁকে রুপোলি পদারি দেখা যাবে, তাই নিয়ে সংশয় রয়েছে।



হলিউড অভিনেতা ভিন ডিজেলের সঙ্গে ফুটবলের মহাতারকা রোনাল্ডো।

### এবার পর্দায়





ফিফার বর্ষসেরা  
'দ্য বেস্ট'  
পুরস্কার বিজয়ীর  
নাম ঘোষণা  
মঙ্গলবার দোহায়

# মাঠে ময়দানে

15 December, 2025 • Monday • Page 15 || Website - www.jagobangla.in

১৫

১৫ ডিসেম্বর  
২০২৫

সোমবার

## জার্সি উপহার শচীনের, মেসি-ম্যাজিক মুম্বইয়ে

প্রতিবেদন: হায়দরাবাদের পর মুম্বই। কানায়-কানায় পূর্ণ ওয়াংখেড়ে স্টেডিয়ামে বল পায়ে মাঠে নেমে পড়লেন লিওনেল মেসি। খুদেদের সঙ্গে খেললেন, পেনাল্টি মারলেন, হেলায় গোলও করলেন। শট মেরে বল পাঠালেন গ্যালারিতেও।

মেসির মধ্যে চাঁদের হাট। এলএম টেনের দুই সতীর্থ লুইস সুয়ারেজ, রডরিগো ডি'পল তো ছিলেনই। মেসির পাশে এবার শচীন তেডুলকার ও সুনীল ছেত্রীর মতো ভারতীয় ক্রীড়ার অন্যতম দুই সেরা আইকন।

ওয়াংখেড়ে শচীনের ঘরের মাঠ। এখানে তাঁর অনেক সাফল্যের কোহিনুর। মেসি-শচীনের যুগলবন্দী দেখে পাগলপারা ভক্তরা। মাঠ প্রদক্ষিণ করে অনুরাগীদের অভিবাদন গ্রহণ করলেন মেসি, সুয়ারেজ, ডি'পল। খুদেদের সঙ্গে মেসি, সুয়ারেজদের ফুটবল খেলার সময় উত্তাল হল গ্যালারি। খুদে ফুটবলারদের সঙ্গে জমিয়ে পাস খেললেন মেসি। কয়েকজনের স্কিল দেখে পিঠ চাপড়ে দিলেন। মেসিরা যে সুনীলকে ভাল করেই চেনেন, সেটাও বোঝা গেল। নিজের সুই করা আর্জেন্টিনার জার্সি সুনীলকে উপহার দেন এলএম টেন।

মধ্যে যখন শচীনকে ডাকা হল তখন ওয়াংখেড়ে জুড়ে গর্জন। ২০১১ বিশ্বকাপে খেলা তাঁর ১০ নম্বর নীল জার্সি মেসিকে উপহার দিলেন শচীন। পাণ্টা বিশ্বকাপ বল



■ ২০১১ বিশ্বকাপ জয়ের জার্সি মেসিকে উপহার দিলেন শচীন। মুম্বইয়ে।

মাস্টার ব্লাস্টারের হাতে তুলে দেন মেসি। আগুত শচীন দর্শকদের উদ্দেশ্যে বলেন, এই মাঠে আমি কিছু স্মরণীয় মুহূর্তের সাক্ষী থেকেছি। মুম্বই শহর অনেক স্বপ্নপূরণের ঠিকানা। আপনাদের সমর্থন ছাড়া আমরা কখনও এই মাঠে ২০১১-তে সোনালি মুহূর্ত আনতে পারতাম না।

মেসি মাঠে ঢুকেই হাত মেলালেন প্রীতি ম্যাচে অংশ নেওয়া ফুটবলারদের সঙ্গে। সুনীল ছাড়াও

খেলেন নিখিল পূজারি, রাহুল ভেঙ্কে, আশুতোষ মেহেতার মতো ভারতীয় তারকারা। অতিথিদের মধ্যে অজয় দেবগণ, টাইগার শ্রফের মতো বলিউড তারকারাও মেসির অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

শেষে তিন দেশের পতাকা নিয়ে ছবি তোলেন তারকারা। মেসি ও শচীনের হাতে ছিল ভারতের পতাকা, সুয়ারেজের হাতে ছিল উরুগুয়ের পতাকা এবং ডি'পল হাতে নিয়েছিলেন আর্জেন্টিনার পতাকা।

### জিতল দুই প্রধান

প্রতিবেদন: ফেডারেশনের অনূর্ধ্ব ১৮ যুব লিগে জয় দুই প্রধানের। রবিবার বিধাননগর পুরসভা কমপ্লেক্সের মাঠে ইস্টবেঙ্গল ২-০ গোলে হারায় ডায়মন্ড হারবার এফসি-কে। লাল-হলুদের হয়ে গোল দু'টি করেন সাহিল খান ও জেমস চংলৈ। যুব লিগের অন্য ম্যাচে মাঠে নেমেছিল মোহনবাগানও। কালনার মাঠে এসকেএম স্পোর্টস ফাউন্ডেশনকে ৩-০ গোলে উড়িয়ে দেয় সবুজ-মেরুনের ছোটরা। জোড়া গোল করেন প্রেম হাঁসডাক। অপর গোলদাতা মনু রাজবংশী।

### গ্রেফতার আরও দুই

প্রতিবেদন: ঘরোয়া লিগে গড়াপেটা-কাণ্ডে আরও দু'জনকে গ্রেফতার করল পুলিশ। গড়াপেটা চক্রের মূল পাণ্ডা খিদিরপুর কর্তা আকাশ দাসকে সবার আগে গ্রেফতার করেছিল কলকাতা পুলিশের তদন্তকারী অফিসাররা। এরপর আরও একজনকে গ্রেফতার করা হয়েছিল। এবার গড়াপেটা চক্র আকাশের আরও দুই সঙ্গীকে গ্রেফতার করল পুলিশ। দ্রুত জাল গুটিয়ে আনার চেষ্টা পুলিশের।

### ১ পয়েন্ট বাংলার

প্রতিবেদন : অনূর্ধ্ব ১৬ বিজয় মার্চেন্ট ট্রফিতে ঝাড়খণ্ডের বিরুদ্ধে ১ পয়েন্ট পেয়েই সন্তুষ্ট থাকতে হল বাংলাকে। অন্যদিকে, প্রথম ইনিংসে লিড নেওয়ার সুবাদে ৩ পয়েন্ট পেলে ঝাড়খণ্ড। রবিবার ছিল ম্যাচের শেষ দিন। বাংলা নিজেদের দ্বিতীয় ইনিংসে ৬ উইকেটে ১৬১ রান তোলার পরেই ম্যাচ ড্র বলে ঘোষণা করেন আম্পায়াররা। এলিট গ্রুপ সি-তে বাংলা ২ ম্যাচে ৪ পয়েন্ট নিয়ে রয়েছে চার নম্বরে।

## ফাজিলার দাপটে ফাইনালে ইস্টবেঙ্গল

প্রতিবেদন: মেয়েদের সাফ ক্লাব চ্যাম্পিয়নশিপে জয়ের হ্যাটট্রিক ইস্টবেঙ্গলের। রবিবার কাঠমাডুর দশরথ স্টেডিয়ামে মশালবাহিনী ৭-১ গোলে উড়িয়ে দিল বাংলাদেশের নাসরিন এসএ-কে। হ্যাটট্রিক-সহ পাঁচ গোল করে ইস্টবেঙ্গলের জয়ের কাণ্ডারি ফাজিলা ইকবাপুট। বাকি দু'টি গোল করেন জ্যোতি চৌহান ও সুলজ্ঞনা রাউল। এদিনের জয়ের ফলে সাফ চ্যাম্পিয়নশিপের ফাইনালে পৌঁছে গেল ইস্টবেঙ্গল।

প্রথম দুই ম্যাচে ছ'গোল করেছিল ইস্টবেঙ্গলের মেয়েরা। ফলে তিন ম্যাচে ৯ পয়েন্ট নিয়ে গ্রুপ শীর্ষে থেকেই ফাইনালে গেল ইস্টবেঙ্গল। ঝড়ের গতিতে শুরু করে গোটা ম্যাচে বাংলাদেশের মেয়েদের উপর কর্তৃত্ব করে জিতলেন সুলজ্ঞনারা। ফাজিলাকে আটকাতে পারেনি নাসরিনের রক্ষণ। একের পর এক গোল করে নাসরিনের মনোবল ভেঙে দেন ফাজিলা। ফাজিলা হ্যাটট্রিক পূর্ণ করে একাই পাঁচ গোল করেন।

ফাইনালের প্রতিপক্ষ নিয়ে ভাবছেন না ইস্টবেঙ্গলের কোচ অ্যাঙ্কন অ্যাড্ডুজ। এখনও গ্রুপের একটি ম্যাচ বাকি। ইস্টবেঙ্গল কোচ বললেন, ফাইনালের আগে শেষ ম্যাচটিও জিততে চাই আমরা। ধারাবাহিকতা বজায় রাখাই লক্ষ্য।



■ হ্যাটট্রিক-সহ ৫ গোল ফাজিলার।

## রবির জোড়া গোলে জিতল রয়্যাল সিটি

প্রতিবেদন: বাংলার ভূমিপুত্র তুলে আনার লক্ষ্যে শ্রাচী স্পোর্টসের উদ্যোগে সাড়সুরে শুরু হল বেঙ্গল সুপার লিগ। রবিবার মালদায় বিএসএলের জমকালো উদ্বোধনও হল। উদ্বোধনী ম্যাচে নর্থবেঙ্গল ইউনাইটেড ৩-১ গোলে হারাল জেএইচআর রয়্যাল সিটি এফসি। জোড়া গোলে নায়ক গত মরশুমে বাংলার সন্তোষ ট্রফি জয়ী দলের সর্বোচ্চ গোলদাতা রবি হাঁসদা।

কলকাতা লিগে বিদেশি ফুটবলার খেলানোর নিয়ম নেই।

সেখানে বিএসএলে বিদেশি খেলানো যাচ্ছে। রয়্যাল সিটির হয়ে খেলছেন ময়দানের পরিচিত মুখ প্রিয়ন্ত সিং, রবিরা। তবে এদিন খেলার ৭ মিনিটেই পর্ভুগিজ ফুটবলার পাওলো মোরাইসের গোলে এগিয়ে যায় সিটি। ৩২ মিনিটে ব্যবধান দ্বিগুণ করেন রবি। দ্বিতীয়ার্ধের শুরুতেই আদামা কুলিবালির আত্মঘাতী গোলে ব্যবধান কমায়ে নর্থবেঙ্গল। উত্তরবঙ্গের দলটি আর গোল করতে পারেনি। ম্যাচের সংযুক্ত সময়ে রবির আরও একটি গোলে জয় নিশ্চিত করে রয়্যাল সিটি।

মালদায় এদিন উদ্বোধনী ম্যাচ শুরুর আগে গান গাইলেন দোয়েল গোস্বামী। উপস্থিত ছিলেন আইএফএ সভাপতি অজিত বন্দ্যোপাধ্যায়, সচিব অনিবার্ণ দত্ত, শ্রাচী স্পোর্টসের এমডি রাহুল টোডি, চেয়ারম্যান তমাল ঘোষাল প্রমুখ। ঘোষণা করা হল, বিএসএল চ্যাম্পিয়নরা সরাসরি সুযোগ পাবে আইএফএ শিল্ডে।

### শুরু বিএসএল



■ রবির গোল-উৎসব। রবিবার

## ফেডারেশনের ছাড়পত্র নিতে হতে পারে প্রাইভেট ইভেন্টেও

প্রতিবেদন: লিওনেল মেসিকে না দেখতে পাওয়ার ক্রোধে যুবভারতী ক্রীড়াঙ্গনে উন্মত্ত জনতার তাণ্ডব দেখেছে গোটা বিশ্ব। কাঠগড়ায় গোট ইন্ডিয়া ট্রায়ের মূল উদ্যোক্তা শতদ্রু দত্ত। শনিবার যুবভারতীতে কলঙ্কিত ঘটনার পর গ্রেফতার হয়েছেন শতদ্রু। জামিন খারিজ করে রবিবার অভিযুক্তকে ১৪ দিনের পুলিশি হেফাজতের নির্দেশ দিয়েছে আদালত। অতিরিক্ত আত্মবিশ্বাসই শতদ্রুকে ডুবিয়েছে, বলছেন ময়দানে অভিযুক্তের ঘনিষ্ঠরাই। সর্বভারতীয় ফুটবল ফেডারেশন এবং আইএফএ যুবভারতীর ঘটনা থেকে শিক্ষা নিতে চাইছেন।

ফেডারেশন সূত্রে জানা গিয়েছে,

ভবিষ্যতে বিশ্ব ফুটবলের অন্যতম সেরা তারকাদের ভারতে এনে কোনও অনুষ্ঠান করতে হলে নিয়ামক সংস্থার অনুমতি নিতে হতে পারে। এআইএফএফ-এর এক কর্তা বললেন, আমরা কলকাতার ঘটনা থেকে শিক্ষা নিলাম। আমরা উদ্বিগ্ন। আগামী দিনে কোনও প্রাইভেট ইভেন্ট হলেও আয়োজকদের এআইএফএফ এবং সংশ্লিষ্ট রাজ্য ফুটবল সংস্থার অনুমতি নেওয়া বাধ্যতামূলক করা হতে পারে। কলকাতার ঘটনা নিয়ে ফেডারেশনের কার্যকরী কমিটির সভায় নিশ্চয় আলোচনা হবে।

আইএফএ সচিব অনিবার্ণ দত্ত বললেন, মেসির ইভেন্ট নিয়ে

যুবভারতীতে যা ঘটল, বিশ্বের কাছে বাংলার মুখ পুড়ল। মেসির মতো বিশ্ব ফুটবলের সেরা তারকা কলকাতায় এলেন। ম্যাচ না থাকলেও বাংলার গর্ব যুবভারতীতে ফুটবল সংক্রান্ত অনুষ্ঠানের জন্য তিনি পা রাখলেন। অথচ অনুষ্ঠান নিয়ে আইএফএ কিছুই জানতে পারল না। ফেডারেশন তো দূর অস্ত। আমার মনে হয়, প্রাইভেট ইভেন্টের জন্যও এআইএফএফ এবং রাজ্য ফুটবল সংস্থার অনুমতি নেওয়া বাধ্যতামূলক করা উচিত। বিষয়টি অবশ্যই গুরুত্ব দিয়ে ভাবা উচিত ফেডারেশনের।

মেসি-ইভেন্টের উদ্যোক্তার এক ঘনিষ্ঠ ক্লাব কর্তা বললেন,



■ যুবভারতীর ভাঙচুরের ছবি।

আত্মতৃপ্তিতেই ভুল করেছে। শতদ্রুর বোঝা উচিত ছিল, মুম্বই-দিল্লি-হায়দরাবাদের মতো পরিস্থিতি কলকাতায় থাকবে না। এখানে মানুষের আবেগ অনেক বেশি। তাই পরিকল্পনা নিখুঁত থাকা প্রয়োজন ছিল। কলকাতায় সেটা ছিল না।





অর্শদীপ সিং ও  
জসপ্রীত বুমরার পর  
টি-২০ ক্রিকেটে ১০০  
উইকেট হয়ে গেল  
হার্দিক পাণ্ডিয়ার

## পাকিস্তানকে উড়িয়ে সেমিফাইনালে ভারত

### অনূর্ধ্ব ১৯ এশিয়া কাপ



■ ম্যাচের সেরা কনিঙ্কর আরও একটি উইকেট। উচ্ছ্বাস সতীর্থদের। রবিবার।

দুবাই, ১৪ ডিসেম্বর : অনূর্ধ্ব ১৯ এশিয়া কাপে পাকিস্তানকে কার্যত উড়িয়ে দিল ভারত। রবিবার বৈভব সূর্যবংশীরা ম্যাচ জিতলেন ৯০ রানের বড় ব্যবধানে। প্রথমে ব্যাট করে ৪৬.১ ওভারে ২৪০ রানে অলআউট হয়ে গিয়েছিল ভারত। জবাবে পাকিস্তানের ইনিংস ৪১.২ ওভারে মাত্র ১৫০ রানেই গুটিয়ে যায়। ব্যাট ও বলে দুরন্ত পারফরম্যান্স করে ম্যাচের সেরা ভারতের কনিঙ্ক চৌহান।

তবে এই ম্যাচেও পাক ক্রিকেটারদের সঙ্গে দূরত্ব বজায় রাখলেন ভারতীয়রা। টসের সময় পাক অধিনায়ক ফারহান ইউসুফের সঙ্গে করমর্দন করলেন না ভারত অধিনায়ক আয়ুষ মাত্রো। সবার নজর ছিল বৈভবের দিকে। কিন্তু আগের ম্যাচে বোড়ো সেঞ্চুরি হাঁকানো টিনএজার ওপেনার মাত্র ৫ রান করেই আউট হয়ে যান। যদিও দ্বিতীয় উইকেটে ৫৭ রান যোগ করে পরিস্থিতি সামাল দেন আয়ুষ ও

অ্যারন জর্জ। ২৫ বলে ৩৮ করে প্যাভিলিয়নে ফেরেন আয়ুষ। এরপর ঘনঘন উইকেট পড়লেও, অ্যারন ৮৮ বলে ৮৫ রানের দায়িত্বপূর্ণ ইনিংস খেলে দেন। এরপর ৪৬ বলে ৪৬ রান করেন কনিঙ্ক।

পাল্টা ব্যাট করতে নেমে ভারতীয় বোলারদের দাপটে একের পর এক উইকেট হারাতে থাকে পাকিস্তান। হুজাইফা আহসান চাপের মুখে ৮৩ বলে ৭০ রান না করলে, পাকিস্তানের রান একশোর গণ্ডিও পার করতে পারত না। এছাড়া দু'অঙ্কের রান পেয়েছেন মাত্র দু'জন পাক ব্যাটার। ফারহান ইউসুফ (২৩) এবং উসমান খান (১৬)। ব্যাট হাতে ৪৬ রান করার পর বল হাতে ৩৩ রানে ৩ উইকেট শিকার করেন অফস্পিনার কনিঙ্ক। ১৬ রানে ৩ উইকেট নেন পেসার দীপেশ দেবেন্দ্রম। ৩৩ রানে ২ উইকেট দখল করেন আরেক পেসার কিয়ান সিং। ব্যাটে ব্যর্থ হলেও, বল হাতে ১ উইকেটে নিয়েছেন বৈভব।

এদিনের জয়ের পর, টানা দু'ম্যাচ জিতে ৪ পয়েন্ট নিয়ে গ্রুপ 'এ'-র শীর্ষে রইল ভারত। বৈভবদের পরের ম্যাচ মঙ্গলবার। দুর্বল মালয়েশিয়ার বিরুদ্ধে।



■ জয়ের ভিত গড়ে দিয়ে গেলেন অভিষেক। রবিবার ধর্মশালায়।

## সিমাররা জেতালেও চিন্তা সূর্য ও শুভমনে

দক্ষিণ আফ্রিকা ১১৭ (২০ ওভার)  
ভারত ১২০/৩ (১৫.৫ ওভার)

ধর্মশালা, ১৪ ডিসেম্বর : সিমারদের হাতে দাপুটে জয়। ঠিক বিশ্ব চ্যাম্পিয়নের মতোই। রবিবার ধর্মশালায় ৪.১ ওভার বাকি রেখে জিতল ভারত। সূর্যকুমার যাদবরা ৭ উইকেটে জিতে সিরিজে ২-১-এ এগিয়ে গিয়েছেন। বাকি দুই ম্যাচে এখন দক্ষিণ আফ্রিকার কাছে কঠিন চ্যালেঞ্জ।

জেতার জন্য ১১৮ রান দরকার ছিল ভারতের। ঠান্ডা আর শিশিরে ধর্মশালার পাটা উইকেট কেন জানি স্লো হয়ে গিয়েছিল। শিশির এর অন্যতম কারণ। এতে খেলা যত গড়াল ততই পরিস্থিতি কঠিন হল। তবে ভারত অনায়াসে জিতলেও কিছু প্রশ্ন থেকেই গেল। জানসেনের বলে একবার ডিআরএসে লেগ বিফোর থেকে বেঁচেও শুভমন গিলের দুঃসময় কাটল না। তিনি সেই জানসেনকেই ২৮ রানে উইকেট দিয়ে এসেছেন।

আরেকজন সূর্য। তিনি ১২ রান করেছেন। এই শুভমন আর সূর্যর অফ ফর্ম ভারতীয় ড্রেসিংরুমকে চিন্তায় ফেলেছে। বিশেষ করে টি-

২০ বিশ্বকাপের আর যখন ৭ ম্যাচ বাকি। ওপেনার অভিষেক শর্মা যথার্থি মার মার করে খেলে ১৮ বলে ৩৫ রান করেছেন। পরে তিলক ভার্মা ২৬ ও শিবম দুবে ১০ রান করে নট আউট থেকে যান। বিশাখাপত্তনমে ভারত জেতার পর নিউ চণ্ডীগড়ে সিরিজ ১-১ করে দিয়েছিল দক্ষিণ আফ্রিকা। ধর্মশালায় ভারত আবার এগিয়ে গেল। পরের ম্যাচ লখনউয়ের একানা স্টেডিয়ামে বুধবার।

জসপ্রীত বুমরা কেন দলে নেই তার ব্যাখ্যা দিয়েছে বোর্ড। তারা জানিয়েছে, ব্যক্তিগত কারণে বুমরা বাড়ি ফিরে গিয়েছেন। বাকি মাচগুলিতে তাঁকে পাওয়া যাবে কি না সেটা পরে জানানো হবে। বুমরার জায়গায় দলে এলেন হর্ষিত রানা। এছাড়া কুলদীপ যাদবকে খেলানো হল অলরাউন্ডার অক্ষর প্যাটেলের জায়গায়। বোর্ড অক্ষরকে নিয়ে গিলের দুঃসময় কাটল না। তিনি সেই জানসেনকেই ২৮ রানে উইকেট দিয়ে এসেছেন।

ধর্মশালায় বেশ ঠান্ডা। তার উপর,

পরে বল করতে গেলে শিশির সমস্যায় পড়ার সম্ভাবনা ছিল। যেটা হয়েছেও। সূর্য তাই টসে জিতে আগে দক্ষিণ আফ্রিকাকে ব্যাট করতে দেন। সিদ্ধান্তটা যে সঠিক ছিল তার প্রমাণ ৭ রানে ৩ উইকেট পড়ে যায় আফ্রিকানদের। প্রথম ধাক্কা দেন অর্শদীপ সিং। তুলে নেন রেজা হেনড্রিকসকে (০)। রান তখন ১। এরপর ডি'কক (১) ও ব্রেভিস (২) হর্ষিতের শিকার। ব্রেভিস অবশ্য অফ স্ট্যাম্পের অনেক বাইরের বলে ব্যাট চালিয়ে বল স্ট্যাম্পে নিয়ে আসেন।

দক্ষিণ আফ্রিকা অবশ্য এরপরও ১১৭ রান তুলতে পেরেছে। আর সেটা অধিনায়ক মার্করামের জন্য। তিনি ৪৬ বলে ৬১ রান করে যান। ছ'টি চার ও দুটি ছক্কা। গোটা সফরে মার্করাম প্রচুর রান করেছেন। তিনি ছাড়া শেষদিকে ডনোভান ফেরেরিরা ২০ রান করেন। ভারতীয় বোলারদের মধ্যে অর্শদীপ, বরুণ, কুলদীপ ও হর্ষিত দুটি করে উইকেট নিয়েছেন। একটি করে উইকেট নেন হার্দিক ও শিবম দুবে। যার অর্থ সিমাররাই ম্যাচের ভাগ্য গড়ে দিয়েছেন। সবথেকে কৃপণ বোলিং করেছেন অর্শদীপ। তিনি চার ওভারে দেন মোটে ১৩ রান।

### চিত্র সাংবাদিককে ধাক্কা নিরাপত্তারক্ষীর

## তিনে স্টোকস? ইঙ্গিত কোচের



অ্যাডিলেড, ১৪ ডিসেম্বর : এমনিতেই অ্যাসেজে ইংল্যান্ড ০-২ পিছিয়ে পড়েছে। তার মধ্যে আবার এক চিত্র সাংবাদিকের সঙ্গে গন্ডগোলে জড়িয়েছেন দলের এক নিরাপত্তারক্ষী। যাকে ইংল্যান্ড কোচ ব্রেভান ম্যাকালাম অনভিপ্রেত ঘটনা বলে বর্ণনা করেছেন। তাঁকে ব্রিসবেন বিমানবন্দরের ঘটনা নিয়ে প্রশ্ন করা হয়। সেখানে চ্যানেল সেভেনের ক্যামেরাম্যান ইংল্যান্ড দলের ছবি তুলছিলেন। এক নিরাপত্তারক্ষী ওই ক্যামেরাম্যানের বুক ধাক্কা দেন। ঘটনা নিয়ে সংশ্লিষ্ট ক্যামেরাম্যান বলেছেন, তিনি এসকেলেটর থেকে নামা ক্রিকেটারদের ছবি তুলতে যেতেই এই নিরাপত্তারক্ষী বলতে থাকেন মুখের সামনে থেকে সরে যাও। ম্যাকালাম বলেছেন, তিনি ঘটনাটি দেখেননি। তবে এমন না হলেই ভাল হত। তিনি দাবি করেন, অস্ট্রেলিয়ায় আসার পর তাঁদের প্রচুর নিরাপত্তার মধ্যে থাকতে হচ্ছে। কিন্তু তার মধ্যেও তাঁরা এসবে নিজেদের মানিয়ে নিয়েছেন। ম্যাকালামের কথায়, আমরা কিন্তু অস্ট্রেলিয়ার সমস্ত চ্যালেঞ্জ দূরে ঠেলে দিতে প্রস্তুত। আমরা এই সফর উপভোগ করছি। দ্বিতীয় টেস্টের পর দুটি দল লম্বা ব্রেক পেয়েছে। ম্যাকালাম জানান এক বছর আগেই এই শিডিউল তৈরি হয়েছিল। ম্যাকালাম জানান, অধিনায়ক স্টোকসকে তিনে ব্যাট করতে পাঠানোর কথা ভাবা হচ্ছে। এছাড়া টপ সেভেন ব্যাটার একই থাকবে। তা সে অস্ট্রেলিয়া যতই প্যাট কামিন্স আর নাথান লিয়নকে ফিরিয়ে আনুক। তিনি বলেছেন, দল নিয়ে বেশি পরীক্ষা-নিরীক্ষা তাঁর পছন্দ নয়।

### ৪৮ বলে ১০০, জেতালেন যশস্বী



পূর্ণে, ১৪  
ডিসেম্বর : সৈয়দ  
মুস্তাক আলি  
ট্রফিতে মুম্বইয়ে  
খেলেতে নেমে  
বোড়ো সেঞ্চুরি

হাঁকালেন যশস্বী জয়সওয়াল। রবিবার হরিয়ানার বিরুদ্ধে মাত্র ৪৮ বলে ১০০ করেন যশস্বী। শেষ পর্যন্ত তিনি ৫০ বলে ১০১ রান করে আউট হন। যশস্বীর সেঞ্চুরির সৌজন্যে টুর্নামেন্টের সুপার লিগের 'বি' গ্রুপের ম্যাচটা ৪ উইকেটে জিতেছে মুম্বই। প্রথমে ব্যাট করে ২০ ওভারে ৩ উইকেটে ২৩৪ রান তুলেছিল হরিয়ানা। অক্ষিত কুমার সবাচ্চি ৮৯ রান করেন। ৬৩ রানে নট আউট থাকেন নিশান্ত সান্থু। পাল্টা ব্যাট করতে নেমে, ১৭.৩ ওভারে ৬ উইকেটে ২৩৮ রান তুলে ম্যাচ জিতে নেয় মুম্বই। যশস্বী ছাড়া সরফরাজ খান ২৫ বলে ৬৪ রান করেন।